বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগের আওতায় ২০১৯-২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ	০৬	৫	১	০	৫	৫	• ৩৭.৫০% • ২৮৩.৩৩%	৫	• -৩১.৫৯% • ৭৮.৩৯%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০৬ (ছয়)

২। প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

ক) প্রকল্প গ্রহণের সময় সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি পায়;

খ) প্রকল্প মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) কিছু কিছু কারিগরি কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় বিধায় প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়;

ঘ) প্রকল্পের জন্য প্রযোজ্য জমি অধিগ্রহণ পৃথকভাবে না করায় প্রকল্প বাস্তবায়নের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
৩.২ Feasibility Study'র সুপারিশ অনুসরণ না করা	ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্নের জন্য যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা এবং সুপারিশের আলোকে ব্যবস্থা করতে হবে;
৩.৩ কূপের ওয়ার্কওভার কাজে বিঘ্ন না ঘটা	ভবিষ্যতে Blowout preventer control systems (BOP) সরবরাহে দেরী হওয়ায় যাতে কোন কূপের ওয়ার্কওভার কাজে বিঘ্ন না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকতে হবে এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩.৪ ডিপিপি/ টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;
৩.৫ দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতাকে ব্যবহার করা	বাংলাদেশের অভ্যন্তরে দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতা উন্নীতকরণসহ সরকারী অর্থ সাশ্রয়করণের নিমিত্তে সকল গ্যাসক্ষেত্রের আওতায় ওয়ার্কওভার সংক্রান্ত কাজে যাতে বাপেক্স এর নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত রিগটি ব্যবহার করা হয় সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থা তার অধীনস্থ সকল প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
৩.৬ সমজাতীয় প্রকল্প বাস্তবায়নের	ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যাতে নির্ধারিত সময়ের

সমস্যা	সুপারিশ
অভিজ্ঞতাকে কাজে না লাগানো	মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা যায় সেজন্য এ প্রকল্পের অভিজ্ঞতাসমূহ অনুসরণ করতে হবে
৩.৭ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.৮ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ	নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.৯ প্রাপ্ত তথ্যাদির কারিগরী প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন আন্তর্জাতিক মানের Software ব্যবহারপূর্বক বিশ্লেষণ	যে কোন দেশের ভূগর্ভস্থ খনিজ সম্পদ বিশেষত তেল ও গ্যাস অনুসন্ধান একটি ধারাবাহিক প্রক্রিয়া। তেল ও গ্যাস অনুসন্ধান কার্যক্রম অধিকতর দক্ষতা, নিপুণতার এবং অর্থনৈতিকভাবে লাভজনকভাবে সম্পাদনের জন্যই বিভিন্ন প্রকার সার্ভে করা হয়ে থাকে। সার্ভের মাধ্যমে প্রাপ্ত ডাটা দক্ষতা ও বুদ্ধিমত্তার সাথে এনালাইসিস করাও খুব গুরূত্বপূর্ণ। সাইসমিক ডাটা সংগ্রহ প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির কারিগরী প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন আন্তর্জাতিক মানের Software ব্যবহারপূর্বক বিশ্লেষণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ পরামর্শক নিয়োগের মাধ্যমে তথ্য বিশ্লেষণ করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

সমাপ্ত প্রকল্পের মৌলিক তথ্য:

১।	প্রকল্পের নাম	:	ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট
২।	বাস্তবায়নকারী সংস্থা	:	রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল)
৩।	প্রকল্পের ধরন	:	বিনিয়োগ প্রকল্প
৪।	প্রকল্পের অর্থায়ন	:	জিওবি (লোন) এবং সংস্থার নিজস্ব-অর্থায়ন
৫।	প্রকল্প পরিচালকের নাম	:	জনাব প্রশান্ত কুমার সূত্রধর, নির্বাহী প্রকৌশলী, আরপিসিএল।
৬।	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	:	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ।

৭। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	মুন্সীগঞ্জ	মৌজাঃ ষোলআনী ও দৌলতপুর, ইউনিয়নঃ ইমামপুর, উপজেলাঃ গজারিয়া।

৮। **প্রকল্প অনুমোদ, ব্যয় ও বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:**

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
জিওবিঃ ৪৫,৭২৫.৪০ সংস্থাঃ ৪,৬৯৭.৮৮ মোটঃ ৫০,৪২৩.২৮	জিওবিঃ ৪৩,৯২০.৭০ সংস্থাঃ ৬,৪৪৬.৯০ মোটঃ ৫০,৩৬৭.৬০	৩৭,৫০০.৮৭	০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০১৮	০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০২০	০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০২০	-২৫.৬২%	২ বছর ১০০%

৯। প্রকল্পের ব্যয়/মেয়াদ সংশোধন সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃ সাঃ	নিজস্ব			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৫০,৪২৩.২৮	৪৫,৭২৫.৪০	-	৪,৬৯৭.৮৮	০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০১৮	একনেক কর্তৃক অনুমোদন ১৪/০৬/২০১৬	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম)	৫০,৪২৩.২৮	৪৫,৭২৫.৪০	-	৪,৬৯৭.৮৮	০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০১৯	২০.০৬.২০১৮	-	৫০%
১ম সংশোধিত	৫০৩৬৭.৬০	৪৩৯২০.৭০	-	৬৪৪৬.৯০	০১-০৭-২০১৬ থেকে	১৬.০৯.২০১৯	-০.১১%	

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃ সাঃ	নিজস্ব			ব্যয় (%)	মেয়াদ (%)
					৩০-০৬-২০২০			

১০। প্রকল্পের উদ্দেশ্য:

ক) "ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ।

খ) "ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা।

১১। **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি (Methodology):**

- প্রকল্প সাইট পরিদর্শন;
- ডিপিপি/আরডিপিপি, পিসিআর ও নথি পর্যালোচনা;
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাক্ষাৎকার;
- উপকারভোগীদের মতামত;
- মূল্যায়ন কর্মকর্তার নিজস্ব পর্যবেক্ষণ ও মতামত;

১২। প্রকল্পের পটভূমি:

ঢাকা ও ঢাকার পার্শ্ববর্তী এলাকায় তথা দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মিটানোর লক্ষ্যে সরকারের মধ্য ও দীর্ঘমেয়াদী বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড কর্তৃক "ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট" শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পের ডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করলে গত ১৪.০৬.২০১৬ খ্রিঃ তারিখে উক্ত প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়। ডিপিপি অনুযায়ী মোট প্রকল্প ব্যয় - মোট ৫০৪.২৩২৮ কোটি টাকা , জিওবি-৪৫৭.২৫৪০ কোটি টাকা , আরপিসিএল এর নিজস্ব-৪৬.৯৭৮৮ কোটি টাকা এবং সংশোধিত ডিপিপি খাতে মোট প্রকল্প ব্যয় - মোট ৫০৩.৬৭৬০ কোটি টাকা, জিওবি-৪৩৯.২০৭০ কোটি টাকা, আরপিসিএল এর নিজস্ব-৬৪.৪.৯০ কোটি টাকা

প্রাথমিক অবস্থায় প্রকল্পের শুরুর তারিখ ছিল ১ জুলাই, ২০১৬ এবং প্রকল্পের সমাপ্তির তারিখ ছিল ৩০ জুন' ২০১৮ খ্রিঃ। প্রকল্পের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণে স্থানীয় জনগনের বাঁধা ও স্থানীয় বিভিন্ন সমস্যার কারনে ভূমি অধিগ্রহনে বিলম্বিত হয়েছে। গত ২৯.০৫.২০১৮ খ্রিঃ তারিখ জেলা প্রশাসকের কার্যালয় মুন্সিগঞ্জ হতে ভুমি হস্তান্তর করা হয় কিন্তু সরেজমিনে কাজ শুরু করতে গেলে স্থানীয় বাঁধার কারণে কাজ শুরু করা যায় নাই । পরবর্তীতে ১৭.১১.২০১৮খ্রিঃ তারিখ হতে সরেজমিনে কাজ শুরু করা হয় অর্থাৎ অনুমোদিত মুল মেয়াদের মধ্যে কোন কাজই শুরু করা যায় নাই । তৎপ্রেক্ষিতে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর বর্ধিত করা হয় এবং পরবর্তীতে ডিপিপি সংশোধনপূর্বক মেয়াদ ৩০.০৬.২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অর্থ্যাৎ সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ ০১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০২০। গত ৩০.০৬.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। গত ০১.১০.২০২০ খ্রিঃ তারিখে পিসিআর জমা প্রদান করা হয়েছে।

১৩। **প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধির কারণ (সংশোধন হয়ে থাকলে):**

প্রকল্পের সংশোধিত অঙ্গ ও স্কোপের বিবরণ	কারণ
ব্যয় হ্রাস প্রাপ্ত অঙ্গসমূহঃ	
ক) ভূমি অধিগ্রহণ:	(ক) মূল ডিপিপিতে ভূমি অধিগ্রহণ অঙ্গে পরিমাণ ৩৫০.২২ একর ও ব্যয় ১৭০৪৯.৩৫ লক্ষ টাকা। ১ম সংশোধিত ডিপিপিতে ভূমি অধিগ্রহণ অঙ্গে পরিমাণ ২৬১.৪৯ একর ও ব্যয় ১৬৪৮৯.০১ লক্ষ টাকা অনুমোদিত হয়, উক্ত অঙ্গে পরিমাণ হ্রাস ৮৮.৭৩ একর (২৫.৩৩%) এবং ব্যয় হ্রাস ৫৬০.৩৪ লক্ষ টাকা (৩.২৮%) অনুমোদিত হয়। প্রকল্পের জন্য ২৫২.৫৬ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। ১৯৮২ সালের ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী ২৫২.৫৬ একর ভূমির মূল্য বাবদ জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ বরাবর ১২৯,৮৩,৬৯,৫৬৪.৫৮ টাকা পরিশোধ করা হয়েছে। দৌলতপুর মৌজায় গড় মৌজা মূল্য প্রতি শতাংশ সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা কম হওয়াতে পার্থক্য মূল্য প্রণোদনা হিসেবে প্রদানের বিষয়ে বিদ্যুৎ বিভাগ হতে স্মারক নং-২৭.০০.০০০০.০৭১.১৪.০০৮.২০১৮.৬৩৫, তারিখঃ ২৬/১২/২০১৮ খ্রিঃ অনুসারে নির্দেশনা পাওয়া গিয়েছে। নির্দেশনা অনুযায়ী অতিরিক্ত ক্ষতিপূরণ পরিশোধ করা হচ্ছে। বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী আরপিসিএল নিজস্ব তহবিল হতে ২৩,৬৫,৩১,৭০৭.৫০ (তেইশ কোটি পঁয়ষট্টি লক্ষ একত্রিশ হাজার সাতশত সাত টাকা পঞ্চাশ পয়সা) প্রদান করতে হবে। এছাড়া মেঘনা নদীর তীর বরাবর অধিগ্রহণকৃত জমির বাইরে নাল শ্রেণির প্রায় ৮.৯৩ একর ব্যক্তি মালিকানাধীন জমি রয়েছে। জমির মালিকগণ উক্ত জমি অধিগ্রহণ করার জন্য আবেদন করেছে এবং জেলা প্রশাসন উক্ত জমি অধিগ্রহণের বিষয়ে আরপিসিএল এর মতামত জানতে চেয়েছে। ভূমি সুরক্ষা বাঁধ নির্মাণ ও নদী ব্যবহার করতে হলে উক্ত জমি অধিগ্রহণ করা প্রয়োজন। এ জমি অধিগ্রহণ করা না হলে উক্ত জমির মালিকগণ তাদের জমিতে স্থাপনা তৈরী করে প্রকল্প বাস্তবায়নে বাঁধার সৃষ্টি করবে। অর্থাৎ আরও ৮.৯৩ একর ভূমি অধিগ্রহণ করা দরকার। তখন মোট জমির পরিমাণ হবে ২৬১.৪৯ একর। এতে মোট (১২৯,৮৩,৬৯,৫৬৪.৫৮ + ২৩,৬৫,৩১,৭০৭.৫০ + ১১,৪০,০০,০০০.০০)= ১৬৪,৮৯,০১,২৭২.০৮ টাকা ব্যয় হবে। জিওবি খাতে ভূমি অধিগ্রহণের জন্য ১৭০৪৯.৩৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ থাকলেও ২৩,৬৫,৩১,৭০৭.৫০ টাকা আরপিসিএল কর্তৃক নির্বাহ করা হবে। সুতরাং জিওবি খাতে ঐ অঙ্গে মোট ব্যয় হবে (১২৯,৮৩,৬৯,৫৬৪.৫৮ + ১১,৪০,০০,০০০)= ১৪১,২৩,৬৯,৫৬৪.৫৮ টাকা। সুতরাং এ অঙ্গে জিওবি খাতে ২৯২৫.০০ লক্ষ টাকা ব্যয় হ্রাস পাবে কিন্তু সংস্থার নিজস্ব তহবিল হতে ২৩৬৫.৩২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পাবে। সার্বিকভাবে ৫,৬০,৩৩,৭২৭.৯২ টাকা ব্যয় হ্রাস পাবে।
খ) পূনর্বাসন:	Pre-feasibility Study এর মাধ্যমে প্রকল্পের জন্য ৩৫০.২২ একর ভূমি প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়। নির্বাচিত ভূমির মধ্যে ১৭টি বাড়িঘর ছিল বিধায় ডিপিপিতে Resettlement & Rehabilitation খাতে ৩৮৪.৪৬ লক্ষ টাকা প্রাক্কলন ছিল। এলাকাবাসীর প্রচন্ড বাঁধার মুখে ৮৮.৭৩ একর ভূমি বাদ দিয়ে ২৬১.৪৯ একর ভূমি অধিগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ২৫২.৫৬ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছে। বাদ দেওয়া ৮৮.৭৩ একর ভূমির মধ্যে পুনর্বাসনের জন্য ১৭ টি বাড়িঘর ছিল। যেহেতু বর্ণিত ভূমি বাদ দেয়া হয়েছে, সুতরাং বর্তমানে আর পুনর্বাসন কার্যক্রমের প্রয়োজন নাই। উল্লেখ্য যে, বর্ণিত ৮৮.৭৩ একর ভূমি বাদ দেওয়ার পূর্বেই ২০১৬-১৭ অর্থ বছরে উক্ত খাতে বরাদ্দকৃত ১.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়।
গ) ড্রইং, ডিজাইন, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত ও কাজ সুপারভিশনের জন্য পরামর্শ সেবা	মূল ডিপিপিতে ড্রইং, ডিজাইন, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত ও কাজ সুপারভিশনের জন্য পরামর্শ সেবা অঙ্গে ১৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। পরামর্শক প্রতিষ্ঠান মর্ডান ইঞ্জিনিয়ার্স প্ল্যানার্স এন্ড কনসালটেন্টস লিমিটেড এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। চুক্তি মূল্য ১৩০.০৭ লক্ষ টাকা। ১ম সংশোধিত ডিপিপিতে ১৩০.০৭ লক্ষ টাকা অনুমোদিত হয়, উক্ত অঙ্গে ব্যয় হ্রাস ৯.৯৩ লক্ষ টাকা (৭.০৯%) অনুমোদিত হয়।

প্রকল্পের সংশোধিত অঙ্গ ও স্কোপের বিবরণ	কারণ
ঘ) ফিজিক্যাল কন্টিনজেন্সি ও প্রাইস কন্টিনজেন্সি	মূল ডিপিপিতে ফিজিক্যাল কন্টিনজেন্সি ও প্রাইস কন্টিনজেন্সি অঙ্গে বরাদ্দ আছে যথাক্রমে ৯১৮.৫৯ লক্ষ ও ৮১৮.৫৯ লক্ষ টাকা। কাজের বাস্তব অবস্থা অনুযায়ী ১ম সংশোধিত ডিপিপিতে এ অঙ্গে ব্যয় যথাক্রমে ২০০.০০ লক্ষ ও ১০০.০০ লক্ষ টাকা অনুমোদিত হয়, উক্ত অঙ্গে ব্যয় হ্রাস যথাক্রমে ৭১৮.৫৯ লক্ষ টাকা ও ৮১৮.৫৯ লক্ষ টাকা অনুমোদিত হয়।
ঙ) যানবাহন (মোটর সাইকেল-০২ টি):	একটি ডাবল কেবিন পিকআপ ও দুইটি মোটরসাইকেল ক্রয় বাবদ ৬৪.০০ লক্ষ টাকার বরাদ্দ রাখা ছিল। শুধুমাত্র দুইটি মোটরসাইকেল ক্রয় করা হয়েছে। একটি ভাড়া গাড়ী দিয়ে প্রকল্পের কাজ চলমান আছে। ডাবল কেবিন পিক-আপ ক্রয় করার প্রয়োজনীয়তা নাই। মূল ডিপিপিতে যানবাহন ক্রয় অঙ্গে ব্যয় বরাদ্দ ৬৪.০০ লক্ষ টাকা। ১ম সংশোধিত ডিপিপিতে এ অঙ্গে ব্যয় ৪.০০ লক্ষ টাকা অনুমোদিত হয়, উক্ত অঙ্গে ব্যয় হ্রাস ৬০.০০ লক্ষ টাকা (৯৩.৭৫%) অনুমোদিত হয়।
ব্যয় বৃদ্ধি প্রাপ্ত অঙ্গসমূহঃ	
ক) ভূমি উন্নয়ন:	মূল ডিপিপিতে ভূমি উন্নয়ন অঙ্গে বরাদ্দ ১১৭৭১.৪৫ লক্ষ টাকা। ডিপিপি প্রস্তুত করা হয় ২০১৪ সালের BWDB এর Rate Schedule অনুসারে। বাস্তবায়নকাল ২০১৮-২০১৯/ ২০১৯-২০২০ হওয়াতে বর্ণিত খাতে ব্যয় বৃদ্ধি পায়। ১ম সংশোধিত ডিপিপিতে এ অঙ্গে ব্যয় যথাক্রমে ১২৫০০.০০ লক্ষ টাকা অনুমোদিত হয়, উক্ত অঙ্গে ব্যয় বৃদ্ধি ৭২৮.৫৫ লক্ষ টাকা (৬.১৯%) অনুমোদিত হয়। ভূমি উন্নয়ন কাজের জন্য নৌবাহিনীর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান Dockyard & Engineering Works Ltd. নারায়ণগঞ্জ এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিমূল্য ১৩২,৯৭.৭৮ লক্ষ টাকা। এক্ষেত্রে ভূমি উন্নয়ন বাবদ আরডিপিপি মূল্য অপেক্ষা ৭৯৭.৭৮ লক্ষ টাকা বেশি। বাস্তব অবস্থার প্রেক্ষিতে ভূমি উন্নয়ন কাজের মূল্য ১২৫০০.০০ লক্ষ টাকা হতে পারে। এলাকাবাসীর প্রচন্ড বাঁধার মুখে নির্ধারিত সময়ের মধ্যে ভূমি অধিগ্রহণ সম্পন্ন না হওয়ায় ভূমি উন্নয়ন কাজ বিলম্বিত হচ্ছে। ডিপিপি- তে এ খাতে ১১৭৭১.৪৫ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও ডিপিপি প্রস্তুত করা হয় ২০১৪ সালের BWDB এর Rate Schedule অনুসারে। বাস্তবায়নকাল ২০১৮-২০১৯/ ২০১৯-২০২০ হওয়াতে বর্ণিত খাতে ব্যয় বৃদ্ধি পায়।
খ) বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা:	মূল ডিপিপিতে বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা অঙ্গে বরাদ্দ ১৫৬২৪.১৪ লক্ষ টাকা। ডিপিপি প্রস্তুত করা হয় ২০১৪ সালের BWDB এর Rate Schedule অনুসারে। বাস্তবায়নকাল ২০১৯-২০২০ হওয়াতে বর্ণিত খাতে ব্যয় বৃদ্ধি পায়। ১ম সংশোধিত ডিপিপিতে এ অঙ্গে ব্যয় ১৬৪০০.০০ লক্ষ টাকা অনুমোদিত হয়, উক্ত অঙ্গে ব্যয় বৃদ্ধি ৭৭৫.৮৬ লক্ষ টাকা (৪.৯৬%) অনুমোদিত হয়। বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা কাজ সম্পাদনের জন্য ও উন্মুক্ত দরপত্র আহ্বান পদ্ধতিতে সর্বনিম্ন রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠান MBEL-KTA-AEC (JV) এর সাথে গত ১৩.০৩.২০১৯ খ্রি: তারিখে চুক্তি সম্পাদন করা হয়। চুক্তিমূল্য ১৫৯৯০.০০ লক্ষ টাকা। প্রাক্কলিত মূল্য ১৫৬০০.০০ লক্ষ টাকা। বর্ণিত চুক্তিমূল্য প্রাক্কলিত মূল্য অপেক্ষা ২.৫% বেশি। ২০১৪ সালের BWDB এর Rate Schedule অনুসারে সালে ডিপিপি প্রস্তুত করা হয়। বাস্তবায়নকাল ২০১৯-২০২০ বিধায় প্রকৃত ব্যয় বৃদ্ধি পায়।
গ) কর্মকর্তা ও কর্মচারিদের বেতন-ভাতাদি:	মূল ডিপিপি'র মেয়াদ জুলাই, ২০১৬ - জুন ২০১৮ হতে সংশোধিত মেয়াদ জুলাই, ২০১৬ - জুন, ২০২০ অর্থাৎ প্রকল্পের মেয়াদ ২ বছর বৃদ্ধির ফলে কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদি বৃদ্ধি পায়। প্রকল্পের আওতায় সর্বমোট ১৪ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের সুযোগ রয়েছে। তন্মোধ্যে ১০ জন প্রেষণ/ সরাসরি নিয়োগ এবং ৪ জন আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ করা যাবে। এ পর্যন্ত ৩ জন কর্মকর্তা, ২ জন কর্মচারি প্রেষণে এবং ২ জন কর্মকর্তা সর্বসাকুল্য বেতনে উক্ত প্রকল্পে কর্মরত রয়েছে। বর্ণিত লোকবলের মাধ্যমে সঠিকভাবে প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। সুতরাং ১৪ জন লোকবলের প্রয়োজন নাই।

প্রকল্পের সংশোধিত অঙ্গ ও স্কোপের বিবরণ	কারণ
	সংশোধিত ডিপিপি-তে ০৯ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োগের প্রস্তাব রাখা হয়েছে। কর্মকর্তাদের বেতন, কর্মচারীর বেতন ও ভাতাদি বাবদ যথাক্রমে ১৪৮.৮৫ লক্ষ , ৩১.৫৮ লক্ষ ও ১৭৬.৫৫ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এক্ষেত্রে কর্মকর্তাদের বেতন বাবদ ১৪.৮৮ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পায়।
ঘ) নির্মাণকালীন সুদ	প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণে নির্মাণকালীন সুদ বাবদ ৯৭৫.৯৪ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পায়।

১৪। **প্রকল্প বাস্তবায়নে পরিবেশের উপর প্রভাব:**

প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত EIA রিপোর্ট প্রস্তুতপূর্বক পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ করা হয়। প্রকল্পটি বাস্তবায়নকালে EIA রিপোর্টের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করায় পরিবেশের উপর উল্লেখযোগ্য কোন নেতিবাচক প্রভাব পড়েনি।

১৫। অর্থ বছর ভিত্তিক প্রকল্প দলিল অনুযায়ী (ক) আর্থিক লক্ষমাত্রা; (খ) এডিপি বরাদ্দ ও (গ) ব্যয়:

(লক্ষ টাকায়)

	এডিপি/আরএডিপি বরাদ্দ				জিওবি অর্থ ছাড়	ব্যয়				অব্যয়িত জিওবি অর্থ
অর্থ বছর	মোট	জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থা		মোট	জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থা	
১	২	৩		৪	৫	৬	৭		৮	৯
২০১৬-২০১৭	৮৬.৭৫	১.০০	-	৮৫.৭৫	১.০০	৮৬.৭৫	১.০০		৮৫.৭৫	
২০১৭-২০১৮	১৬০৮৬.০৫	১৬০০০.০০	-	৮৬.০৫	১৬০০০.০০	১৬০৮৬.০৫	১৬০০০.০		৮৬.০৫	
২০১৮-২০১৯	১৪৩৮.১৬	১৪০০০.০০	-	৩৬৮.১৬২	১৪০০০.০০	১৪৩৬৮.১৬	১৪০০০.০০		৩৬৮.১৬২	
২০১৯-২০২০	১৬০৭১.০৭	১৫,৭২৪.০০	-	৩৪৭.০৭	৯০০০.০০	৬৬৭৩.২৫	৬৩২৬.১৮		৩৪৭.০৭	২৬৭৩.৮১

১৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

(লক্ষ টাকায়)

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		মেয়াদ সম্পাদান্তে প্রকৃত বাস্তবায়ন (৩০-০৬-২০২০)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব খাত						
১	কর্মকর্তাদের বেতন	জন	১৪৮.৮৫	৬	১০২.৪০ (৬৮.৭৯ %)	৬ (১০০%)
২	কর্মচারীদের বেতন	জন	৩১.৫৮	৩	১৭.৪৩ (৫৫.১৯ %)	৩ (১০০%)
৩	ভাতাদি	জন	১৭৬.৫৫	৯	১৭৩.৩৮ (৯৮.২০%)	৯ (১০০%)
৪	সরবরাহ ও সেবা	থোক	৪০.৫০	১০০%	২৭.৯২ (৬৮.৯৪%	১০০%
৫	অফিস ও গাড়ী ভাড়া	থোক	৩৬.০০	১০০%	২৫.৩০ (৭০.২৮%)	১০০%
৬	ড্রইং, ডিজাইন, টেন্ডার ডকুমেন্ট	থোক	১৩০.০৭	১০০%	৭৬.০০	১০০%

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		মেয়াদ সম্পাদান্তে প্রকৃত বাস্তবায়ন (৩০-০৬-২০২০)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
	প্রস্তুত ও কাজ সুপারভিশনের জন্য পরামর্শ সেবা				(৫৮.৪৩%)	
৭	রিপেয়ার ও মেইনটেনেন্স	থোক	৫.০০	১০০%	১.৬৭ (৩৩.৪০%)	১০০%
উপ-মোট (রাজস্ব)			৫৬৮.৫৫			
(খ) মূলধনী খাত						
৮	যানবাহন (মোটর সাইকেল-০২টি)	টি	৪.০০	১০০%	২.৭৭ (৬৯.২৫%)	১০০%
৯	অভ্যন্তরীণ বিদ্যুতায়ন (১টি বৈদ্যুতিক উপকেন্দ্র, ১০/১৪ এমভিএ, ৩৩/১১ কেভি টান্সফরমার, ৩৩ কেভি সোর্স লাইনসহ আনুষাঙ্গিক কাজ)	থোক	৮৯৬.০০	১০০%	৮৯৬.০০ (১০০%)	১০০%
১০	ভূমি অধিগ্রহণ	একর	১৬৪৮৯.০১	২৬১.৪৯	১৩৭৩০.৫২ (৮৩.২৭%)	২৫২.৫৬ (৯৬.৫৮%)
১১	পূনর্বাসন	টি	১.০০	১০০%	১.০০	১০০%
১২	ভূমি উন্নয়ন	ঘন মি:	১২৫০০.০০	৫৫,৯৯,৩৫০	৯৩৮৯.৫৭ (৭৫.১২%)	৪১৮০৯৭০ (৭৪.৬৭%)
১৩	বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা	কি.মি.	১৬৪০০.০০	৭.৩০১	১৩০৫৬.৯১ (৭৯.৬২%)	৫.৯৮০ (৮১.৯১%)
১৪	নির্মাণকালীণ সুদ	থোক	৩২০৯.০৪		প্রযোজ্য নয়	
১৫	ফিজিক্যাল কনটিনজেন্সি	থোক	২০০.০০		প্রযোজ্য নয়	
১৬	প্রাইস কনটিনজেন্সি	থোক	১০০.০০		প্রযোজ্য নয়	

১৭। কোন কাজ অসমাপ্ত থাকলে তার তথ্য:

ভূমি অধিগ্রহণ ৮.৯৩ একর বাস্তবায়ন করা হয়নি। কারণ হিসেবে প্রকল্প পরিচালক জানান যে, মেঘনা নদীর তীর বরাবর অধিগ্রহণকৃত জমির বাইরে নাল শ্রেণির প্রায় ৮.৯৩ একর ব্যক্তি মালিকানাধীন জমি রয়েছে। জমির মালিকগণ জমি না প্রদানের কারণে ৮.৯৩ একর ভূমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি। যেহেতু ৮.৯৩ একর ভূমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি তাই ভূমি উন্নয়ন ও বাঁধ নির্মাণের কাজ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বাস্তবায়ন সম্ভব হয়নি।

১৮। **প্রধান প্রধান অংগের বিস্তারিত বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:**

ক্র নং	কাজের নাম	ভৌত অর্জন	সম্পন্ন কাজের বিবরণ
১	ভূমি অধিগ্রহণ	৯৬.৫৮%	মেঘনা নদীর তীর বরাবর অধিগ্রহণকৃত জমির বাইরে নাল শ্রেনীর প্রায় ৮.৯৩ একর ব্যক্তি মালিকানাধীন জমি ছিল। ভূমি সুরক্ষা বাঁধ নির্মাণ ও নদী ব্যবহার করতে হলে উক্ত জমি অধিগ্রহণ করা প্রয়োজন ছিল। কিন্তু পরিবেশগত সমস্যা ও নদী কমিশন আইন অনুযায়ী বর্ণিত জমিটি অধিগ্রহণযোগ্য নয় বিধায় ৮.৯৩ একর ভূমি অধিগ্রহণ করা হয় নাই।
২	ভূমি উন্নয়ন	৭৪.৬৭%	ভূমি উন্নয়ন কাজ অবশিষ্ট রয়েছে।
৩	বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা	৮১.৯১%	বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা কাজ অবশিষ্ট রয়েছে।
৪	অভ্যন্তরীণ বিদ্যুতায়ন (১টি বৈদ্যুতিক উপকেন্দ্র, ১০/১৪ এমভিএ, ৩৩/১১ কেভি	১০০%	ডিপোজিট ওয়ার্কের আওতায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর মাধ্যমে কাজটি সমাপ্ত করা হয়েছে।

ক্র নং	কাজের নাম	ভৌত অর্জন	সম্পন্ন কাজের বিবরণ
	টান্সফরমার, ৩৩ কেভি সোর্স লাইনসহ আনুষাঙ্গিক কাজ)		
৫	যানবাহন (মোটর সাইকেল-০২-টি)	১০০%	মোটর সাইকেল উৎপাদনকারী সরকারি প্রতিষ্ঠান এটলাস বাংলাদেশ হতে উল্লিখিত দুটি মোটর সাইকেল ক্রয় করা হয়েছে।
৬	ড্রইং, ডিজাইন, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত ও কাজ সুপারভিশনের জন্য পরামর্শ সেবা	১০০%	প্রকল্পের পরামর্শকের কাজ সম্পন্ন হয়।

১৯। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (ডিপিপি'র তথ্যানুযায়ী):

প্রকল্পের আওতায় মালামাল, কার্য এবং সেবা ক্রয় সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			DPP অনুযায়ী বাস্তবায়নে বিলম্বের কারণ
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
পণ্যঃ প্রযোজ্য নয়												
পূর্ত কাজঃ												
প্যাকেজ নং : জিডি-১												
মোটর সাইকেল (১২৫ সিসি)	০১.০৪.২০১৯ প্রাক্কলিত মূল্য: ৪.০০	১১.০৪.২০১৯	ডিপিএম / ওটিএম	ডিপিএম (এটলাস বাংলাদেশ লিমিটেড থেকে ক্রয় করা হয়েছে)	এমডি	এমডি	৩১.০৫.১৯ চুক্তি মূল্য: ৪.০০	০৯.০৫.১৯	০৯.০৫.১৯	০৯.০৫.১৯	-	বিলম্ব হয় নাই
প্যাকেজ নং : ডাব্লিউডি-১												
ভূমি উন্নয়ন	২৭.১২.২০১৬ প্রাক্কলিত মূল্য: ১২,৫০০.০০	২৫.০১.২০১৭ প্রাক্কলিত মূল্য: ১২,৯৩৫.৫৮	ওটিএম(এনসিবি)/ ডিপোজিট ওয়ার্ক	ডিপিএম	আরপিসিএল বোর্ড	আরপিসিএল বোর্ড	২০.০৩.২০১৮ চুক্তি মূল্য: ১৩২,৯৭.৭৭	২০.০৩.২০১৮ চুক্তি মূল্য: ১৩২,৯৭.৭৭	৩০.০৯.২০১৯	৩০.০৬.২০২০	১ বছর	ভূমি অধিগ্রহণ স্থানীয় জনগনের তীব্র বাঁধা ও স্থানীয় বিভিন্ন সমস্যার কারনে নির্ধারিত সময়ে কাজ শুরু করা সম্ভব হয় নাই।
প্যাকেজ নং : ডাব্লিউডি-২ ও ডাব্লিউডি-৩												

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			DPP অনুযায়ী বাস্তবায়নে বিলম্বের কারণ
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা	০৫.১২.২০১৮ প্রাক্কলিত মূল্য: ১৬,৪০০.০০	০৫.১২.২০১৮ প্রাক্কলিত মূল্য: ১৫৬,০০.০০	ওটিএম(এনসিবি)/ ডিপোজিট ওয়ার্ক	ওটিএম (এনসিবি)	আরপিসিএল বোর্ড	আরপিসিএল বোর্ড	১৩.০৩.২০১৯ চুক্তি মূল্য: ১৬,৪০০.০০	১৩.০৩.২০১৯ চুক্তি মূল্য: ১৫৯,৯০.০০	৩০.০৬.২০২০	৩০.০৬.২০২০	-	-
প্যাকেজ নং : ৪												
অভ্যন্তরীণ বিদ্যুতায়ন (১টি বৈদ্যুতিক উপকেন্দ্র, ১০/১৪ এমভিএ, ৩৩/১১ কেভি ট্রান্সফরমার, ১০ কি.মি. ৩৩ কেভি সোর্স লাইন,১১/.০৪ কেভি ট্রান্সফরমার সহ আনুষাঙ্গিক কাজ)	- প্রাক্কলিত মূল্য: ৮৯৬.০০	১৫.০৩.২০১৮ প্রাক্কলিত মূল্য: ৮৯৬.০০	পিবিএস/বিআরইবি-এর আওতাধীন ডিপোজিট ওয়ার্ক	পিবিএস/ বিআরইবি-এর আওতাধীন ডিপোজিট ওয়ার্ক	আরপিসিএল বোর্ড	আরপিসিএল বোর্ড	১৪.০৬.১৮ চুক্তি মূল্য: ৮৯৬.০০	২৪.০৬.১৮ চুক্তি মূল্য: ৮৯৬.০০	৩০.০৬.২০	৩০.০৬.২০	-	প্রকল্পের আওতায় ১০ কিঃমিঃ ৩৩ কেভি সোর্স লাইনসহ একটি ৩৩/১১ কেভি ১০/১৪ এমভিএ ক্ষমতার উপকেন্দ্র নির্মাণ কাজও ডিপোজিট ওয়ার্কের আওতায় বিআরইবি এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
সেবাঃ প্যাকেজ নং : এসডি-১												
ড্রইং, ডিজাইন, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত ও কাজ সুপারভিশনের জন্য পরামর্শ সেবা	EOI আহ্বান এর তারিখ: ০১/০৯/২০১৬ RFP ইস্যু; ০১.১০.২০১৬ প্রাক্কলিত মূল্য: ১৩০.০৭	EOI আহ্বান এর তারিখ: ২৬.০৬.২০১৬ প্রাক্কলিত মূল্য: ১৩০.০৭	কিউসিবিএস	কিউসিবিএস	আরপিসিএল বোর্ড	আরপিসিএল বোর্ড	২৬.১২.২০১৬ চুক্তি মূল্যঃ ১৩০.০৭	২৬.১২.২০১৬ চুক্তি মূল্যঃ ১৩০.০৭	প্রকল্পের কাজ শেষ হওয়া পর্যন্ত।	৩০.০৬.২০২০	-	-

২০। প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন সম্পর্কিত তথ্য:

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	প্রকল্প পরিচালক হিসাবে যোগদানের তারিখ	দায়িত্বের ধরণ (পূর্ণকালীন/ খন্ডকালীন)	প্রকল্পে দায়িত্ব পালনকালীন একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্ত কিনা		মূল দপ্তরের ঠিকানা, ফোন, মোবাইল, ফ্যাক্স ও ইমেইল
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা	
১	৩	৪	৫	৬	৭	৮
১	জালাল উদ্দিন আকন্দ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ওএন্ডএম	০৭-০৯-২০১৬	পূর্ণকালীন	না	-	রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড বাড়ী#১৯, রোড #১/বি, সেক্টর#৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
২	প্রশান্ত কুমার সূত্রধর নির্বাহী প্রকৌশলী	২১.০৬.২০১৮	অতিরিক্ত দায়িত্ব	না	-	ঐ
৩	প্রশান্ত কুমার সূত্রধর নির্বাহী প্রকৌশলী	১১.১১.২০১৮	পূর্ণকালীন	না	-	ঐ

২১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

	বর্ণনামূলক সারসংক্ষেপ (ডিপিপি অনুযায়ী)	প্রকৃত অর্জন (কী অর্জিত হয়েছে এবং কতটুকু)
প্রকল্পের লক্ষ্য	বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের নিমিত্ত ভূমি অধিগ্রহণ এবং অধিগৃহীত ভূমির উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা সম্পন্ন করা।	লক্ষ্য অনুযায়ী বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের নিমিত্ত ভূমি অধিগ্রহণ এবং অধিগৃহীত ভূমির উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা সম্পন্ন করা হয়েছে। সরকারের সিদ্ধান্তক্রমে কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের পরিবর্তে গ্যাস/এলএনজি ভিত্তিক কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করা হবে।
প্রকল্পের উদ্দেশ্য	১) ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ। ২) ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা।	ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা কাজ শেষে রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল) কর্তৃক ২৫২.৫৬ একর ভূমির মালিকানা অর্জিত হয়েছে। তবে প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের উদ্দেশ্যে ভূমি অধিগ্রহণ। এক্ষেত্রে ভূমি অধিগ্রহণ সম্পন্ন হলেও ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তাই বলা যেতে পারে প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি।
প্রকল্পের আউটপুট	বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য পর্যাপ্ত জমি নিশ্চিতকরণ।	বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য পর্যাপ্ত জমি নিশ্চিত করা হয়েছে।

২২। ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ সংক্রান্ত হালনাগাদ তথ্য : প্রকল্পের জন্য ২৫২.৫৬ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে।

২৩। অডিট সম্পাদন, অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: প্রকল্পের আওতায় ২০১৬-২০২০ অর্থবছরে ০৮টি অডিট আপত্তি ছিল যা বর্তমানে নিষ্পত্তি হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

২৪। পণ্য, কাজ ও সেবা ক্রয়ে প্রচলিত আইন ও বিধির অনুসরণঃ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী করা হয়েছে।

২৫। প্রকল্প বাস্তবায়নকালে সম্মুখীন হওয়া সমস্যা/বাঁধা:

সমস্যা/বাঁধার নাম/বিবরণ	কিভাবে সমস্যা মোকাবেলা করা হয়েছে	সমস্যা মোকাবেলা করা না গেলে তার কারণ
(ক) স্থানীয় জনসাধারণের কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে আপত্তি থাকার কারণে যথাযথ সময়ে ভূমি অধিগ্রহণ সম্পন্ন না হওয়ায় ভূমি অধিগ্রহণ, উন্নয়ন, ভূমি সুরক্ষা ও বাঁধ নির্মাণ এর কাজ বিলম্বিত হয়েছে।	ক) বিদ্যুৎ বিভাগ, স্থানীয় প্রশাসন, পুলিশ, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও গন্যমান্য ব্যক্তিবর্গের সহযোগিতায় সমস্যা মোকাবেলা করা হয়েছে।	
(খ) মার্চ-২০২০ এ মহামারী করোনা ভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক সাধারণ ছুটি ঘোষনা করার ফলে প্রকল্পের কাজ প্রায় ২ মাস বন্ধ থাকায়, সুপার সাইক্লোন আম্পান এর কারণে প্রকল্প বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হয়েছে।	খ) সাধারণ ছুটি শেষে অতিরিক্ত লোকবল নিয়োগ করে ও কর্মঘন্টা বাড়িয়ে যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে।	

২৬। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):

প্রাথমিক অবস্থায় প্রকল্পের শুরুর তারিখ ছিল ১ জুলাই, ২০১৬ এবং প্রকল্পের সমাপ্তির তারিখ ছিল ৩০ জুন' ২০১৮ খ্রিঃ। প্রকল্পের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণে স্থানীয় জনগনের বাঁধা ও স্থানীয় বিভিন্ন সমস্যার কারনে ভূমি অধিগ্রহনে বিলম্বিত হয়েছে। গত ২৯.০৫.২০১৮ খ্রিঃ তারিখ জেলা প্রশাসকের কার্যালয় মুন্সিগঞ্জ হতে ভুমি হস্তান্তর করা হয় কিন্তু সরেজমিনে কাজ শুরু করতে গেলে স্থানীয় বাঁধার কারণে কাজ শুরু করা যায় নাই । পরবর্তীতে ১৭.১১.২০১৮খ্রিঃ তারিখ হতে সরেজমিনে কাজ শুরু করা হয় অর্থাৎ অনুমোদিত মুল মেয়াদের মধ্যে কোন কাজই শুরু করা যায় নাই । তৎপ্রেক্ষিতে প্রকল্পটির মেয়াদ ব্যায় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর বর্ধিত করা হয় এবং পরবর্তীতে ডিপিপি সংশোধনপূর্বক মেয়াদ ৩০.০৬.২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অর্থ্যাৎ সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ ০১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ২ বছর বৃদ্ধি করা হয়েছে।

২৭। প্রকল্পের উপকারিতা ও সৃষ্ট সুবিধার ব্যবহার:

প্রকল্পটি বাস্তবায়নের ফলে রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল) কর্তৃক ২৫২.৫৬ একর ভূমির মালিকানা অর্জিত হয়েছে। ফলশ্রুতিতে আরপিসিএল এই জমিতে খুব সহজেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করতে পারবে।

২৭.১ সুবিধাভোগীর মতামতের প্রেক্ষিতে :

আপতত সরাসরি কোন সুবিধাভোগী নাই । তবে, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা হলে এলাকার ভৌত অবকাঠামোর উন্নয়নসহ মানুষের জীবনযাত্রার উন্নয়ন হবে।

২৭.১.১ বাস্তবায়নকারী প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যে (benefit) সম্পর্কে টার্গেট গ্রুপের সুস্পষ্ট ধারণা আছে কি নাঃ

২৭.১.২ প্রকল্পের মাধ্যমে মহিলাদের কর্মসংস্থান/আর্থ সামাজিক উন্নয়নের কী কী সুযোগ-সুবিধা সৃষ্টি হয়েছে?

আপতত এই প্রকল্পের মাধ্যমে মহিলাদের কর্মসংস্থান/আর্থ সামাজিক উন্নয়নের সরাসরি কোন সুযোগ-সুবিধা সৃষ্টি হয় নাই । তবে, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা হলে এলাকার ভৌত অবকাঠামোর উন্নয়নসহ মহিলাদের কর্মসংস্থান/আর্থ সামাজিক উন্নয়নের বিভিন্ন সুযোগ-সুবিধা সৃষ্টি হবে বলে আশা করা যায়।

২৭.১.৩ পরিবেশের উপর প্রকল্প বাস্তবায়নের প্রভাব:

প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত EIA রিপোর্ট প্রস্তুতপূর্বক পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ করা হয়। প্রকল্পটি বাস্তবায়নকালে EIA রিপোর্টের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করায় পরিবেশের উপর উল্লেখযোগ্য কোন নেতিবাচক প্রভাব পড়েনি।

২৭.২ প্রকল্প বাস্তবায়ন সংস্থার মতামতের ভিত্তিতে

২৭.২.১ প্রকল্পের সৃষ্ট সুবিধাদি ব্যবহারের উপযোগী কর্মসূচি হতে নেবার জন্য গৃহীত পদক্ষেপঃ

২৭.২.২ প্রকল্পের মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়নের কী কী সুযোগ-সুবিধা সৃষ্টি হয়েছে?

"ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট" শীর্ষক প্রকল্পটি মূল প্রকল্প অর্থ্যাৎ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্পের সহযোগি প্রকল্প হিসেবে বাস্তবায়িত হয়েছে যার ফলে এই প্রকল্পের মাধ্যমে আপাতত আর্থ সামাজিক উন্নয়নের সুযোগ তৈরী হয় নাই। তবে মূল প্রকল্প বাস্তবায়িত হলে দেশের আর্থ সামাজিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

২৭.২.৩ প্রকল্পের মাধ্যমে সংস্থার লক্ষ্য অর্জনে কীভাবে কতটুকু সহায়ক হয়েছে?

ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের গুরুত্বপূর্ণ অঙ্গ। যেহেতু এই প্রকল্পের মাধ্যমে রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল) কর্তৃক ২৫২.৫৬ একর ভূমির মালিকানা অর্জিত হয়েছে। সেহেতু উক্ত অধিগ্রহণকৃত জমিতে খুব সহজেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে।

২৮। প্রকল্পের প্রভাব:

	ইতিবাচক	নেতিবাচক
ক) প্রত্যক্ষ	অধিগ্রহণকৃত জমিতে খুব সহজেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে।	বাস্তবায়নের নিমিত্ত জমি অধিগ্রহণের ফলে কৃষি জমি কমে যাচ্ছে।
খ) পরোক্ষ	-	-

২৯। প্রকল্প থেকে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা:

প্রকল্পটি রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল) কর্তৃক বাস্তবায়িত হয়েছে বিধায় কাজের গুণগত মান ও বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে সম্যক জ্ঞান অর্জিত হয়। ভবিষ্যতে এই ধরনের প্রকল্প সহজেই আরপিসিএল কর্তৃক বাস্তবায়ন করা সম্ভব হবে। এমনকি বিদ্যুৎ বিভাগ বা অন্য কোন প্রতিষ্ঠানকেও এই ধরনের প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা করা যাবে।

৩০। সার্বিক মূল্যায়ন:

৩০.১ প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের উদ্দেশ্যে ভূমি অধিগ্রহণ। এক্ষেত্রে ভূমি অধিগ্রহণ সম্পন্ন হলেও ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তাই বলা যেতে পারে প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি। তবে প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং অধিগ্রহণকৃত ভূমির চারপাশে বাঁধ নির্মাণ কাজটি বাহ্যিকভাবে দেখে কাজের গুণগত মান ভালো বলে মনে হয়েছে। কিন্তু প্রকল্পের মূল উদ্দেশ্য বাস্তবায়নের ক্ষেত্রে-

ক) প্রকল্পের আওতায় বাউন্ডারী ওয়াল নির্মাণ না করায় এবং মূল প্রকল্পের কাজ শুরু না হওয়ায় অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ২৫২.৫৬ একর ভূমি অরক্ষিত অবস্থায় আছে। সরকারের অনুমোদনক্রমে অন্য কোন জ্বালানীর/ নবায়ন যোগ্য জ্বালানী ভিত্তিক প্রকল্প গ্রহন করা যেতে পারে। এছাড়া, অধিগ্রহনকৃত ও উন্নয়নকৃত ভূমির রক্ষার স্বার্থে জরুরীভিত্তিতে ভূমির চর্তুদিকে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা এবং দেখভাল করার জন্য প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটি গার্ড/ কেয়ার টেকার/আনসার নিয়োগ করা প্রয়োজন।

খ) সরকারের সিদ্ধান্তক্রমে যেহেতু আরপিসিএল এর অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ২৫২.৫৬ একর জমিতে ৩৫০ (±১০%) মেঃওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করা হচ্ছে না, অন্য কোন জ্বালানীর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণেও বিলম্ব হচ্ছে । সেহেতু এই প্রকল্পের আওতায় নির্মিত ৩৩/১১ কেভি, ১০/১৪ এমভিএ উপকেন্দ্রটি অব্যবহৃত না রেখে পার্শ্ববর্তী এলাকায় নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা যেতে পারে। এ ক্ষেত্রে অত্র এলাকায় বিদ্যুৎ সরবরাহের কাজে নিয়োজিত পল্লী বিদ্যুৎ সমিতির নিকট হস্তান্তর করা যেতে পারে।

৩০.২ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ছিল ৫০৩৬৭.৬০ লক্ষ টাকা যার মধ্যে প্রকল্প বাস্তবায়নে ব্যয় হয়েছে ৩৭৫০০.৮৭ লক্ষ টাকা। অর্থ ছাড়ের অব্যয়িত ২৬,৭৩,৮১,৯৫৬ টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

৩১। প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:

চিত্র ও বর্ণনা	
	
ভূমি সুরক্ষা বাঁধ (মেঘনা নদীর পাশে)	ভূমি সুরক্ষা বাঁধ (মেঘনা নদীর পাশে)

চিত্র ও বর্ণনা	
	
ভূমি সুরক্ষা বাঁধ (মেঘনা নদীর পাশে)	ভূমি সুরক্ষা বাঁধ (মেঘনা নদীর পাশে)
	
ভূমি সুরক্ষা বাঁধ (মেঘনা নদীর পাশে)	ভূমি সুরক্ষা বাঁধ (মেঘনা নদীর পাশে)
	
ভূমি সুরক্ষা বাঁধ (খালের পাশে)	অধিগ্রহনকৃত জমির বর্তমান অবস্থা ।
	
বিদ্যুৎ কেন্দ্র নির্মানের জন্য নির্মিত ১০/৩৩ কেভি ১০/১৪ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র	

৩২। সুপারিশ:

৩২.১ অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ভূমির রক্ষার স্বার্থে জরুরিভিত্তিতে ভূমির চর্তুদিকে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা যেতে পারে এবং দেখভাল করার জন্য প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটি গার্ড/ কেয়ার টেকার/আনসার নিয়োগ করা যেতে পারে;

৩২.২ আরপিসিএল এর অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ২৫২.৫৬ একর জমি অব্যবহৃত না রেখে, সরকারের অনুমোদনক্রমে অন্য কোন জ্বালানির/ নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক প্রকল্প গ্রহণ করা যেতে পারে;

৩২.৩ প্রকল্পের আওতায় নির্মিত ৩৩/১১ কেভি, ১০/১৪ এমভিএ উপকেন্দ্রটি অব্যবহৃত না রেখে জনস্বার্থে পার্শ্ববর্তী এলাকায় নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা যেতে পারে। এ ক্ষেত্রে অত্র এলাকায় বিদ্যুৎ সরবরাহের কাজে নিয়োজিত পল্লী বিদ্যুৎ সমিতির নিকট হস্তান্তর করা যেতে পারে।

৩৩। উপর্যুক্ত সুপারিশসমূহের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২১ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে আইএমই বিভাগকে জানাতে হবে।

সূর্যমণিনগর (ত্রিপুরা, ভারত) হতে কুমিল্লা উত্তরে (বাংলাদেশ) বিদ্যুৎ সরবারাহের জন্য কুমিল্লা উত্তরে (বাংলাদেশ) ৫০০ মেঃ ওঃ এইচভিডিসি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ শীর্ষক প্রকল্পের

প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০২০)

১। প্রকল্পের নাম : সূর্যমণিনগর (ত্রিপুরা, ভারত) হতে কুমিল্লা উত্তরে (বাংলাদেশ) বিদ্যুৎ সরবারাহের জন্য কুমিল্লা উত্তরে (বাংলাদেশ) ৫০০ মেঃ ওঃ এইচভিডিসি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ শীর্ষক প্রকল্প।

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী, উপ পরিচালক (সিনিয়র সহকারী সচিব) বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ পরিকল্পনা মন্ত্রনালয়।

৩। ক) প্রকল্প পরিদর্শনের তারিখ : ০৭/০৪/২০২২,

খ) পরিদর্শনকালে উপস্থিত ব্যক্তিবর্গ

পিসিআর মূল্যায়নের সময়ে প্রকল্প পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মুহাম্মদ জসিম উদ্দিন, তত্বাবধায়ক প্রকৌশলী ও দপ্তরের সংশ্লিষ্ট আরও ০২ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

৪। প্রকল্পের অবস্থান : হরিনধরা, ময়নামতি, বুড়িচং, কুমিল্লা

৫। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থা : পিজিসিবি, বিদ্যুৎ বিভাগ

৬। প্রকল্পের অনুমোদিতব্যয়ও বাস্তবায়নকাল : ১৩৪২২৬.৪১ লক্ষ ও ১লা জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০২১ ইং পর্যন্ত

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মোট -১৩৪২২৬.৪১ জিওবি- ২৫২৫১.১১ প্রঃসাঃ- ১০১৯৭৯.০২ পিজিসিবি- ৬৯৯৬.২৮	প্রযোজ্য নহে	মোট -৭৩.১৩ জিওবি-০.০০ প্রঃসাঃ-০.০০ পিজিসিবি- ৭৩.১৩	০১/০৭/১৮ থেকে ৩০/০৬/২১	প্রযোজ্য নহে	অসমাপ্ত রেখে সমাপ্ত ঘোষণা	--	--

৭। প্রকল্পের ব্যয়/মেয়াদ সংশোধন সংক্রান্ত তথ্য:

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃসাঃ	পিজিসিবি			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৩৪২২৬.৪১	২৫২৫১.১১	১০১৯৭৯.০২	৬৯৯৬.২৮	০১/০৭/২০১৮ থেকে ৩০/০৬/২১	২৯/০৫/২০১৮	--	--
সংশোধিত (১ম)	--	--	--	--	--	--	--	--

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃসাঃ	পিজিসিবি			ব্যয় (%)	মেয়াদ (%)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে	--	--	--	--	--	--	--	--
সংশোধিত (২য়)	--	--	--	--	--	--	--	--

৮। প্রকল্পের ব্যয়/মেয়াদ **সংশোধনের প্রেক্ষাপট: প্রযোজ্য নয়**

৯। প্রকল্পের অগ্রগতিঃ

৯.১ প্রকল্পের বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ: প্রযোজ্য নহে

ক্রমিক	কাজের নাম	ভৌত অর্জন	কাজ সম্পন্নের বিবরণ
১	৪০০ কেভি জিআইএস সুইচইয়ার্ড ও ৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এইচ ভি ডি সি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ এর জন্য মালামাল ও ইকুইপমেন্ট ক্রয়	নাই	কাজ সম্পন্ন হয়নি
২	৪০০ কেভি জিআইএস সুইচইয়ার্ড ও ৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এইচ ভি ডি সি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ / ইনস্টলেশন ও অনাবাসিক পূর্তকাজ	নাই	কাজ সম্পন্ন হয়নি
৩	০১ টি জিপ ও তিনটি ডাবল কেবিন পিকআপ ক্রয়	নাই	কাজ সম্পন্ন হয়নি
৪	ফার্নিচার ও অফিস ইকুইপমেন্ট ক্রয়	মোট প্রাক্কলনের ২০.৯২% অর্থের পণ্য ক্রয় করা হয়েছে।	প্রাক্কলিত ২২.৪৬ লক্ষ টাকার মধ্যে ৪.৭ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে।

৯.২ অর্থ বছর ভিত্তিক আর্থিকঅগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

	এডিপি/আরএডিপি বরাদ্দ				জিওবি অর্থ ছাড়	ব্যয়				অব্যয়িত জিওবি অর্থ
অর্থ বছর	মোট	জিওবি	প্রকল্প সাহায্য	পিজিসিবি		মোট	জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থা	
১	২	৩		৪	৫	৬	৭		৮	৯
২০১৮-১৯	০.০০	০.০০	০.০০	০.০০	--	২৮.২৩	০.০০	০.০০	২৮.২৩	
২০১৯-২০	০.০০	০.০০	০.০০	০.০০	--	৪৪.৯০	০.০০	০.০০	৪৪.৯০	
মোট	০.০০	০.০০	০.০০	০.০০	--	**৭৩.১৩**	**০.০০**	**০.০০**	**৭৩.১৩**	

৯.৩। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

কোড	অঙ্গেরবিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		মেয়াদ সম্পাদান্তে প্রকৃত বাস্তবায়ন (৩০-০৬-২০২১)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
ক. রাজস্ব খাত						
৪৫০১	কর্মকর্তাদের বেতন		৩৩১.৬১	--	২৭.৩৯	--
৪৬০১	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন		২০.৬৫	--	০.০০	--
৪৭০৫	বাড়ি ভাড়া ভাতা		১৫৮.৫২	--	১৬.৪৩	--

কোড	অঙ্গোরবিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		মেয়াদ সম্পাদান্তে প্রকৃত বাস্তবায়ন (৩০-০৬-২০২১)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
৪৭১৩	উৎসব ভাতা		৬৮.৫৮	--	৫.০৮	--
৪৭১৭	চিকিৎসা ভাতা		১২.৯৯	--	২.৬৩	--
৪৭৫৩	দৈনিক ভাতা		২৪.৬৪	--	০.০০	--
৪৭৫৫	টিফিন ভাতা		১.৭৩	--	০.০০	--
৪৭৬৫	যাতায়াত ভাতা		১৯.০৮	--	১.১০	--
৪৭৯৩	টেলিফোন ভাতা		৪.৬১	--	০.০৫	--
৪৭৯৫	অন্যান্য ভাতা		৬৬.৯১	--	৩.৬৯	--
৪৮০১	ভ্রমণব্যয়		৭.৬৬	--	১.১০	--
৪৮০৫	অধিকাল ভাতা		১১.৯২	--	০.২২	--
৪৮০৬	অন্যান্য কর		৫৫২.৯৯	--	০.৩১	--
৪৮১৬	টেলিফোন		৫.৪০	--	১.১২	--
৪৮১৮	রেজিষ্ট্রেশন ফি		১.০০	--	০.০০	--
৪৮২২	গ্যাসওজ্বালানী		৭৮.৯১	--	১.২৬	--
৪৮২৪	বীমা (মোটরযানের জন্য)		৬.৫০	--	০.০১	--
৪৮২৪	বীমা		৫৬৪.১১	--	০.০০	--
৪৮২৪	ব্যাংক চার্জেস		১১৯.৮১	--	২.৯৬	--
৪৮২৮	অন্যান্য মনিহারী		৫.৪০	--	০.৩৬	--
৪৮৩৬	ইউনিফর্ম		০.৩০	--	০.০০	--
৪৮৪৬	ফ্রেইট এন্ড ট্রান্সপোর্ট চার্জ		১৬১১.৭৪	--	০.০০	--
৪৮৭৫	পরিষ্কার পরিচ্ছন্নতা		১২.২৪	--	০.১৪	--
৪৮৮১	নিরাপত্তা প্রহরী		৩৭.৮০	--	০.০০	--
৪৮৮৩	সম্মানী ভাতা		৬.৪৮	--	১.২২	--
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী		৩.৬০	--	০.০০	--
৪৮৯৩	হায়ারিং চার্জ		৫১.৪৮	--	২.৩১	--
৪৮৯৯	অন্যান্য ব্যয়		০.৮৫	--	০.৬৭	--
৪৯০১	মোটর মেরামত		১০.০৮	--	০.২৮	--
(খ) মূলধনী খাত						
৬৮০৭	মোটরযান		২০৯.৮০	--	০.০০	--
৬৮১৩	অন্যান্য সরঞ্জাম		১০৮৩৫.৮৮	--	০.০০	--
৬৮১৯	অফিস সরঞ্জাম		৯.৫০	--	২.৮০	--
৬৮২১	আসবাবপত্র		১২.৯৬	--	১.৯০	--
৬৮২৭	বৈদ্যুতিক সরঞ্জাম		৬৯০৩৯.৬০	--	০.০০	--
৭০১১	অবাসিক ভবন		৮০.০০	--	০.০০	--
৭০১৬	অন্যান্য ভবন		৭৯৮৬.৮২	--	০.০০	--
৭০৫৬	বৈদ্যুতিক স্থাপনা		৮৯৭০.৬০	--	০.০০	--
৭৯০১	সিডি/ভ্যাট		২৩৯৬২.৬৪	--	০.০০	--
৭৯৮১	অন্যান্য মূলধন ব্যয়		৫৪১৫.৭৩	--	০.০০	--
	ফিজিক্যাল কন্টিনজেন্সি		১৩০৩.১৮	--	০.০০	--
	প্রাইস কন্টিনজেন্সি		২৬০৬.৩৪	--	০.০০	--
		সর্বমোট=	**১৩৪২২৬.৪১**		**৭৩.১৩**	

১০। কোন কাজ অসমাপ্ত থাকলে তার তথ্য:

অসমাপ্ত কাজের নাম	কারণ
৪০০ কেভি জিআইএস সুইচইয়ার্ড ও ৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এইচ ভি ডি সি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ এর জন্য মালামাল ও ইকুইপমেন্ট ক্রয়	গত ২৬/০৮/২০১৯ তারিখে বাংলাদেশ ও ভারতের মধ্যে অনুষ্ঠিত Jont Steering Committee (JSC) এর ১৭তম সভায় সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটি বাতিল করায় প্রকল্পের আওতায় কোন অবকাঠামো নির্মাণের প্রয়োজন না হওয়ায় কোন মালামাল ক্রয় করা হয়নি ।
৪০০ কেভি জিআইএস সুইচইয়ার্ড ও ৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এইচ ভি ডি সি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ / ইনস্টলেশন ও অনাবাসিক পূর্তকাজ	সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটি ড্রপ করায় প্রকল্পের আওতায় কোন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হয়নি ।
০১ টি জিপ ও তিনটি ডাবল কেবিন পিকআপ ক্রয়	প্রকল্পটি বাতিল করায় প্রকল্পের আওতায় কোন আর কোন গাড়ি ক্রয় করার প্রয়োজন হয়নি।
ফার্নিচার ও অফিস ইকুইপমেন্ট ক্রয়	প্রকল্পটি বাস্তবায়ন শুরু করার প্রক্কালে অফিস কার্যক্রমের জন্য ক্রয় কার্যক্রম শুরু হলেও পরবর্তীতে প্রকল্প ড্রপ করায় আর কোন ক্রয় /সংগ্রহ কাজ করা হয়নি ।

১১। **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (ডিপিপি'র তথ্যানুযায়ী):**

প্রকল্পের আওতায় মালামাল, কার্য এবং সেবা ক্রয় সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			DPP অনুযায়ী বাস্তবায়নে বিলম্বের কারণ
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
প্যাকেজ নং-১	দরপত্র আহ্বানের তারিখ ২৮/১১/২০১৮ প্রাক্কলিত মূল্য=৯৯০০৮.৭৬		ICB	ICB	--	--	--	--	--	--	--	--

১২। প্রকল্পের অডিট সম্পর্কিত তথ্যাদি: প্রযোজ্য নহে

অডিট কর্তৃপক্ষ (এক্সটার্নাল/ইন্টারনাল উল্লেখ করুন)	অডিটের অর্থবছর	আপত্তির সংখ্যা	অডিট আপত্তির পূর্ণ শিরোনাম ও জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তির লক্ষ্যে গৃহিত পদক্ষেপ (সুস্পষ্ট বর্ণনা)	আপত্তি নিষ্পত্তির অবস্থা (সুস্পষ্ট বর্ণনা)	মন্তব্য
এক্সটার্নাল ACNABIN Charterd Accountants	২০১৮-১৯	চার ধরণের অডিট আপত্তি পাওয়া গেছে। সুনির্দিষ্ট সংখ্যা প্রকল্প কার্যালয় জানায় নি।	প্রযোজ্য স্থানে কর্তৃপক্ষের স্বাক্ষর না থাকা, দাখিলকৃত বিলে অসামঞ্জস্যতা, এবং সম্পদ ব্যবস্থাপনা যথাযথ না হওয়া	কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় দলিল সহ জবাব দাখিল করা হয়েছে	অনিষ্পন্ন	প্রকল্প কার্যালয় থেকে আইএমই বিভাগকে সুস্পষ্ট তথ্য সরবরাহ করা হয়নি।অডিট নিষ্পত্তি করতে হবে।

১৩। **ষ্টিয়ারিং/পিাইসি সভা সংক্রান্ত :**

সভার নাম	প্রকল্প বাস্তবায়নকাল পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	প্রতি তিনমাসে কমপক্ষে ০১ টি	কমপক্ষে ১২	অর্জন নেই
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	প্রতি তিনমাসে কমপক্ষে ০১ টি	কমপক্ষে ১২	অর্জন নেই

ষ্টিয়ারিং/পিাইসি সভা অনুষ্ঠিত না হলেও বিভিন্ন ইস্যুতে ভারত ও বাংলাদেশ উভয় দেশের প্রতিনিধিদের সমন্বয়ে জয়েন্ট স্টিয়ারিং ও জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ।

১৪। প্রকল্প চলাকালীন পরিদর্শন পরিবীক্ষণ সংক্রান্ত তথ্য (দাপ্তরিকসহ): প্রকল্পটি বাস্তবায়িত না হওয়ায় কেউ পরিদর্শন করেননি।

১৫। প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত যানবাহন সম্পর্কিত তথ্য:

ক্র: নং	ক্রয়কৃত যানবাহনের নাম/ধরণ	প্রকল্প বাস্তবায়নকালীন ব্যবহারকারী কর্মকর্তার/দপ্তরের নাম	যানবাহনের বর্তমান অবস্থা	যানবাহনের বর্তমান অবস্থান/দপ্তরের নাম (যে স্মারকমূলে দপ্তরে প্রেরিত হয়েছে সেই স্মারক নম্বর, পত্র সংযুক্ত করতে হবে)
-	যানবাহন ক্রয় করা হয়নি	প্রযোজ্য নহে	প্রযোজ্য নহে	প্রযোজ্য নহে

১৬। **প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশ ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য বর্তমান বাংলাদেশ সরকার সকলের নিকট যুক্তিসঙ্গত মূল্যে মানসম্মত বিদ্যুৎ সরবরাহের জন্য বদ্ধপরিকর। সে লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পাশাপাশি পাশ্ববর্তী দেশ হতে বিদ্যুৎ আমদানী করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। তদানুযায়ী প্রণীত মাষ্টার প্লান (PSMP-2016) মোতাবেক আর্থিকভাবে যুতসই পরিবেশ গুনাগুন বজায় রেখে নিরাপদ ১৫% (মোট সরবরাহের ক্যাপাসিটি) বিদ্যুৎ আমদানি করার জন্য গত ১১/১২/২০১৬ তারিখে বাংলাদেশ ও মধ্যে অনুষ্ঠিত Jont Steering Committee (JSC) এর ১৭তম সভায় সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটি গৃহীত হয় ।

১৭। প্রকল্পের উদ্দেশ্যঃ পূর্বাঞ্চলের বর্ধিত বিদ্যুৎ চাহিদা পূরনের জন্য ৫০০ মেঃওঃ বিদ্যুৎ ভারতের ত্রিপুরা ও আসাম থেকে আমদানী করা।

১৮। প্রকল্প পরিচালক/পরিচালকবৃন্দ সম্পর্কিত তথ্যঃ

ক্র: নং	প্রকল্পের নাম ও প্রকল্প কোড	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	প্রকল্প পরিচালক হিসাবে যোগদানের তারিখ	দায়িত্বের ধরণ (পূর্ণকালীন/ খন্ডকালীন)	প্রকল্পে দায়িত্ব পালনকালীন একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্ত কিনা		মূল দপ্তরের ঠিকানা, ফোন, মোবাইল, ফ্যাক্স ও ইমেইল
					হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা	
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.	৮.
১	" সূর্যমণিনগর (ত্রিপুরা, ভারত) হতে কুমিল্লা উওরে (বাংলাদেশ)	কিএম সফিকুল ইসলাম,তত্বাবধায়ক প্রকৌশলী	০১/০৭/২০১৮	খন্ডকালীন	হ্যাঁ	-	-
২		মোঃ আলমগীর হোসেন, তত্বাবধায়ক প্রকৌশলী	২৯/০১/২০১৯	পূর্ণকালীন	না	-	-

ক্র: নং	প্রকল্পের নাম ও প্রকল্প কোড	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	প্রকল্প পরিচালক হিসাবে যোগদানের তারিখ	দায়িত্বের ধরণ (পূর্ণকালীন/ খন্ডকালীন)	প্রকল্পে দায়িত্ব পালনকালীন একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্ত কিনা		মূল দপ্তরের ঠিকানা, ফোন, মোবাইল, ফ্যাক্স ও ইমেইল
					হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা	
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.	৮.
৩	৫০০ মেঃ ওঃ এইচভিডিসি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ" শীর্ষক প্রকল্প।	মুহাম্মদ জসিম উদ্দিন, তত্বাবধায়ক প্রকৌশলী (অতিঃ)	১৭/০৯/২০১৯	পূর্ণকালীন	না	-	-

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জন সম্পর্কিত:

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন (কী অর্জিত হয়েছে এবং কতটুকু)
দেশের পূর্বাঞ্চলের বর্ধিত বিদ্যুৎ চাহিদা পূরণ ভারতের ত্রিপুরা ও আসাম থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানীর জন্য প্রয়োজনীয় অবকাঠামো (৪০০ কেভি জিআইএস সুইচইয়ার্ড নির্মাণ, ৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এইচ ভি ডি সি ব্যাক টু ব্যাক স্টেশন) নির্মাণ	গত ২৬/০৮/২০১৯ তারিখে বাংলাদেশ ও ভারতের মধ্যে অনুষ্ঠিত Jont Steering Committee (JSC) এর ১৭তম সভায় সিদ্ধান্ত মোতাবেক বিদ্যুৎ বিভাগের ০১/০৯/২০২১৯ এর ২৭.০০.০০০০.০৮৩.১৪.০০৫.০১৮.৫২২ স্মরক এবং ইআর বিভাগের ১৯/০৮/২০১৯ তারিখের ০৯.০০.০০০০.১২৪.২৪.০০৪.১৭.১৭৭ স্মারক চিঠির প্রেক্ষিতে পিজিসিবি কর্তৃক প্রকল্পটি বাতিল (Drop করে) করা হয়।

২০। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:

যেসকল উদ্দেশ্য অর্জিত হয়নি	অর্জিত না হওয়ার কারণ
ভারতের ত্রিপুরা ও আসাম থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানীর জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ	গত ২৬/০৮/২০১৯ তারিখে বাংলাদেশ ও ভারতের মধ্যে অনুষ্ঠিত Jont Steering Committee (JSC) এর ১৭তম সভায় সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটি বাতিল করায় প্রকল্পের আওতায় কোন অবকাঠামো নির্মাণ করা হয়নি । ।

২১। প্রকল্পবাস্তবায়নকালে সম্মুখীন হওয়া সমস্যা/বাঁধা: প্রযোজ্য নহে

সমস্যা/বাঁধার নাম/বিবরণ	কিভাবে সমস্যা মোকাবেলা করা হয়েছে	সমস্যা মোকাবেলা করা না গেলে তার কারণ
৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এইচ ভি ডি সি ব্যাক টু ব্যাক স্টেশন) নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ভূমি উন্নয়ন কালে ভূমিরমালিকবৃন্দ এলাকায় রাস্তা বন্ধ হয়ে যাওয়ার আশংকা এবং একটি কবরস্থান ক্ষতিগ্রস্থ হবার আশংকায় সামাজিক প্রতিরোধ গড়ে তুলেছিল।	একটি রাস্তাও কবরস্থান অন্য স্থানে শিফট করা হয়।	

২২। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রযোজ্য নয়।

ক) বিলম্বের কারণ:

খ) বিলম্বজনিত কারণ:

আর্থিক:
অর্থনৈতিক:
আর্থ-সামাজিক:

২৩। প্রকল্পের উপকারিতা ও সৃষ্ট সুবিধার ব্যবহার:

২৩.১ বাস্তবায়নকারী প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যে (benefit) সম্পর্কে টার্গেট গ্রুপের সুস্পষ্ট ধারণা আছে কি না:

প্রকল্পের প্রাথমিক উপকারভোগী বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠানসমূহ এ বিষয়ে অবগত ছিলেন। প্রকল্পটি বাস্তবায়িত না হওয়ায় এ বিষয়ে অতিরিক্ত আর কোন তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়নি।

২১.২ প্রকল্পের সৃষ্ট সুবিধাদি ব্যবহারের উপযোগী কর্মসূচি হতে নেবার জন্য গৃহীত পদক্ষেপ: প্রকল্পটি বাস্তবায়িত না হওয়ায় এ বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়নি।

২৩.৩ প্রকল্পের মাধ্যমে মহিলাদের কর্মসংস্থান/আর্থ সামাজিক উন্নয়নের কী কী সুযোগ-সুবিধা সৃষ্টি হয়েছে: প্রকল্পটি বাস্তবায়িত না হওয়ায় এ বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ করা যায়নি ।

২৩.৪ পরিবেশের উপর প্রকল্প বাস্তবায়নের প্রভাব: ভূমি উন্নয়নের জন্য প্রয়োজনীয় মাটি স্থানীয় মাটি সরবরাহকারীদের কাছে থেকে সংগ্রহ করা হয়েছিল । সরবরাহকারীরা দেশের প্রচলিত আইন / বিধিনিষেধ এবং পরিবেশ/প্রতিবেশ সংরক্ষণ যথাযথে পদক্ষেপ না নিয়ে অপরিকল্পিতভাবে মাটি সংগ্রহ করে সরবরাহ করেছে। ফলে পার্শ্ববর্তী নদীর তলদেশ, কৃষি জমি ক্ষতিগ্রস্থ হয়েছে।

২৪। প্রকল্পের প্রভাব:

	ইতিবাচক	নেতিবাচক
ক) প্রত্যক্ষ		প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মাণের উদ্দেশ্যে সংগৃহীত ভূমি ভূমি উন্নয়নের জন্য প্রয়োজনীয় মাটি সরবরাহকারী কর্তৃক দেশের প্রচলিত আইন / বিধিনিষেধ এবং পরিবেশ/প্রতিবেশ সংরক্ষণ যথাযথে পদক্ষেপ না নিয়ে, কোন ক্ষেত্রে সরাসরি ড্রেজিং এর মাধ্যমে অপরিকল্পিতভাবে মাটি সংগ্রহকরার ফলে পার্শ্ববর্তী নদীর তলদেশ, কৃষি জমি ক্ষতিগ্রস্থ হয়েছে।
খ) পরোক্ষ	জয়েন্ট স্টিয়ারিং কমিটি ও জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের সভার মাধ্যমে ভারত ও বাংলাদেশের সংশ্লিষ্ট সেক্টরের প্রতিনিধিদের মিথস্ক্রিয়া সম্পন্ন হতে পেরেছেএবং এক্ষেত্রে SWOT বিশ্লেষণের সুযোগ তৈরি হয়েছে । এ ধরণের প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা শেয়ারিং এর মাধ্যমে উভয় দেশের বিদ্যুৎ সেক্টরের সক্ষমতা এবং সম্ভাবনার কিছু ক্ষেত্র উন্মোচিত হয়েছে যা দেশের নীতি / স্ট্র্যাটেজি প্রণয়নে কাজে আসবে বলে আশা করা যায় ।	

২৫। প্রকল্প থেকে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা:

২৫.১ প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে গিয়ে কারিগরি ও আর্থিকভাবে লাভবান হবে না বিধায় প্রকল্পটি বাতিল করা হয়। এ প্রকল্প বন্ধ হয়ে যাওয়ায় কোন অর্জনযোগ্য সাফল্য পাওয়া থেকে দেশ বঞ্চিত হয়নি বলে প্রতীয়মান ।

২৫.২ আন্তঃদেশীয় সম্পর্কের উপর এ ধরনের প্রকল্পের ভবিষ্যত নির্ভরশীল। যাহা বৈশ্বিক পরিবর্তনের সহিত সম্পর্কযুক্ত বিধায় একান্ত অপিরহার্য হলে এবং অন্য বিকল্প উপায় না পাওয়া গেলে, নিবিড় স্টাডি করে যথাযথ পরীক্ষা নিরীক্ষা করে তবেই এধরনের প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

২৫.৩ প্রকল্প প্রণয়নের শুরুতে কারিগরি ও আর্থিকভাবে লাভজনক হয় কিনা তা বিবেচনায় নিয়ে প্রকল্প গ্রহণ করা উচিত। নিরবিছিন্ন বিদ্যুৎ প্রাপ্তির নিশ্চয়তা না থাকলে এ ধরনের প্রকল্প গ্রহণ করা উচিত না।

২৬। প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:

প্রকল্পের স্থিরচিত্র	প্রকল্পের স্থিরচিত্র	প্রকল্পের স্থিরচিত্র
		

২৭। সুপারিশ:

২৭.১. অনিবার্য কারণে প্রকল্প ড্রপ করা বা অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা করার জন্য সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি শিরোনামে পরিকল্পনা বিভাগের ১০ অক্টোবর ২০১৬ তারিখে জারিকৃত ২০.৮০৪.০১৪.০০.০০.০১৪.২০১২ (অংশ-১)/২০৪ স্মারকে জারিকৃত পরিপত্রের ১৬.১৮ অনুচ্ছেদ অনুসরণ করতে হবে। বিদ্যুৎ বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারে।

২৭.২. প্রকল্পের প্রয়োজনে যে ভূমি সংস্থান রাখা/ভূমি উন্নয়ন করা হয়েছিল তা পিজিসিবি এর আওতায় ভবিষ্যতে ৭৬৫/৪০০ কেভি উপকেন্দ্র নির্মাণ করার যেতে পারে।

২৭.৩. প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তি হওয়ার দালিলিক প্রমাণ পত্র প্রেরণ করতে হবে। উক্ত দলিল প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের পিসিআর মূল্যায়ন এর বিষয়টি আইএমই বিভাগ কর্তৃক নিষ্পত্তি করা হবে।

পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ ঢাকা বিভাগীয় কার্যক্রম-২ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯)

১। **প্রকল্পের নাম** : পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ ঢাকা বিভাগীয় কার্যক্রম-২ (২য় সংশোধিত)।

২। **প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম** : ড. খান মোঃ মনিরুজ্জামান, পরিচালক (উপসচিব)

৩। **প্রকল্প পরিদর্শনের তারিখ** : ২৮ জুন ২০২১

৪। **প্রকল্পের অবস্থান** : ঢাকা বিভাগের ২৩টি পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকা।

৫। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি)।

৬। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৭। **প্রকল্পের প্রাক্কলিতব্যয়ওবাস্তবায়নকাল:** (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (ডিসেম্বর ২০১৯ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৬৪৫৩৭.০০	১৫২৮৫৭.০০	১৫১৬৫৪.৫২	১ জুলাই ২০১৪ হতে ৩০ জুন ২০১৮	১ জুলাই ২০১৪ হতে ৩১ ডিসেম্বর ২০১৯	১ জুলাই ২০১৪ হতে ৩১ ডিসেম্বর ২০১৯	৭.৮২%	৩৭.৫০%

৮। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:** (লক্ষ টাকায়)

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর২০১৬ পর্যন্ত)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
১	২	৩	৪	৫	৬	৭
৪৫০১	অফিসারদের বেতন	জন	১৬৪.২৪	৩৩	১৬৪.২৪ (১০০%)	৩২ (৯৬.৯৭%)
৪৬০১	কর্মচারীদের বেতন	জন	১২৫.৫৪	৪৯	১২৬.০০ (৯৯.৮৫%)	৩৫ (৭১.৪৩%)
৪৭০০	**ভাতাদি**					
৪৭০১	মহার্ঘ ভাতা	জন	০.৮৮	৮২	০.৮৮ (১০০%)	৬৭ (৮১.৭১%)
৪৭০৫	বাড়িভাড়া ভাতা	জন	১৩৫.০৪	৮২	১৩৫.২৪ (৯৯.৯০%)	৬৭ (৮১.৭১%)
৪৭১৩	উৎসব ভাতা	জন	৪৫.৩২	৮২	৪৪.৩১ (৯৭.৭৭%)	৬৭ (৮১.৭১%)
৪৭১৭	চিকিৎসা ভাতা	জন	৩০.১৫	৮২	৩০.২৩ (৯৯.৯৩%)	৬৭ (৮১.৭১%)
৪৭৫৫	টিফিন ভাতা	জন	২.৭৩	৮২	২.৭৩ (১০০%)	৬৭ (৮১.৭১%)
৪৭৬৫	যাতায়াত ভাতা	জন	০.৮২	৮২	০.৮১ (৯৮.৭৮%)	৬৭ (৮১.৭১%)

৪৭৯৫	অন্যান্য ভাতা	জন	৭৯.৫৮	৮২	৭৯.৬৯ (৯৯.৮৯%)	৬৭ (৮১.৭১%)
৪৮০০	**<u>সরবরাহ এবং সেবা</u>**					
৪৮০১	ভ্রমণ ব্যয়	থোক	৮৬.১৬	থোক	৮২.২৩ (৯৫.৪৪%)	থোক (১০০%)
৪৮০৬	ভাড়া অফিস	থোক	৮.০৮	থোক	৮.০৮ (১০০%)	থোক (১০০%)
৪৮১৬	টেলিফোন	থোক	৬.৪৫	থোক	৫.৮৮ (৯১.১৬%)	থোক (১০০%)
৪৮২১	বিদ্যুৎ	থোক	০.৬৭	থোক	০.৬৭ (১০০%)	থোক (১০০%)
৪৮২২	গ্যাস ও জ্বালানী	থোক	০.০৪	থোক	০.০৪ (১০০%)	থোক (১০০%)
৪৮২৩	পেট্রল ও লুব্রিক্যান্ট [জীপ-০২ টি, পিক-আপ-০৩ টি ও মোটর সাইকেল-২৫ টি]	থোক	৬২.৩৫	থোক	৪৭.৭৪ (৭৬.৫৭%)	থোক (১০০%)
৪৮২৭	মুদ্রন ও বাধাঁই	থোক	১০০.৫৯	থোক	৯৮.৯৪ (৯৭.৩৯%)	থোক (১০০%)
৪৮২৮	ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্প	থোক	৩০.৯৩	থোক	২৮.২৩ (৯১.২৭%)	থোক (১০০%)
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক	৮.২৭	থোক	৭.৩৪ (৮৮.৭৫%)	থোক (১০০%)
৪৮৪৬	পরিবহনব্যয়	থোক	৭৪৫.১৩	থোক	৭৪২.৬০ (৯৯.৬৬%)	থোক (১০০%)
৪৮৭৪	কন্সালটেন্সী (ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইন & সুপারভিশন)	কিঃমিঃ/টি	১৯১১.০০	লাইন-১০০০০ উপকেন্দ্র-৫০টি	১৮১১.৮১ (৯৪.৮১%)	লাইন-১০,১৩৬ কিঃমিঃ (১০১.৩৬%) উপকেন্দ্র-৫০ টি. (১০০%)
৪৮৮৩	সম্মানী	থোক	২৯.৫৪	থোক	২৫.৮২ (৮৭.৪১%)	থোক (১০০%)
৪৮৮৫	টেস্টিংফি	থোক	১০.৭০	থোক	১০.৭০ (১০০%)	থোক (১০০%)
৪৮৮৯	অন্যান্যব্যয়	থোক	১৯.৯০	থোক	১৮.১৭ (৯১.৩১%)	থোক (১০০%)
৪৯০০	**<u>রক্ষনাবেক্ষণ ও পুনর্বাসনব্যয়</u>**					
৪৯০১	মোটর যানবাহন (জীপ-০২টি, পিকআপ-০৩টি ও মোটর সাইকেল-২৫টি)	থোক	৬১.৯৬	থোক	৫৪.৮৬	থোক (১০০%)
৪৯০৬	আসবাবপত্র	থোক	০.১৩	থোক	-	-
৪৯১৬	কম্পিউটার এবং অফিস সরঞ্জাম	থোক	২.৮০	থোক	২.৩০ (৮২.১৪%)	থোক (১০০%)
৪৯৯১	অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	১.৩৭	থোক	০.৫৭ (৪১.৬১%)	থোক (১০০%)
	(ক) উপ- মোট (রাজস্ব)		**৩৬৭২.৬৬**		**৩৫৩০.১১ (৯৬.১২%)**	

৬৮০০	**সম্পদসংগ্রহ**					
৬৮০৭	মোটর যানবাহন	টি	৩২১.৭৮	জীপ-০২টি, পিকআপ-০৩টি ও মোটর সাইকেল-২৫টি	৩২১.৭৮ (১০০%)	জীপ-০২টি, পিকআপ-০৩টি ও মোটর সাইকেল-২৫টি (১০০%)
৬৮১৫	কম্পিউটার ও ইহার যন্ত্রাংশ	সেট	১২.৭৮	১৮	১২.৭৮ (১০০%)	১৮ (১০০%)
৬৮২১	আসবাবপত্র		৬.৪৪	থোক	৬.৪৪ ১০০%)	থোক (১০০%)
৬৮২৭	বৈদ্যুতিক সরঞ্জাম (যন্ত্রপাতি ও মালামাল)	লট	১১০৭৯৯.৪৬	লট	১১০৭৯৯.২৫ (৯৯.৯৯%)	লট (১০০%)
৬৮৫১	অন্যান্য (এসি, ফটোকপি)	থোক	১.৯৬	থোক	১.৯৬(১০০%)	থোক (১০০%)
৬৯০০	**ভূমিঅধিগ্রহণ/ক্রয়**					
৬৯০১	ভূমিঅধিগ্রহণ/ক্রয়	একর	৮৯১.৩৯	১০.৪০	৮৯১.৩৯ (১০০%)	১০.৪০ (১০০%)
৭০০	**নির্মাণকাজ**					
৭০৫৬	বৈদ্যুতিক স্থাপনা (লাইন ও উপকেন্দ্র নির্মাণ)	কিঃমিঃ/টি	৩৭১৪৭.১৮	লাইন-১০০০০ নতুন উপকেন্দ্র-৩৫টি উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন-১৫টি	৩৬০৮৭.৪৬ (৯৭.১৫%)	লাইন-১০,১৩৬ কিঃমিঃ (১০১.৩৬%) নতুন উপকেন্দ্র-৩৫টি (১০০%) উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন-১৫টি (১০০%)
৭৯৮১	বিবিধ মূলধন ব্যয়	থোক	৩.৩৫	থোক	৩.৩৫ (১০০%)	থোক
	(খ) উপমোট(মূলধন)		**১৪৯১৮৪.৩৪**		১৪৮১২৪.৪১ (৯৯.২৯)	
	সর্বমোট (ক+খ)	**-**	**১৫২৮৫৭.০০**		১৫১৬৫৪.৫২ (৯৯.২১%)	১০০%

৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**কোন কাজ অসমাপ্ত নেই।

১০। **পটভূমিঃ**সভ্যতার উন্নয়নের অন্যতম নিয়মক বিদ্যুৎ। ১৯৭৫ সালের জুলাই মাসে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডর প্রকৌশলী সম্মেলনে রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দিকনির্দেশনামূলক ভাষণে বলেন “বিদ্যুৎ ছাড়া কোন কাজ হয় না, কিন্তু দেশের জনসংখ্যার শতকরা ১৫ ভাগ লোক যে শহরের অধিবাসি সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকলেও শতকরা ৮৫ জনের বাসস্থান গ্রামে বিদ্যুৎ নাই। গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিতে হইবে। ইহার ফলে গ্রাম বাংলার সর্বক্ষেত্রে উন্নতি হইবে”। ১৯৯৬ থেকে ২০০১ সালে বিদ্যুৎ উৎপাদন ১৬০০ থেকে ৪৩০০ মেগাওয়াটে উন্নিত হয়। ১৯৯৬ সালে বিদ্যুৎ উৎপাদনে বেসরকারী বিনিয়োগ আকৃষ্ট করার জন্য “প্রাইভেট সেক্টর পাওয়ার জেনারেশন পলিসি অব বাংলাদেশ” প্রণয়ন করা হয়। যার ফলে বর্তমানে বিদ্যুৎ উৎপাদনে বেসরকারী অংগগ্রহণ প্রায় ৫০ ভাগ। তাছাড়া বিদ্যুতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে নানা কার্যক্রম গ্রহণ করা হয়। পরে ২০০৯ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দেন দিন বদলের সনদ ২০২১ “রূপকল্প”। তিনি নির্বাচনী ইশতাহারে ঘোষণা দেন ২০২১ সালের মধ্যে সবার ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছানো হবে।

'শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ' এ শ্লোগানকে সামনে রেখে সবার জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে ইতোমধ্যে ২৫,২২৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা অর্জিত হয়েছে। গত একযুগে বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ লাইন নির্মাণের ক্ষেত্রে ব্যাপক কার্যক্রম গ্রহণ করার ফলে বর্তমানে মোট সঞ্চালন লাইনের পরিমান ১২,৬৯২ সার্কিট কিলোমিটার এবং বিতরণ লাইনের পরিমাণ ৬,০৩,০০০ কিলোমিটার এ উন্নিত হয়েছে। ২০৩০ সালের মধ্যে মোট সঞ্চালন লাইনের পরিমাণ ২৮ হাজার সার্কিট কিলোমিটার এবং বিতরণ লাইনের পরিমাণ ৬০,৬০,০০০ কিলোমিটার উন্নিত করণের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। দেশের আনুমানিক ৪০-৪৫% বিদ্যুৎ পল্লী বিদ্যুতায়ন বোর্ড গ্রাহকগণ ব্যবহার করে থাকে। তাদের গৃহীত কার্যক্রমের আওতায় প্রায় ৭০,৫০০ কি: মি: লাইন নির্মিত হয়েছে। আরও নতুন নতুন লাইন নির্মাণের মাধ্যমে অধিক সংখ্যক এলাকায় বিদ্যুৎ সরবরাহের জন্য বাস্তবায়নকৃত আলোচ্য প্রকল্পটি প্রণিধানযোগ্য ভূমিকা রেখেছে।

১১। উদ্দেশ্যঃ

(১) গ্রামীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য বিদ্যুৎ সুবিধা প্রদান;

(২) ১০,০০০ কিঃমিঃবৈদ্যুতিক লাইন নির্মাণ/ক্ষমতাবর্ধন (নতুন ৯,৩০৩ কিঃমিঃএবং ৬৯৭ কিঃমিঃ ক্ষমতাবর্ধন);

(৩) ৩৫টি নতুন ৩৩/১১ কেভি (৪৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ ;

(৪) ১৫টি ৩৩/১১ কেভি (১৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন ;

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

ক) প্রকল্প অনুমোদনের তারিখ: ১৫-০৭-২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়।

খ) ১ম সংশোধিত প্রকল্প অনুমোদনের তারিখ: ২০-১২-২০১৬ খ্রি: (ব্যয় ও মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে)।

গ) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির তারিখ: ১৭-০৪-২০১৮ খ্রি:।

ঘ) ২য় সংশোধিত প্রকল্প অনুমোদনের তারিখ: ২২-০৮-২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক এবং ১৬-০৯-২০১৯ তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হতে অনুমোদিত হয়।

১৩। প্রকল্পের আর্থিক অগ্রগতি: **লক্ষ টাকায়**

অর্থবছর	এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৪-১৫	৫৩৫১.০০	৫৩৫১.০০	-	৫৩৫১.০০	৫৩১৩.৬২	৫৩১৩.৬২	-	৩৭.৩৮
২০১৫-১৬	৪১৬১০.০০	৪১৬১০.০০	-	৪১৬১০.০০	৪১৬০৭.৬৮	৪১৬০৭.৬৮	-	২.৩২
২০১৬-১৭	৪৭৩০০.০০	৪৭৩০০.০০		৪৭৩০০.০০	৪৬৮৭০.২৬	৪৬৮৭০.২৬		৪২৯.৭৪
২০১৭-১৮	৩৫০০০.০০	৩৫০০০.০০		৩৫০০০.০০	৩৪৯৯৯.৯৮	৩৪৯৯৯.৯৮		০.০২
২০১৮-১৯	১৪০০০.০০	১৪০০০.০০		১৪০০০.০০	১৩৯৯৯.৯৯	১৩৯৯৯.৯৯		০.০১
সর্বমোট	**১৫২১২৫**	**১৫২১২৫**	**-**	**১৫২১২৪.০০**	**১৫১৬৫৪.৫২**	**১৫১৬৫৪.৫২**	**-**	**৪৬৯.৪৮**

১৪। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণঃ

বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিদ্যুৎবিভাগের আওতায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ ঢাকা বিভাগীয় কার্যক্রম-২ (২য় সংশোধিত) প্রকল্পটির সমাপ্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি'র সেক্টর-১ এর পরিচালক (উপসচিব) জনাব ড. খান মোঃ মনিরুজ্জামান ২৮/০৬/২০২১ তারিখে প্রকল্প এলাকা (নারায়নগঞ্জ-১ ও নারায়ণগঞ্জ-২ পল্লী বিদ্যুৎ সমিতি এলাকায় বাস্তবায়িতব্য অংশ) পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিস্ট কর্মকর্তাগণ এবংপরিদর্শিত এলাকার পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৪.১ **লাইন নির্মাণ:** এ প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১/২ এর আওতায় ডিপিপি'তে ১৬৪ কি: মি: ডাবল সার্কিট ও সিংগেল সার্কিট লাইন নির্মাণের সংস্থান ছিল । যার মধ্যে নারায়ণগঞ্জ -১ এর আওতায় ছিল ৬৮ কি: মি: এবং নারায়ণগঞ্জ-২ এর আওতায় ৯৬ কি: মি: লাইন নির্মাণ করা হয়েছে। যার সম্পুর্ণটাই বাস্তবায়ন করা হয়েছে (বাস্তব অগ্রগতি ১০০%)। নারায়ণগঞ্জ-১ এর আওতায় কয়েকটি লাইন নির্মাণ কার্যক্রম পরিদর্শন করা হয় যেমন: আখালিয়া উপকেন্দ্র হতে তালতলা বাজার পর্যন্ত ৪ কি: মি: ডাবল সার্কিট নতুন লাইন নির্মাণ, বিপিএম উপকেন্দ্র হতে মদনপুর পর্যন্ত ৪ কি: মি: ডাবল

সার্কিট নতুন লাইন, আন্দির পাড় হতে গঙ্গা নগর বাজার পর্যন্ত ৩ কি: মি: সিঙ্গেল লাইন নির্মাণ এবং কাবিলগঞ্জ উপকেন্দ্র হতে মুগড়া পাড়া বাজার পর্যন্ত ৩.৫ কি: মি: ডাবল সার্কিট নতুন লাইন নির্মাণ কাজ সরেজমিন পর্যবেক্ষণ করা হয়।

১৪.২ **উপকেন্দ্র আপগ্রেডেশন:** এ প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ-১ পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় তারাব -১ উপকেন্দ্রটি আপগ্রেডেশন করা হয়েছে। পূর্বে এ উপকেন্দ্রটি ১০ এমভিএ ছিল। বর্তমানে ১০ এমভিএ থেকে ২০ এমভিএ'তে আপগ্রেডেশন করা হয়েছে। পরিদশনকালে উপকেন্দ্রটি চালু অবস্থায় রয়েছে বলে প্রতীয়মান হয়েছে। উপকেন্দ্রটি সার্বিকভাবে সার্বক্ষণিক পর্যবেক্ষণ এর মাধ্যমে ত্রুটি সমূহের সমাধানকল্পের ব্যবস্থা গ্রহণের জন্য উপকেন্দ্রে নিয়োজিত কর্মকর্তাগণকে মনিটরিং জোরদার করার জন্য দিকনির্দেশনা প্রদান করা হয়।

১৪.৩ **উপকেন্দ্র নির্মাণ:** এ প্রকল্পের নারায়ণগঞ্জ -২ পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় জলসিড়ি আবাসন এলাকায় একটি ২০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে উপকেন্দ্রটি চালু অবস্থায় রয়েছে বলে প্রতীয়মান হয়েছে। বর্তমানে জলসিড়ি এলাকায় যে পরিমাণ লোড রয়েছে তা এ উপকেন্দ্রের মাধ্যমে চাহিদা পুরণ করা সম্ভবপর বলে সংশ্লিষ্টগণ জানিয়েছেন। ভবিষ্যতে জলসিড়ি আবাসন সম্পূর্ণরূপে চালু হলে লোড বৃদ্ধির সাথে সাথে আরো উপকেন্দ্র নির্মাণ করার প্রয়োজন হবে বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

১৫। ক্রয় কার্যক্রম সংক্রান্ত:

প্যাকেজ নং	সাব-প্যাকেজ নং	প্রাক্কলিতব্যয়	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তিরতারিখ	কাজ সমাপ্তির তারিখ	
						চুক্তি অনুযায়ী	প্রকৃত
ডিডিপি-২-জি-১	লট-১	৩৩২১৯২৪২.৮৮	৩৮১৮০৮০০	১৬-০৯-১৪	২২-১২-১৪	১২-০৪-১৫	২৩-০৪-১৫
ডিডিপি-২-জি-২	লট-১	১৬০১০০০০	১৮০৯০০০০	১৬-০৯-১৪	১৮-১২-১৪	০৮-০৪-১৫	১১-০৩-১৫
ডিডিপি-২-জি-৩	লট-১	১৩০০০০০০০	১৩১১১৫০০০	১৬-০৯-১৪	০১-০৩-১৫	১৮-০৭-১৫	১৮-০৩-১৫
	লট-২	১৩০০০০০০০	১৩০৯৯৯০০০	১৬-০৯-১৪	২৪-০২-১৫	১৩-০৭-১৫	২৩-০৩-১৫
	লট-৩	১৩০০০০০০০	১১৪৭৭৩৬০০	১৬-০৯-১৪	১৯-০৩-১৫	০৫-০৮-১৫	১৪-০৫-১৫
ডিডিপি-২-জি-৪	লট-১	৩২৬০৭০০০	২৩৮৯৩৬০০	১৬-০৯-১৪	২২-১২-১৪	১২-০৪-১৫	১৮-০৩-১৫
ডিডিপি-২-জি-৫	লট-১	৬৯৬০০০০	৮৩১৫০০	১৬-০৯-১৪	১৮-১২-১৪	০৮-০৪-১৫	১৬-০৪-১৫
ডিডিপি-২-জি-৬	লট-১	১৩০০০০০০	১৩৮৫২০০০	৩০-০৩-১৫	১৭-০৬-১৫	১৪-০৯-১৫	২৫-০৬-১৫
	লট-২	১৪০০০০০০	১৪৩৫৩৩৯৫	৩০-০৩-১৫	১৭-০৬-১৫	১৪-০৯-১৫	০৯-০২-১৬
	লট-৩	৩২৫০০০০	৩২৮৭৫০০	৩০-০৩-১৫	২১-০৫-১৫	১২-০৮-১৫	০৩-০৯-১৬
ডিডিপি-২-জি-৭	লট-১	১৫০৫১৬৬৮০	১৭৪৪২৮৮০৮	১০-০২-১৫	০১-০৭-১৫	২০-১০-১৫	১৩-১০-১৫
ডিডিপি-২-জি-৮	লট-১	৭৭২৩১৫০০	৮৩০৯৬১৮৭.৫	০৬-০৯-১৫	০২-১২-১৫	২২-০৩-১৬	২৮-০৮-১৬
ডিডিপি-২-জি-৯	লট-১	৪৬৭১৯৬৭৩৫	৫০৫১৭৫৩৩৫	১০-০২-১৫	০৩-০৯-১৫	২৩-১২-১৫	১৭-১২-১৫
ডিডিপি-২-জি-১০	লট-১	১৩৭৫৮৬১১০	১২৯৯৭৭৭৭৩.০৬	০৬-০৪-১৫	০১-০৯-১৫	২১-১২-১৫	০৯-১২-১৫
ডিডিপি-২-জি-১১	লট-১	৬০৩৮৫৭২০	৬৩৪০৩৩৬০	১০-০২-১৫	০১-০৭-১৫	১৭-১১-১৫	০৪-১১-১৫

প্যাকেজনং	সাব-প্যাকেজ নং	প্রাক্কলিতব্যয়	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তিরতারিখ	কাজ সমাপ্তির তারিখ	
						চুক্তি অনুযায়ী	প্রকৃত
ডিডিপি-২-জি-১২	লট-১	২৬৬১৪৪০০	৩২৪৬৫৮৬০০	১৬-০৩-১৫	১৮-০৮-১৫	০৭-১২-১৫	২৭-১০-১৫
	লট-২	২৬৬১৪৪০০	৩৩৮৯৪৩০০০	১৯-১০-১৫	২৪-০২-১৬	১৪-০৬-১৬	২৬-০৪-১৬
ডিডিপি-২-জি-১৩	লট-১	৩৮৯১৪৬২৫	৩৩৮৯৩৫০০	১০-০২-১৫	০১-০৭-১৫	১৭-১১-১৫	২৯-১০-১৫
	লট-২	৪৯৮৩৪০০	৫১৬১৯৩০	১০-০২-১৫	০১-০৭-১৫	১৭-১১-১৫	২৭-১০-১৫
	লট-৩	৬২০০০০০	৬১৩৯৬০০	২৮-১০-১৫	২১-০১-১৬	২৫-০৫-১৬	১৬-০৪-১৬

ডিডিপি-২-জি-১৪	লট-১	২৬০০০০০০	২৫৯৬৬৫০০	০৬-০৪-১৫	১৩-০৩-১৫	১৮-০৬-১৫	০৫-০৪-১৬
	লট-২	২৬০০০০০০	২৬০৮৫৫৭৪	২৬-১০-১৫	০৭-০২-১৬	২৫-০৬-১৬	২৮-০৩-১৬
ডিডিপি-২-জি-১৫	লট-১	৬১৫৯৪৭০০	৫৩৩৯১৬৪৫	১০-০২-১৫	১৪-০৭-১৫	৩০-১১-১৫	২৬-০৩-১৬
ডিডিপি-২-জি-১৬	লট-১	১২৯৪৬৫০০০	১২০৩৩০০০০	১০-০২-১৫	২০-০৯-১৫	০৯-০১-১৬	২০-০৪-১৬
	লট-২	১২৯৪৬৫০০০	১২৭৫৩০০০০	১৭-১৬-১৫	০৯-০২-১৬	৩০-০৫-১৬	০৫-০৬-১৬
	লট-৩/১	৫০০০০০০০	৫৩০৪৩২০০	২৮-১২-১৫	০৮-০৩-১৬	২৫-০৭-১৬	০৮-০৬-১৬
	লট-৪	৯০৫৩০০০	৬৩১৪০০০	১০-০২-১৫	০৪-০৮-১৫	২৩-১১-১৫	০৬-১১-১৫
ডিডিপি-২-জি-১৭	লট-১/১	৪৭০০০০০০	৪৭১৩৯৮৪০	০৩-০২-১৬	১৮-০৪-১৬	০৭-০৮-১৬	২৮-০৬-১৬
ডিডিপি-২-জি-১৮	লট-১	৫২০১৯০১৬৬	৫৫৩৭৮৯৮৫৫	১০-০২-১৫	০৯-০৮-১৫	২৬-১২-১৫	১৮-১১-১৫
	লট-২	৫২০১৯০১৬৬	৫৫৩৯১৭৩৫২	১০-০২-১৫	১১-০৭-১৫	২৭-১১-১৫	০৫-০৩-১৬
ডিডিপি-২-জি-১৯	লট-১	১০৭৪১৫৮৪৮	১২৩৭১২৮৮০	১০-০২-১৫	০৭-০৭-১৫	২৩-১১-১৫	০৭-১২-১৬
ডিডিপি-২-জি-২০	লট-১	৯৮০১৩৬০০	৭১৯৮০৮০০	১০-০২-১৫	০১-০৭-১৫	২০-১০-১৫	১২-১১-১৫
ডিডিপি-২-জি-২১	লট-১	৩৭৮৯১২৭৫	৪১৫৬০৯৯৪.৮২৫	০৬-০৯-১৫	১২-১১-১৫	০২-০৩-১৬	০৬-০৩-১৬
ডিডিপি-২-জি-২২	লট-১	২৭০০০০০০	২৬২০০৫০০	২৮-১০-১৫	২১-০১-১৬	২৫-০৫-১৬	১৪-০৫-১৬
ডিডিপি-২-জি-২৩	লট-১	৩৬৯০০৬৬৮	৩৭১৮৪২৯৪	২৩-০৩-১৫	০১-০৭-১৫	২০-১০-১৫	২৭-১০-১৫
	লট-২	৬২০৭০৪০	৬২০৩৬৪০	১০-০২-১৫	০১-০৭-১৫	২০-১০-১৫	২৮-১১-১৫
ডিডিপি-২-জি-২৪	লট-১	৫৪৭২০০০০	৪০৫৯০০০০	১০-০২-১৫	১৬-০৯-১৫	০২-০২-১৬	০৯-০১-১৬
	লট-২	১৬৯১৩৫০০	১৮৫০০০০০	১০-০২-১৫	০১-০৭-১৫	২০-১০-১৫	১৯-০১-১৬
ডিডিপি-২-জি-২৫	লট-১	৯০১৬০০০০	৯৫০০০০০০	১৬-০৩-১৫	০১-০৭-১৫	১৭-১১-১৫	০২-১২-১৫
ডিডিপি-২-জি-২৬	লট-১/১	৫২২৫০০০০	৪২৩৭৪৭৫০	০৬-০৭-১৫	২০-০১-১৬	০৭-০৬-১৬	২৫-০৬-১৬
ডিডিপি-২-জি-২৭	লট-১	৮৫৫০০০০০	৮৫৮৩১২৫০	২৮-০৪-১৬	২৮-০৭-১৬	৩০-১১-১৬	৩০-১১-১৬
	লট-২	৫৫৫০০০০০	৫৫২৫৮০৫৩.৪	২৮-০৪-১৬	২৬-০৭-১৬	১৪-১১-১৬	২৬-১০-১৬
ডিডিপি-২-জি-২৮	লট-১	৬৫০০০০০০	৬৭৪৮৯২৬৪	২৮-০৪-১৬	২৭-০৭-১৬	১৫-১১-১৬	২২-১২-১৬
ডিডিপি-২-জি-২৯	লট-১	৬৬৫৮২৫৩২৭	৫০৫৯৪৫৯৭২	১৭-০১-১৬	০৪-০৯-১৬	০৭-০১-১৭	১১-০২-১৭
ডিডিপি-২-জি-৩০	লট-১	১৮৫০০০০০০	১৮৮৫২২৯১৪.৫৬	২৮-০৪-১৬	২৮-০৭-১৬	১৬-১১-১৬	১৩-১২-১৬
ডিডিপি-২-জি-৩১	লট-১	৫২০০০০০০	৫১১৫৬২১৫	০৫-০৫-১৬	২৬-০৭-১৬	১২-১২-১৬	১৪-১১-১৬
ডিডিপি-২-জি-৩২	লট-১	৮১১৩৮৪২০০	৮৬৩২২৩৫০০	০২-১০-১৬	২৭-০২-১৭	১৮-০৬-১৭	১১-০৬-১৭
ডিডিপি-২-জি-৩৩	লট-১	৩০৫০০০০০	৩০৪২৮৩৯০.২	০৪-০৫-১৬	২৭-০৭-১৬	১৩-১২-১৬	০৮-১০-১৬
	লট-২	১৫০০০০০০	১৪০৯৮৫০০.০২	০৪-০৫-১৬	০২-০৮-১৬	১৯-১২-১৬	২৮-০২-১৭
	লট-৩	৫৫০০০০০	৫৫২৪০৯৭	০৪-০৫-১৬	২৭-০৭-১৬	১৩-১২-১৬	০৯-১১-১৬
ডিডিপি-২-জি-৩৪	লট-১	২৯০০০০০০	২৯০৩১১০০	২৯-০২-১৬	২৫-০৭-১৬	১৫-১১-১৬	২৫-১১-১৬
	লট-২	১৬৫০০০০০	১৬৫৬৪৬৫৮.৫৫	০৯-০৫-১৬	২৬-০৭-১৬	১২-১২-১৬	১৫-১২-১৬
ডিডিপি-২-জি-৩৫	লট-১	৩৫৫০০০০০০	৩৫৩৬৪৪২৭.০৯	০৯-০৫-১৬	২৬-০৭-১৬	১২-১২-১৬	২৭-১১-১৬

প্যাকেজ নং	সাব-প্যাকেজ নং	প্রাক্কলিত ব্যয়	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	
						চুক্তি অনুযায়ী	প্রকৃত
ডিডিপি-২-জি-৩৬	লট-১	২০৪৬৭৮০০০	১৬৭৪৯৪০০০	১৫-০২-১৬	১৪-০৮-১৬	০৩-১২-১৬	০১-১২-১৬
	লট-২	২৫৭২৮৭৫০০	১২৫৬১২০০০	১৫-০২-১৬	১১-০৮-১৬	২৮-১২-১৬	২০-১২-১৬
	লট-৩	১২৩৪৫০০০	৭০০৫০০০	১৫-০২-১৬	০৩-০৮-১৬	২২-১১-১৬	২৯-১০-১৬
ডিডিপি-২-জি-৩৭	লট-১	৯৮০০০০০০	৯৭৬৯৯৪০০	০৮-১২-১৬	২৫-০১-১৭	১৬-০৫-১৭	২০-০৩-১৭
ডিডিপি-২-জি-৩৮	লট-১	৮২০০০০০০০	১০৫২০৩২৬০০	১৫-০২-১৬	১৯-০৯-১৬	০৫-০২-১৭	২৯-০৬-১৭
ডিডিপি-২-জি-৩৯	লট-১	১৪৫০০০০০০	১৪৮৫৮৫৬৪০.৮২৯	০৩-০৫-১৬	১৮-০৭-১৬	০৪-১২-১৬	২৮-১২-১৬
ডিডিপি-২-জি-৪০	লট-১	৪৫০০০০০০	৪৩৭৪৭০৪৭.৪	০৩-০৫-১৬	২৮-০৭-১৬	১৬-১১-১৬	২৩-১০-১৬
ডিডিপি-২-জি-৪১	লট-১	৯৮৪৪৪৬৯৯২	৩৯০১১৮৮৩	২৮-০৬-১৬	১৪-০৭-১৬	০২-১১-১৬	০২-০৯-১৬
ডিডিপি-২-জি-৪২	লট-১	৯০৫০০০০০	৯০৮৩২৫২১.১৭	০৬-১২-১৬	১৮-০১-১৭	০৬-০৬-১৭	০৮-০৬-১৭
ডিডিপি-২-জি-৪৩	লট-১	২৭০০০০০০০	২৭২৮৯৪৫১৩.৪৯	০৬-১২-১৬	০৩-০১-১৭	২৪-০৪-১৭	০৯-০২-১৭
ডিডিপি-২-জি-৪৪	লট-১	৬৫০০০০০০	৬৬৫০০০০০	০৪-১২-১৬	২৫-০১-১৭	১৬-০৫-১৭	০৮-০৮-১৭
ডিডিপি-২-জি-৪৫	লট-১	৩৪৫০০০০০	৩৪২৯৯০৪০	২৮-১২-১৬	২৫-০১-১৭	১৬-০৫-১৭	২৩-০৩-১৭
ডিডিপি-২-জি-৪৬	লট-১	১৮৫০০০০০	১৮৬১২৪৫৪.৩৭	০৬-১২-১৬	১৬-০১-১৭	০৭-০৫-১৭	১৪-০৫-১৭
ডিডিপি-২-জি-৪৭	লট-১	৪২৫০০০০০	৪২৪৮০০০০	০৬-১২-১৬	১৮-০১-১৭	০৬-০৬-১৭	০৮-০৫-১৭
ডিডিপি-২-জি-৪৯	লট-১	৪৯৯৫৫৫০০	৫০৩০১৩৫০	২৩-০৩-১৭	১২-০৭-১৭	৩১-১০-১৭	০৫-১১-১৭
	লট-২	৪৯৯৫৫৫০০	৫২৮৪৬৯৩০.৩৫	০৬-০৪-১৭	১০-০৭-১৭	২৯-১০-১৭	৩০-১০-১৭
ডিডিপি-২-জি-৫০	লট-১	২৯৯২৭৫০০	২৫৯২৩৬১০.৫	০৬-০৪-১৭	০৬-০৭-১৭	২৫-১০-১৭	৩০-০৭-১৭
	লট-২	২৯৯২৭৫০০	২৯৮৩৯১১০.৫	১২-০৯-১৭	১১-১০-১৭	৩০-০১-১৮	২৭-০৩-১৮
ডিডিপি-২-জি-৫১	লট-১	২৯৪১৮৭০০০	২৭৮৪৩৬৬৯১	২২-০৩-১৭	১০-০৭-১৭	২৯-১০-১৭	১২-০৯-১৭
	লট-২	২৯৪১৮৭০০০	২৯৪০৭৭১৬৮	২৩-০৩-১৭	০৫-১১-১৭	২৪-০২-১৮	২৩-০২-১৮
ডিডিপি-২-জি-৫২	লট-১	৩৪৬১৩০০০০	৩০৯৬২১২০৪	২২-০৩-১৭	১০-০৭-১৭	২৯-১০-১৭	২৫-১০-১৭
	লট-২	৮০১২৩২০০	৭৫৯৪২০০০	২০-১১-১৭	০৩-০৫-১৮	২২-০৮-১৮	০৫-০৯-১৮
ডিডিপি-২-জি-৫৩	লট-১	৩৩৪১৫৩০০০	৩৭৪৪৩৭৪৫০	২২-০৩-১৭	০৯-০৮-১৭	২৮-১১-১৭	২৮-১১-১৭
	লট-২	৩২৯৫৯০০০০	৩৬৯৩১৮৭০০	২২-০৩-১৭	২৭-০৮-১৭	১৬-১২-১৭	২০-১১-১৭
ডিডিপি-২-জি-৫৪	লট-১	১৯৭২৫০০০	১৭২৮০৩০১.৫	০৯-০৪-১৭	০৬-০৭-১৭	২৫-১০-১৭	১৪-১২-১৭
ডিডিপি-২-জি-৫৫	লট-১	২১৮৭৯০০০	২২১৫৮০০০	২৩-০৩-১৭	০৯-০৭-১৭	২৮-১০-১৭	২৩-০৭-১৭
	লট-২	৭৯০৬০০০	৪১৮২৬৫৩.৪	০৯-০৪-১৭	১০-০৭-১৭	২৯-১০-১৭	০৯-১১-১৭

ডিডিপি-২-জি-৫৬	লট-১	৪৫৮২৯২৫০০	১৮৩৩১৭০০০	২২-০৩-১৭	১৩-০৮-১৭	০২-১২-১৭	২২-০১-১৮
	লট-২	৪৫৮২৯২৫০০	৪২১৫৫৯০০০	২৩-০৩-১৭	১২-১০-১৭	৩১-০১-১৮	০৭-০৪-১৮
ডিডিপি-২-জি-৫৭	লট-১	১৩৩৬৬০৮০০	১৩৯৪৭৮৩৬৮.৮১৪	০৬-০৪-১৭	০৯-০৭-১৭	২৮-১০-১৭	০৫-১১-১৭
ডিডিপি-২-জি-৫৯	লট-১	৩০৮৫৫০০০	৩৩৪২৬৩০১.৪২৫	১০-০৪-১৭	০৬-০৭-১৭	২৫-১০-১৭	২৮-০৮-১৭

১৬। প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য: প্রকল্পের আওতায় ডিপিপি'তে২ (দুই) টি জীপ গাড়ী, ৩ (তিন) টি পিকআপ (ডাবল ক্যাবিন) এবং ২৫ (পঁচিশ) টি মটরসাইকেল ক্রয়ের জন্য ৬১.৯৬ লক্ষ টাকা সংস্থানের মধ্যে ব্যয় করা হয়েছে ৫৪.৮৬ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তির পর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রশাসনিক নির্দেশে সকল যানবাহন তাদের নিজস্ব কাজে ব্যবহৃত হচ্ছে।

১৭। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মাত্র২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
মোঃ ফজলুল হক তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	✓	২৩-০৭-২০১৪	১৬-১১-২০১৫	-
মোঃ আব্দুর রহিম মল্লিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	✓	১৮-১১-২০১৫	৩১-১২-২০১৯	

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	গ্রামীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য বিদ্যুৎ সুবিধা প্রদান;	গ্রামীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য বিদ্যুৎ সুবিধা প্রদান অর্জিত হয়েম,ছে;
২।	১০,০০০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ/ক্ষমতাবর্ধন (নতুন ৯,৩০৩ কিঃমিঃ এবং৬৯৭ কিঃমিঃ ক্ষমতাবর্ধন);	১০,১৩৬ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ/ক্ষমতাবর্ধন (নতুন ৯৭৬০কিঃমিঃ এবং ৩৭৬কিঃমিঃ ক্ষমতাবর্ধন) করা হয়েছে;
৩।	৩৫ টিনতুন ৩৩/১১ কেভি (৪৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ ;	৩৫ টিনতুন ৩৩/১১ কেভি (৪৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ নিশ্চিত হয়েছে;
৪।	১৫টি ৩৩/১১ কেভি (১৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন ;	১৫টি ৩৩/১১ কেভি (১৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে;
৫।	৪,০০,০০০ টি সংযোগ স্থাপন।	৪,০০,০৩৯টি সংযোগ স্থাপন নিশ্চিত করা হয়েছে;

১৯। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রযোজ্য নয়।

২০। অডিট: প্রকল্পের পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের শুরু থেকে ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরসমূহে সংস্থার নির্ধারিত ফার্ম দ্বারা অডিট সম্পন্ন করা হয়েছে এবং কোন আপত্তি নেই বলে উল্লেখ করা হয়েছে। এছাড়াও ২০১৭-১৮ অর্থ বছরের এজি অডিট অফিস অত্র প্রকল্পের অডিট সম্পন্ন করেছে। এজি অডিট অফিস ২০১৭-১৮ অর্থবছরে External অডিট সম্পন্ন করার সময় ৭ (সাত) টি অডিট আপত্তি প্রদান করে যার মধ্যে ২(দুই) টি নিস্পত্তি হলেও ৫(পাঁচ) টি অডিট আপত্তি এখনও অনিস্পন্ন অবস্থায় আছে যার ব্রডশীট জবাব প্রদান করা হয়েছে (সংযোজনী-১) । পরিদর্শনকালীন সময় পর্যন্ত উক্ত আপত্তিগুলি অনিস্পন্ন অবস্থায় রয়েছে।

২১। প্রকল্প বাস্তবায়ন সমস্যা :

ভূমি অধিগ্রহণে দীর্ঘ সূত্রিতাঃ উপকেন্দ্র নির্মাণে ভূমি অধিগ্রহণে দীর্ঘ সূত্রিতার কারণে প্রকল্পটি দুইবার সংশোধন ও একবার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন হয়েছে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন। প্রকল্পটি ঢাকা বিভাগের ২৩

(তেইশ) টি পল্লী বিদ্যুৎ সমিতির আওতাভুক্ত। যে সমস্ত এলাকায় নতুন করে উপকেন্দ্র নির্মাণের সংস্থান ছিল সে সব এলাকায় ভূমি অধিগ্রহণে দীর্ঘ সূত্রিতা হয়েছে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন।

প্রকল্প পরিচালক পরিবর্তন: প্রকল্পের পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, এ প্রকল্পের বাস্তবায়িত সময়ের মধ্যে দুইজন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। প্রকল্প বাস্তবায়ন সময়ে প্রকল্প পরিচালক পরিবর্তন হলে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কিছুটা হলেও সমস্যার সৃষ্টি হয়।

২২। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (**Time Over-run): প্রকল্পটি মূল মেয়াদ কাল জুলাই ২০১৪ হতে জুন ২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পটি দুইবার সংশোধন এবং একবার মেয়াদ বৃদ্ধির পর জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। মূল অনুমোদিত মেয়াদকাল এর চেয়ে ১৮ মাস সময় বেশী অতিবাহিত হয়েছে। এক্ষেত্রে ৩৭.৫০% টাইম ওভার রান হয়েছে।

২৩. **প্রকল্পের অগ্রগতিঃ** প্রকল্পের শুরু হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৫১৬৫৪.৫২ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৯৯.২১% এবং বাস্তব অগ্রগতি ১০০%। গ্রামীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য বিদ্যুৎ সুবিধা প্রদান অর্জিত হয়েছে। ১০,১৩৬ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ/ক্ষমতাবর্ধন (নতুন ৯৭৬০কিঃমিঃ এবং ৩৭৬কিঃমিঃ ক্ষমতাবর্ধন) করা হয়েছে। ৩৫টি নতুন ৩৩/১১ কেভি (৪৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ নিশ্চিত হয়েছে। ১৫টি ৩৩/১১ কেভি (১৫০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ৪,০০,০৩৯টি সংযোগ স্থাপন নিশ্চিত করা হয়েছে।

২৪। **এক নজরে পরিদর্শনের কিছু স্থির চিত্র:**



চিত্র-১: ডাবল সার্কিট লাইন



চিত্র-২: উপকেন্দ্র



চিত্র-৩: উপকেন্দ্র আপগ্রেডেশন



চিত্র-৪: জলসিড়ি উপকেন্দ্র কন্টোল ইউনিট

২৫। **সুপারিশ:**

২৫.১ এজি অডিট কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরে ৭টি অডিট আপত্তির মধ্যে ২টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ৫টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সকল অডিট আপত্তির নিষ্পন্নের প্রমাণক আবশ্যিকভাবে আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

২৫.২ জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন শাখার ০৮ জানুয়ারি ২০০৬ তারিখে নং সম (পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫ (অংশ-১)-৭২১ স্মারকে প্রকাশিত সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরের অধীন কেন্দ্রীয়

পরিবহন পুলে জমাকরণ, ব্যবহার ও নিষ্পত্তি বিষয়ক পরিপত্রের অনুচ্ছেদ ১, ৩, ৫ এবং ৯ মোতাবেক গৃহীত ব্যবস্থাদির প্রমাণক মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিকে অবহিত করতে হবে;

২৫.৩ এ প্রকল্পের আওতায় নির্মিত উপকেন্দ্রসহ অন্যান্য স্থাপনাগুলি সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে উত্তম সেবা প্রদান নিশ্চিত করতে হবে;

২৫.৪ প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ সমাপ্ত হলেও আইএমইডি'তে ২০ জানুয়ারি ২০২১ তারিখে পিসিআর প্রেরণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে আইএমইডি'তে পিসিআর প্রেরণ করার আবশ্যকতা থাকা সত্বেও দেরিতে পিসিআর প্রেরণের কারণ মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইড'কে অবহিত করতে হবে;

২৫.৫ উপরোক্ত সুপারিশের আলোকে গৃহিত ব্যবস্থাদির বিষয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে বিদ্যুৎ বিভাগের মাধ্যমে আইএমইডি'কে অবহিত করতে হবে।

সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট প্রকল্প (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন,২০২০)

১.০ প্রকল্পের নাম : সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট প্রকল্প (৩য় সংশোধিত)।

২.০ উদ্যোগীবিভাগ/ মন্ত্রণালয় : বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি)

৪.০ প্রকল্প এলাকা : সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

৫.০ প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল :

প্রকল্পের প্রাক্কলিত ব্যয়:

(কোটি টাকায়)

	জিওবি	ইজিসিবি	প্রকল্প ঋণ	মোট
অনুমোদিত মূল ডিপিপি অনুযায়ী	৪৯৪.৩৪৭৫	৮০.৯২৮৪	১৫০২.১৩০৭	২০৭৭.৪০৬৬
১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	২০৫৮.৯০২৯	৩৫৮.২৭৯০	১৮২২.২৯৩৭	৪২৩৯.৪৭৫৬
২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী	৬০৯.০৯৯৭	৪৩৫.০৬৫৮	৩০৯৯.৯৮৮১	৪১৪৪.১৫৩৫
৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী	৫৪০.৫১২১	৪৮৯.৩০৩২	২৯৪১.৪৭৬৬	৩৯৭১.২৯১৯
প্রকৃত ব্যয়	৪৫১.২৫৫৭	৫৫৯.৬০৩৮	২৬৯৪.৯৭৬৫	৩৭০৫.৮৩৬০
অতিক্রান্ত ব্যয়				১৬২৮.৪২৯৪(৭৮.৩৯%)

প্রকল্পের বাস্তবায়ন কাল:

	আরম্ভ	সমাপ্তি
অনুমোদিত মূল ডিপিপি অনুযায়ী	জানুয়ারি, ২০০৯	ডিসেম্বর, ২০১১
১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	জানুয়ারি, ২০০৯	জুন, ২০১৫
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম বার বাস্তবায়নকাল বৃদ্ধি	জানুয়ারি, ২০০৯	জুন, ২০১৭
২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী	জানুয়ারি, ২০০৯	জুন, ২০১৭
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২ম বার বাস্তবায়নকাল বৃদ্ধি	জানুয়ারি, ২০০৯	ডিসেম্বর, ২০১৮
৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী	জানুয়ারি, ২০০৯	জুন, ২০২০
প্রকৃত বাস্তবায়নকাল	জানুয়ারি ২০০৯	জুন, ২০২০
অতিক্রান্ত সময়		৮ বছর ৬ মাস (২৮৩.৩৩%)

৬.০ প্রকল্পের উদ্দেশ্য:

- বিশেষভাবে ঢাকা অঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা স্থানীয়ভাবে উৎপাদনের মাধ্যমে মিটানো;
- নির্ভরযোগ্য বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন;
- বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি ও লোডশেডিং হ্রাসের মাধ্যমে বর্তমান বিদ্যুৎ উৎপাদনের ঘাটতি মিটানো;
- জাতীয় বিদ্যুৎ গ্রিডেরস্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা;
- প্রাকৃতিক গ্যাস সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি;
- টেকনোলজি ট্র্যান্সফারের ফলে দেশে মানব সম্পদের উন্নয়ন;

৭.০. **প্রকল্পের পটভুমি:**

৭.১ দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় ঢাকা চট্টগ্রাম মহাসড়কেরসন্নিকটে ঢাকা-আদমজী সড়কের পাশে নারায়নগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলা সদরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হতে ৯.২৪

একর জমি লিজ গ্রহণের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের আওতাধীন ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) কর্তৃক" সিদ্ধিরগঞ্জ ২×১৫০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ" শীর্ষক মূল প্রকল্পটি মোট ২০৭৭.৪০৬৬ কোটি টাকা (জিওবি ৪৯৪.৩৭৫ কোটি টাকা, সংস্থার নিজস্ব তহবিল ৮০.৯২৮৪ কোটি টাকা এবং প্রকল্প ঋণ ১৫০২.১৩০৭ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৯ হতে ডিসেম্বর,২০১১ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ০৮/০৯/২০০৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

৭.২ পরবর্তীতে,সিদ্ধিরগঞ্জ ২×১৫০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ এর লক্ষে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতঃ দরপত্র মূল্যায়ন প্রতিবেদন এর উপর বিশ্বব্যাংকের অনাপত্তির জন্য প্রেরণ করা হলে সুপারিশকৃত দরপত্রদাতার উপর বিশ্বব্যাংকের ডিবার থাকায় বিশ্বব্যাংকের অনাপত্তি পাওয়া যায়নি। এমতাবস্থায়, ইতিমধ্যে বিদ্যুৎ সিষ্টেমে পিক লোড এর চেয়ে বেইজ লোডের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করে সেপ্টেম্বর ০২, ২০১০ তারিখে বিদ্যুৎ বিভাগ, বিশ্বব্যাংক এবং ইজিসিবি লিঃ এর মধ্যে অনুষ্ঠিত সভায় একই স্থানে ২×১৫০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্লান্ট এর পরিবর্তে "সিদ্ধিরগঞ্জ ৪৫০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র" নির্মানের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সভায় বিদ্যুৎ কেন্দ্রের ধরণ পরিবর্তনের ফলে প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ বিশ্বব্যাংক কর্তৃক সংস্থান করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ বিশ্বব্যাংক কর্তৃক যথাসময়ে নিশ্চিত না করায় সরকারী তহবিল হতে অতিরিক্ত অর্থের সংস্থান রেখে মোট ৪২৩৯.৪৭৫৬ কোটি টাকা (জিওবি ২০৫৮.৯০২৯ কোটি, প্রকল্প ঋণ ১৮২২.২৯৩৭ কোটি টাকা এবং সংস্থার নিজস্ব ৩৫৮.২৭৯০ কোটি) প্রাক্কলতি ব্যয়ে জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১৫ মেয়াদে "সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট নির্মাণ (সংশোধিত)" শীর্ষক শিরোনামে প্রকল্পটি ১০/০৪/২০১২ তারিখে অনুষ্ঠিত একনেক কর্তৃক ১ম সংশোধন করা হয়। উল্লেখ্য, ইতোমধ্যে দরপত্র মুল্যায়ন সমাপ্ত হওয়ায় এবং সুপারিশকৃত দরপত্রদাতার প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা ৩৩৫ মেঃওঃ নিশ্চিত হওয়ায় ডিপিপি এর আলোচ্য সংশোধনীতে প্রকল্পের নাম "সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ" প্রকল্প নির্ধারিত হয়।

৭.৩ তারপর বিশ্বব্যাংকের অতিরিক্ত অর্থায়ন পাওয়া গেলে তার সংস্থান করা এবং কতিপয় অঙ্গের ব্যয়ের হ্রাস-বৃদ্ধির কারণে মোট ৪১৪৪.১৫৩৫ কোটি টাকা (জিওবি ৬০৯.০৯৯৭ কোটি, প্রকল্প ঋণ ৩০৯৯.৯৮৮১ কোটি ও ইজিসিবি'র নিজস্ব ৪৩৫.০৬৫৮ কোটি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১৭ মেয়াদে ২৫/০২/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২য় সংশোধন করা হয়। তাছাড়া, কতিপয় অঙ্গের ব্যয় হ্রাস-বৃদ্ধি ও মেয়াদ বৃদ্ধির কারণে মোট ৩৯৭১.২৯১৯ কোটি টাকা (জিওবি ৫৪০.৫১২১ কোটি, প্রকল্প ঋণ ২৯৪১.৪৭৬৬ কোটি ও ইজিসিবি'র নিজস্ব তহবিল ৪৮৯.৩০৩২ কোটি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটির ৩য় দফা সংশোধন করা হয়। ৩য় সংশোধিত প্রকল্পটি ৩০/৪/২০১৯ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়।

৮.০ প্রকল্প সংশোধনের কারণঃ

৮.১ ১ম সংশোধনের কারণঃ

(ক) ২×১৫০ মেঃ ওঃ গ্যাস টারবাইন পিকিং পাওয়ার প্ল্যান্ট নির্মাণের পরিবর্তে ৩৩৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের লক্ষে সরকারী খাত থেকে প্রয়োজনীয় অতিরিক্ত অর্থের সংস্থান রেখে প্রকল্পের শিরোনাম পরিবর্তন করা হয়।

(খ) ব্যয় ও স্কোপ পরিবর্তন করা হয়।

(গ) প্রকল্পের অতিরিক্ত অর্থায়ন জিওবি খাত হতে সংস্থান করা হয়।

৮.২ ২য় সংশোধনের কারণঃ

(ক) বিশ্ব ব্যাংক কর্তৃক অতিরিক্ত প্রকল্প সহায়তা প্রদান করা হয়।

(খ) প্রকল্প ঋণের সংস্থান হওয়ায় জিওবি খাতের অর্থ হ্রাস করা হয়।

(গ) প্রকল্প এলাকার পুরাতন স্কুলটি অন্যত্র স্থানান্তরের লক্ষ্যে একটি নতুন স্কুল ভবন নির্মাণের সংস্থান রাখা হয়।

৮.৩ ৩য় সংশোধনের কারণঃ

(ক) বিভিন্ন অঙ্গের ব্যয় হ্রাস-বৃদ্ধি;

(খ) প্রকল্পের মেয়াদ ১ বছর ৬ মাস বৃদ্ধি;

৮.৪ ৩য় সংশোধনের প্রয়োজনীয়তাঃ

প্রকল্প বাস্তবায়নকালে তিতাস গ্যাস লিঃ কর্তৃক প্ল্যান্টে সরবরাহকৃত গ্যাসে ত্রুটির কারণে গ্যাস টারবাইনে সমস্যা দেখা দেওয়ায় সে সময়ে জরুরীভাবে প্ল্যান্টটি বন্ধ করে দেয়া হয়। এটি ঠিকাদার বা সংস্থার নিয়ন্ত্রণে ছিল না। এর ফলে চুক্তি বহির্ভূত গ্যাস পাইপ লাইন পরিস্কার এবং গ্যাস টারবাইন মেরামতের জন্য ঠিকাদার কর্তৃক দাবীকৃত ব্যয় নির্বাহের জন্য Additional cost & expenses as relative of fuel gas quality issue and othersবাবদ ৩৪০১.৭৫ লক্ষ টাকা আরডিপিপিতে নতুনভাবে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়। চুড়ান্ত টেন্ডার মূল্য ও প্রকৃত ব্যয়ের আলোকে কিছু কিছু কম্পোনেন্টের ব্যয়ের হ্রাস-বৃদ্ধির প্রয়োজন হয়। তাছাড়া, সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রকল্পটির মেয়াদ আরো ১ বছর ৬ মাস বৃদ্ধির প্রয়োজন হয়। উল্লিখিত কারণে প্রকল্পটির ৩য় সংশোধন করা হয়েছে।

৯.০ চুক্তি নেগোসিয়েশনঃ

(ক) ১ম ঢাকায় বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের সাথে ঋণ চুক্তি নেগোসিয়েশন হয় ১৬/০৯/২০০৮ ও ১৭/০৯/২০০৮ তারিখে। পরবর্তীতে ওয়াশিংটনে ৩০/১০/২০০৮ তারিখে বিশ্বব্যাংকের বোর্ড সভায় ঋণ প্রস্তাব অনুমোদিত হয়।

(খ) ঋণ চুক্তি নং ৪৫০৮-বিডি এর আওতায় চুক্তি স্বাক্ষরিত হয় ১৩/১১/২০০৮ তারিখে। ইজিসিবি অংশে মোট ঋণের পরিমাণ ১৪০,৬১৯,০০০ SDR (ISDR=1.51 USD)। তাছাড়া, অতিরিক্ত ঋণ চুক্তি নং৫৭৩৭ বিডি-স্বাক্ষরিত হয় ২৭/১২/২০১৫ তারিখে। ঋণের পরিমাণ ১২৫,৯০০,০০০ SDR। ঋণচুক্তি কার্যকর হয় ৩১/০৩/২০০৯ তারিখে এবং তা শেষ হয় ৩১/১২/২০১৯ তারিখে।

(গ) মোট ছাড়কৃত অর্থের পরিমাণ USD৩৩৫,৮৯৫,৩৫৪.৭২।

(ঘ) **ঋণের শর্তাবলি:**

১। সর্বোচ্চ কমিটমেন্ট চার্জ ০.৫% -১% (প্রতি বছর)।

২। সার্ভিস চার্জ ৩/৪ % -১% (প্রতি বছর)।

৩। রিপেমেন্ট পিরিয়ড ২০ বছর ও গ্রেস পিরিয়ড ৫ বছর।

৪। সুদের হার ৩% (স্থানীয় মুদ্রা) ও ৪% (বৈদেশিক মুদ্রা)।

১০.০ প্রকল্পের যৌক্তিকতাঃ

১০.১ মূল প্রকল্পটি গ্রহণের সময় (২০০৯ সাল) দেশে বিদ্যুতের চরম সংকট ছিল। সে সময়ে সার্বিক চাহিদা মোকাবেলা করার জন্য পিক সময়ে বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে ঢাকা চট্টগ্রাম মহাসড়কের পাশে ঢাকার সন্নিকটে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলা সদরে শীতলক্ষা নদীর তীরে ইজিসিবি কর্তৃক বিশ্ব ব্যাংক ঋণ সহায়তায় "কনস্ট্রাকশান অব সিদ্ধিরগঞ্জ ২x১৫০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট" শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। বিশ্বব্যাংকের ক্রেডিট নং ৪৫০৮-বি এর আওতায় বাংলাদেশ সরকারের সাথে ঋণ চুক্তিটি হয় ১৩/১১/২০০৮ তারিখে। সেইসাথে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয় ০৮/০৯/২০০৯ তারিখে।

১০.২ প্রকল্প অনুমোদনের পর পাওয়ার প্ল্যান্ট নির্মাণের জন্য দরপত্র আহবান করা হয়। চূড়ান্ত দরপত্র মূল্যায়ন প্রতিবেদন বিশ্বব্যাংকের অনুমোদনের জন্য ০২/১১/২০০৯ তারিখে প্রেরণ করা হয়। কিন্তু সর্বনিম্ন দরপত্র দাতা সিমেন্সের ওপর বিশ্বব্যাংকের **ডিবার থাকার** কারণে উক্ত মূল্যায়ন প্রতিবেদনে সম্মতি দিতে বিশ্বব্যাংক অসম্মতি প্রদান করে। এর ফলে প্রকল্প বাস্তবায়ন ঝুঁকিতে পড়ে যায়।

১০.৩ পরবর্তীতে ব্যাপক আলোচনা পর্যালোচনার পর ২x১৫০ মেঃ ওঃ এর পিকিং পাওয়ার প্ল্যান্ট নির্মাণের পরিবর্তে একই স্থানে ৪৫০ মেঃওঃ এর কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের বিষয়ে বিশ্বব্যাংক ও বিদ্যুৎ বিভাগ সম্মতহয়। এর ফলে পিকিং পাওয়ার প্ল্যান্ট স্থাপনের সকল কার্যক্রম বাতিল ঘোষনা করা হয়। এতে প্রায় ২ বছর সময় অতিবাহিত হয়।

১০.৪ উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ৪৫০ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের উদ্যোগ নেয়ার প্রেক্ষিতে প্রকল্পটি ১ম সংশোধন করে প্রকল্প কার্যক্রম শুরু করা হয়। গ্যাসের সংকটের কথা বিবেচনা করে পরিবর্তিত সিদ্ধান্তটি যৌক্তিক

মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে। আরো উল্লেখ করা হয়েছে যে, এই প্রকল্পের দক্ষতা গ্যাস টারবাইনের চেয়ে ১.৫ গুণ বেশী। তাছাড়া, কম্বাইন্ড সাইকেল প্ল্যান্টের নির্গত তাপমাত্রা ১০০০C, যেখানে গ্যাস টারবাইনের ৬০০০C। ফলে কম্বাইন্ড সাইকেল প্ল্যান্ট পরিবেশবান্ধব মর্মে উল্লেখ করা হয়েছে। তাহলে, মূল প্রকল্পটি কিসের সিদ্ধান্তে গ্যাস টারবাইন পিকিং পাওয়ার প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল তা পিসিআরে উল্লেখ করা হয়নি। তাছাড়া, এর ফলে দীর্ঘ ২ বছরে যে পরিমাণ শ্রম ও অর্থে ব্যয় হয়েছে তার হিসাব করা হয়নি।

১১.০ প্রকল্প পরিদর্শন:

ক) আমি ১৩/০২/২০২১ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করেছি। এ সময় প্রধান প্রকৌশলী, প্ল্যান্ট পরিচালনার জন্য নিয়োজিত নির্বাহী প্রকৌশলীগণ,সর্বশেষ প্রকল্প পরিচালক(যিনি বর্তমানে নির্বাহী পরিচালক,পিএন্ডডি হিসাবে কর্মরত আছেন)সহ অন্যান্য প্রকৌশলী ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রাপ্ত তথ্যের ওপর প্রণীত ড্রাফট রিপোর্ট এর ফাইন্ডিংস নিয়ে সংস্থার কর্মকর্তাদের সাথে একাধিকবার আলোচনা করে তথ্য যাচাই বাছাই করা হয়েছে। তাছাড়া, কোভিড পরিস্থিতির কারণে তথ্য পেতে বিলম্ব হয়েছে।

খ) এ সময় প্ল্যান্টটি বন্ধ ছিল। গ্যাসটারবাইন ও এইচআরএসজি মাঝের অংশ (ডিফিউজার ডাক্ট) আংশিক ক্ষতিগ্রস্ত হওয়ায় প্ল্যান্টটি গত ২৮/০৯/২০২০ তারিখ হতে বন্ধ রাখা হয়। এই ত্রুটির জন্য নির্মাণকারী প্রতিষ্ঠান বা ঠিকাদার দায়ী নয় মর্মে আমাকে জানানো হয়। তবে ক্ষতিগ্রস্থ ডিফিউজার ডাক্ট অংশটুকু সংশ্লিষ্ট মূল উৎপদানকারী ও স্থাপনকারীপ্রতিষ্ঠানের দ্বারা মেরামত করা হচ্ছে। নতুনভাবে চুক্তির মাধ্যমে নিজস্ব অর্থে ত্রুটি মেরামত করা হচ্ছে। ত্রুটি সংশোধনের জন্য ঠিকাদার ৬-৮ অক্টোবর ২০২০ তারিখে বরোস্কোপিক ইন্সপেকশন করে। এতে গ্যাস কমপ্রেসার ও টারবাইন কোন সমস্যা পাওয়া যায়নি। চিহ্নিত ক্ষতিগ্রস্ত ডিফিউজার ডাক্ট অংশ ২১/১০/২০২০তারিখে পুনরায় পরিদর্শন করে ত্রুটি সংশোধনের কার্যক্রম শুরু করা হয়।ত্রুটি মেরামত করে গত ০৩/০৩/২০২১ তারিখ হতে সিম্পল সাইকেল পূনরায় চালু করা হয় মর্মে জানা যায়।

গ) প্ল্যান্টটির মোট উৎপাদন ক্ষমতা ৩৩৫মেঃওঃ। এরমধ্যে গ্যাস টারবাইনের ক্ষমতা ২১৮মেঃওঃ এবং স্টিমটারবাইনের ক্ষমতা ১১৭ মেঃওঃ।তবে এটি সবোর্চ্চ ৩৬০মেঃওঃ পযর্ন্ত বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম মর্মে জানা যায়।

ঘ) আমি কন্ট্রোল রুমটি পরিদর্শন করেছি। এখানে একজন নির্বাহী প্রকৌশলীর নেতৃত্বে ৪জন প্রকৌশলী ৮ ঘন্টা হিসেবে দায়িত্ব পালন করছে। সম্পূর্ণ আধুনিক প্রযুক্তির মাধ্যমে প্ল্যান্টটি নিয়ন্ত্রণ করা হয়ে থাকে।

ঙ) প্ল্যান্টটি ২৪/০৮/২০১৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং গত ০৫/০৮/২০১৮ তারিখে সিম্পল সাইকেলের শুভ উদ্বোধন করেছেন।

১২.০ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম

(ক) গ্যাস টারবাইন জেনারেটর (জিটিজি), গ্যাস বুস্টার কম্প্রেসারসহ আনুষাঙ্গিক যন্ত্রপাত,স্টিম টারবাইন জেনারেটর (এসটিজি), কুলিং টাওয়ার ,ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ,ইমার্জেন্সি ডিজেল জেনারেটর, স্টেপ কন্ট্রোল ইক্যুইপমেন্ট, ম্যান্ডেটরি স্পেয়ার পার্টস ইত্যাদি;

(খ) নিয়ন্ত্রণ কক্ষ নির্মাণ ,অন্যান্য যন্ত্রাপাতি স্থাপন; টেস্টিং ও কমিশিনিং ,

(গ) একটি স্কুল বিল্ডিং নির্মাণ ও অনাবাসিক পূর্তকাজ;

(ঘ) প্রশিক্ষণ ওক্যাপাসিটি বিল্ডিং ইত্যাদি।

১৩.০ প্রধান প্রধান অঙ্গের বিবরণঃ

১৩.১ **<u>প্ল্যান্ট নির্মাণ:</u>**৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের জন্য JVঠিকাদারIsolux Ingenieria S A. & Samsung C&T Corp.এর সাথে ২৮/০৫/২০১২ তারিখে মোট ২৬১৯.৫০৭৩ কোটি টাকা মুল্যে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির অনুযায়ী ২৪/০৯/২০১৯ তারিখে বিদ্যুৎ কেন্দ্রের মূল নির্মাণ কাজ সম্পন্ন হয় এবং বিদ্যুৎ কেন্দ্রটি পূর্ণ ক্ষমতায় বানিজ্যিক ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন শুরু করে। বর্তমানে চুক্তির আওতায় ষ্টীম টারবাইনের ওয়ারেন্টি পিরিয়ড চলমান আছে এবং এফএসি ইস্যু না করা পযন্ত চুক্তিটি বলবৎ থাকবে।

১৩.২ <u>ERP/EAM সিস্টেম বাস্তবায়ন:</u> SAP software ব্যাবহার করে Enterprise Assets

Management (EAM)/ Enterprise Resources Planning (ERP) Power Plant Integration সহ ইজিসিবি লিঃ সকল বিভাগের কাযক্রম অনলাইন ভিত্তিতে করার লক্ষ্যে জন্য FPT Information Systems এর সাথে গত১৮/১০/২০১৬ তারিখে একটিচুক্তি স্বাক্ষর করা হয় যার চুক্তিমূল্য৭০.৩৬৭০ কোটি টাকা।চুক্তিটির মেয়াদ ১১/১২/২০১৯ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল।

১৩.৩ **Owners Engineer**: প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে কারিগরি সহায়তা প্রদানের জন্য Fitchner Gmbh and Co.kg., Germany এর সাথে ১৮/১২/২০১৩ তারিখে ৭১.৯৩১৮ কোটি টাকায় চুক্তি করা হয়। প্ল্যান্ট নির্মাণের শেষে চুক্তির মেয়াদ সম্পন্ন হয় ৩১/১২/২০১৯ তারিখে।

১৩.৪ O**peration & Maintenance:** আলোচ্য প্রকল্পের আওতায় সিদ্ধিরগঞ্জ ২*১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট Operation ও Maintenanceএর জন্য ৬৯.৯৩৩৭ কোটি টাকা ব্যয়ে একটি প্রতিষ্ঠানের সাথে ১৩/১২/২০১১ তারিখে চুক্তি করা হয়। চুক্তির মেয়াদ শেষ হয় ০১/০৯/২০১৮ তারিখে।

১৩.৫ **স্কুল ভবন নির্মাণ:** প্ল্যান্ট এরিয়ায় অবস্থিত স্কুল ভবনটি শব্দমুক্ত এলাকায় স্থানান্তর করার লক্ষ্যে ৫ তলা নতুন ভবন নির্মাণের জন্য ১৬.৩০৪১ কোটি টাকা ব্যয়ে ১১/০৩/২০১৭ তারিখে চুক্তি করা হয়। চুক্তির মেয়াদ শেষ হয় ১৭/০৩/২০১৯ তারিখে।

১৩.৬ প্রকল্পের মূল মূল যন্ত্রপাতি বিবরণ পরিশিষ্ট-'ক' তে এবং অঙ্গভিত্তিক অগ্রগতির বিবরণ সংযোজনী-"খ"তে অন্তর্ভূক্ত করা হয়েছে।

১৪। প্রকল্পের অর্জন ও ফলাফলঃ

(ক) **৩৩৫ মেঃ ওঃ ক্ষমতার পাওয়ার প্ল্যান্ট নির্মাণঃ** ১ম সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী ঢাকার নিকটবর্তী ঢাকা চট্টগ্রাম মহাসড়কের সন্নিকটে ঢাকা আদমজী সড়কের পাশে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলা সদরে ৩৩৫ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন একটি কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মিত হয়েছে। প্ল্যান্টের দক্ষতা প্রায় ৫৪.৫৫%।

(খ) **স্কুল ভবন নির্মাণ:** প্রকল্পের আওতায় প্ল্যান্ট চত্বরে ৫ তলা বিশিষ্ট একটি নতুন স্কুল ভবন নির্মাণ করা হয়েছে, যার আয়তন ৫২০০ ব.মি.।

(গ) EAM/ERP **সিস্টেম বাস্তবায়ন:** SAP software ব্যাবহার করে Enterprise Assets Management (EAM)/ Enterprise Resources Planning (ERP) Power Plant Integration সহ ইজিসিবি লিঃ সকল বিভাগের কাযক্রম অনলাইন ভিত্তিতে করার লক্ষ্যে বিভিন্ন বিভাগের জন্য বিভিন্ন মডিউল যেমন: অর্থ ও হিসাব বিভাগের জন্য Finance and Control, এইচআর বিভাগের জন্য Human Capital Management, ক্রয় বিভাগ ও বিদ্যুৎ কেন্দ্রের জন্য Material Management, প্রকল্প এর জন্য Project System, বিদ্যুৎ কেন্দ্রর জন্য Plant Maintenance এবং Production Planning ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের জন্য Business Intelligence Modules বাস্তবায়ন করা হয়েছে।

(ঘ) প্রশাসনিক কাজের সুবিধার্থে বিদ্যমান প্রশাসনিক ভবনের ৪র্থ তলার উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে।

(ঙ) পাওয়ার প্ল্যান্ট পরিচালনার জন্য অনুমোদিত সেটআপের বিপরীতে জনবল পদায়ন করা হয়েছে। ইজিসিবি লিঃ এর নিজস্ব জনবলের মাধ্যমে প্ল্যান্টটি পরিচালিত হচ্ছে। গ্যাস টারবাইনের প্রয়োজনীয় ক্যাপিটাল স্পেয়ার্স সরবরাহসহ দীর্ঘমেয়াদী সার্ভিসিং এর জন্য মূল প্রস্তুতকারক প্রতিষ্ঠানের সাথে একটি Long term Service Agreement (LTSA) চুক্তি করা হয়েছে।

(চ) **Transfer of Technology:** প্ল্যান্টটি বাংলাদেশের অন্যতম বৃহৎ ও আধুনিক প্রযুক্তির মানসম্পন্ন কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট। এর প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে যন্ত্রপাতির সংযোজন ও স্থাপনের ক্ষেত্রে বিদেশী ঠিকাদার প্রকৌশলীদের সাথে সংস্থার প্রকৌশলগণ একই সাথে কাজ করেছে। যন্ত্রপাতি পরিচালনার ও সংরক্ষেনসহ বিভিন্ন কারিগরি বিষয়ে দেশীয় প্রকৌশলীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। তাছাড়া, আলোচ্য প্রকল্পের উপদেষ্টা প্রতিষ্ঠানের দক্ষ ও অভিজ্ঞ প্রকৌশলীগনের সাথে কাজ করার সুযোগে ইজিসিবি লিঃ এর প্রকৌশলীগনের কারিগরী জ্ঞানের ব্যাবহার উপযোগিতা বৃদ্ধি পেয়েছে। ফলে এখন প্ল্যান্টটি সংস্থার প্রকৌশলীগণ দ্বারাই পরিচালিত হচ্ছে। তাছাড়া, প্ল্যান্টটি স্থাপনের

সাথে সরাসরি জড়িত থাকায় কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট স্থাপন ও পরিচালনা সম্পর্কে সংস্থার প্রকৌশলীদের কারিগরি জ্ঞান অর্জনের সুযোগ হয়েছে।

(ছ) **কর্মসংস্থান:** প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে অসংখ্য নারী-পুরুষের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের পর প্ল্যান্ট পরিচালনার জন্য ১৬৮জন জনবলের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

(জ) **প্রকল্পের স্থায়িত্বঃ** প্ল্যান্টের অর্থনৈতিক স্থায়িত্বকাল ২৫ বছর। এটি ইউরোপিয়ান মানের। প্ল্যান্টটি ইউরোপিয়ান পরামর্শক ও ইপিসি ঠিকাদার কর্তৃক নির্মিত হয়েছে।পরামর্শক প্রতিষ্ঠান Owners Engineers জার্মানীর। প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার ও সংস্থার প্রকৌশলীদের নিয়মিত মনিটরিং হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন।

(ঝ) **আর্থ-সামাজিক উন্নয়নে প্রভাব:** প্রকল্পের মাধ্যমে ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ জাতীয় গ্রিডে সংযুক্ত হয়েছে। এই বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে, এর ফলে নতুন নতুন শিল্প স্থাপন, কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে জাতীয় উন্নয়ন তথা দারিদ্র দূরীকরণেও এটি যথাযথ ভূমিকা পালন করছে।

(ঞ) **পরিবেশ সংরক্ষণ:**ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লানট (ইটিপি) স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র হতে নির্গত পানি ও অন্যান্য বর্জ যথাযথভাবে প্রক্রিয়াকরণের মাধ্যমে পরিবেশ অধিদপ্তর ও বিশ্বব্যাংকের নির্ধারিত আর্দশমান রক্ষা করে প্রক্রিয়াকরণ করা হচ্ছে। তাছাড়া, কুলিং টাওয়ার ও ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন এর মাধ্যমে ইনটেক ওয়াটারের পরিমান হ্রাস করা হয়েছে। নির্গত ধোয়া ৬০ মিটার উচ্চতার চিমনির মাধ্যমে পরিবেশ সহনীয় ১০০°C তাপমাত্রায় নির্গন করা হয়। অনলাইন ভিত্তিক স্বয়ংক্রিয় continuous emission monitoring system (CEMS) ব্যাবহার করে গ্যাস টারবাইন হতে নির্গত exhaust gas/flue gas এর বিভিন্ন উপাদানের মাত্রা মনিটরিং করা হয় এবং পরিবেশ অধিদপ্তর ও বিশ্বব্যাংকের আদর্শ মান অনুযায়ী তা নিয়ন্ত্রন করা হয়ে থাকে। তাছাড়া, সাউন্ড সিস্টেম পরিবেশ অধিদপ্তর ও বিশ্বব্যাংকের নিয়ন্ত্রণ সীমার মধ্যে রয়েছে। সার্বিক বিবেচনা এটি সর্বাপেক্ষা পরিবেশ বান্ধব প্ল্যান্ট মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

(ন) **অডিট কার্যক্রম:** প্রকল্পের কার্যক্রমের ওপর ২০১২-১৩ অর্থ বছর হতে ২০১৮-১৯ অর্থবছর পযর্ন্ত ৬টি অভ্যন্তরীণ এবং ৬টি অডিট অধিদপ্তর কর্তৃক অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে।

(১)**অভ্যন্তরীণ অডিট:** প্রকল্প বাস্তবায়নের ৬টি অর্থ বছরে অভ্যন্তরীণ অডিটের আওতায় ২২ টি আপত্তি উথাপিত্ত হয়েছিল। সবগুলো আপত্তি নিষ্পত্তি করা হয়েছে মর্মে তথ্য পাওয়া গেছে।

(২) **বহিঃকর্তৃপক্ষের অডিট:** প্রকল্প বাস্তবায়নের ৬টি অর্থ বছরে অডিট অধিদপ্তর কর্তৃক ২৬টি অডিট আপত্তি উথাপিত হয়েছে। এর মধ্যে ১৪টি আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। ১২টি আপত্তি নিষ্পত্তির অপেক্ষার রয়েছে মর্মে জানা যায়। এর মধ্যে ২০১৪-১৫ অর্থ বছরে ১টি, ২০১৬-১৭ অর্থ বছরে ৪টি, ২০১৭-১৮ অর্থ বছরে ৩টি এবং ২০১৮-১৯ অর্থবছরে ৪টি আপত্তি রয়েছে। অনিষ্পন্ন ১২টি অডিট আপত্তির বিবরণ নিম্নরূপঃ (মূল আপত্তি ইংরেজিতে লেখা। তাই অর্থ পরিবর্তন যাতে না হয় সেকারণে আপত্তিগুলো ইংরেজিতেই উল্লেখ করা হলো)

(ক) Excess Payment made TK.6,72,34,269.00 due to preparing LC as commercial instead of industrial.

(খ) Accrued interest on TK.464,52,48,578.00 transferred from project fundto EGCB corporate account not calculated and furnished to audit.

(গ) Liquidate damage was not Impose @ 20% to the Contractors Contract amount of EURO 15,730,584.60 USD 39,219,754,40 BDT 559,016,341.00

(ঘ) En cashed Performance Guarantee and Advance payment Guarantee was not deposited into the Govt. account amount of URO 8,027,896.03 USD 2,791,334.34 and BDT 3,222,74,685.00.

(ঙ) Accrued Bank Interest amount of TK. 1,35,72,333.59 was not deposited to the Govt. Account.

(চ) Income Tax amounting to TK 30,42,681.00 less deducted from income of non-resident consulting firm.

(ছ) Violation of DPP in the construction of school building.

(জ) Work valued TK.16,30,41,345.23 executed without official estimate.

(ঝ) Excess payment made to foreign contractor amounting TK.49,58,609.00 for less deduction of IT.

(ঞ) Different equipment were not supplied as per approved country origin, Irregularpayment made to the authority amounting to Tk.1,61,36,209.89.

(ট)Accrued bank interest amounting to Tk.1,12,52,179.31 was not deposited to Govt. account.

(ঠ) Interst During Construction (IDC) amounting to Tk. 227,41,07,000.00 not deposited into Govt. account.

১৫.০ প্রকল্পের ফলাফল বিশ্লেষণঃ

টারবাইন	একক	সর্বোচ্চ সক্ষমতা	সাধারণ অবস্থা	মন্তব্য
গ্যাস টারবাইন	GWhr	১৫২৭.৭৪৪	৯৩৭.৩৬২	এ পর্যন্ত ২৬,৮৮,৪২১ মেঃওঃ ঘন্টা বিদ্যুৎ উৎপাদিত হয়েছে।
স্টিম টারবাইন	GWhr	৮২৬.৯৪৪	৩৪২.২৩০	
মোট=		২৩৫৪.৬৮৮	১২৭৯.৫৯২	

১৬.০ প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিকবিশ্লেষণঃ

১৬.১ পরিকল্পিত লক্ষ্যমাত্রাঃ

(ডিসকাউন্ট রেট ১২%)

	আর্থিক	অর্থনৈতিক
NPV	১৮২.২৫১৮ কোটি টাকা	৭৮১.২৯৭১ কোটি টাকা
BCR	১.০৬	১.২৮
IRR	১২.৪৬%	১৮.২৮%

১৬.২ অর্জনঃ

(ডিসকাউন্ট রেট ১২%)

	আর্থিক	অর্থনৈতিক
NPV	-	-
BCR	১.০৫	১.৩৩
IRR	১৩.২৬%	১৮.৮১%

আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ টার্গেটের চেয়ে বেশী অর্জিত হয়েছে।

১৭.০ ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যের সাথে প্রকল্পের সংগতিপূর্ণতা

৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২০২০ সালের মধ্যে ২৩০০০ মেঃ ওঃ ২০৩০ সালের মধ্যে ৪০০০০ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আলোচ্য প্রকল্পটির সফল বাস্তবায়নের ফলে জাতীয় গ্রিডে ৩৩৫ মেঃ ওঃ বিদ্যু সরবরাহ করা সম্ভব হয়েছে বিধায় প্রকল্পটি ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ।

১৮.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
বিশেষভাবে ঢাকা অঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা স্থানীয়ভাবে উৎপাদনের মাধ্যমে মিটানো।	এ প্রকল্পের মাধ্যমে প্রতি ঘন্টায় ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ পাওয়া যায়। তবে সর্বোচ্চ এটির ক্ষমতা ৩৬০ মেঃওঃ পর্যন্ত রয়েছে। তাই সারা দেশে বিদ্যুতের চাহিদা পূরণে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম। তবে ঢাকা শহরের পূর্ণ চাহিদা এ প্রকল্পের মাধ্যমে মিটানো সম্ভব নয়। উদ্দেশ্যটি অতিরঞ্জিত এবং অস্পষ্ট। তবে এই উদ্দেশ্যটি অনেকাংশেই অর্জিত হয়েছে।
নির্ভরযোগ্য বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন;	দেশের অর্থনৈতিক উন্নয়নে এ প্রকল্পটি ভূমিকা রাখছে। তবে কতটুকু তা পরিমাপ করার মত তথ্য উপাত্ত পিসিআরে নেই।
বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি ও লোডশেডিং হ্রাসের মাধ্যমে বর্তমান বিদ্যুৎ উৎপাদনের ঘাটতি মিটানো।	বিদ্যুৎ উৎপাদনের ঘাটতি মিটাতে প্রকল্পটি গুরূত্বপূর্ণ ভূমিকা পালন করছে।
জাতীয় বিদ্যুৎ গ্রিডেরস্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা।	জাতীয় গ্রিডের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির সাথে এ প্রকল্পের সম্পর্ক কি তা আমার জানা নেই। যে কোন প্ল্যান্টের উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডের মাধ্যমে সারা দেশে পৌছায়। এই প্রকল্পটি জাতীয় গ্রিডেরস্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করছে কিভাবে তা পিসিআরে উল্লেখ নেই।
প্রকৃতিক গ্যাস সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি।	কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ প্ল্যান্টের একই পরিমাণ গ্যাসে বেশি বিদ্যুৎ পাওয়া যায়, যা সিম্পল সাইকেলে সম্ভব নয়। এই প্রকল্পের মাধ্যমে একই পরিমাণ গ্যসের নির্গত ফ্লো হতে স্টিম টারবাইনের মাধ্যমে আরো ১১৭ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে, যা সিম্পল সাইকেলে পাওয়া যায় না। সেক্ষেত্রে পাকৃতিক গ্যাসের সর্বোত্তম ব্যবহার হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।
টেকনোলজি ট্র্যান্সফারের ফলে দেশে মানব সম্পদের উন্নয়ন।	এই প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নকারি সংস্থা ইজিসিবির ৩০ জন প্রকৌশলীকে বিদেশ হতে উন্নত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া, ইপিসি ঠিকাদারে সাথে সম্মিলিতভাবে কাজ করার ফলে তাদের দক্ষতা বৃদ্ধি পেয়েছে মর্মে জানা যায়। এর ফলে দেশে মানব সম্পদের উন্নয়ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

১৯.০ <u>প্রকল্প বাস্তবায়নে সমস্যাবলি</u>

(ক) **<u>প্রকল্পের টাইম ওভার রান ও কস্ট ওভার রানঃ</u>**প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়ে ১৬২৮.৪৩ কোটি টাকা, যা মূল অনুমোদিত ব্যয়ের ৭৮.৩৯%। প্রকল্পটির সময় বৃদ্ধি পেয়েছে ৮ বছর ৬ মাস, যা মূল অনুমোদিত সময়ের ২৮৩.৩৩%। পরিবর্তিত কাঠোমোতে প্রকল্পটি শেষ পর্যন্ত বাস্তবায়ন করা হলেও সময় বৃদ্ধির কারণে প্রকল্প ব্যয় বেড়েছে অনেক। এটি রাষ্ট্রের ক্ষতি। কিন্তু প্রকল্পটি শুরু হতে শেষ পর্যন্ত অনেকগুলো ঝুঁকি ও চ্যালেঞ্জ মোকাবেলা করায় সংস্থার যে লেছন লার্লিংহয়েছে তা ভবিষ্যতে সংশ্লিষ্ট কাজে প্রয়োগ করতে পারলে সেটি হবে প্রকল্পের পজিটিভ দিক।

(খ) **<u>প্রকল্প ব্যবস্থাপনা:</u>**প্রকল্প বাস্তবায়নের জন্য ৪১ জন জনবলে সংস্থান ছিল। প্রকল্প বাস্তবায়নের কোন সময়ই পর্যাপ্ত জনবল পদায়ন করা হয়নি। উল্লেখ্য, প্রকল্পের জন্য পৃথক জনবল নিয়োগ না করায় ইজিসিবি নিজস জনবল দিয়েই প্রকল্পের কাজ চালানো হয়। জনবল সংকটের কারণে প্রতিনিয়ত প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করাহয়েছে। তাছাড়া, প্রকল্প বাস্তাবয়নের বিভিন্ন পযায়ে ৫ জন পৃথক প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। একটি সম্পূর্ণভাবে

টেকনিক্যাল প্রকল্পে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকল্প পরিচালক নিয়োজিত হওয়ায় প্রকল্প বাস্তাবায়ন এর ধারাবাহিকতায় রক্ষা করা সহজ ছিল না।

(গ) **পরামর্শ সেবাঃ** প্রকল্পটি সুষ্টুভাবে বাস্তবায়নের জন্য Owner's Engineerহিসেবে Fitchner Gmbh and Co.kg; Germany এর সাথে ১৮/১২/২০১৩ তারিখে চুক্তি করা হয়। টিম লিডারসহ বিভিন্ন পরামর্শকের বারবার পরিবর্তনের কারণে প্রকল্পের সুষ্টু বাস্তবায়ন এধারাবাহিকতায় রক্ষা করার ক্ষেত্রে সমস্যা তৈরী হয়। উল্লেখ্য, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণে পরামর্শকের চুক্তি ২ বার সংশোধন করার প্রয়োজন হয়েছে।

(ঘ) **ইপিসি ঠিকাদারঃ** পাওয়ার প্ল্যান্ট স্থাপনের জন্য ইপিসি ঠিকাদার Isolux Ingenieria S A. & Samsung C&TC orp.এর সাথে চুক্তি হয় ২৮/০৫/২০১২ তারিখে। চুক্তির পর ২ বার নিরাপত্তাজনিত কারণ দেখিয়ে নির্মাণ কাজ বন্ধ করে দেয়। তাছাড়া, Soil Consolidation ইস্যুতেও প্রায় ১ বছর ৬ মাস প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়। এরপর স্পেনিশ কোর্ট কর্তৃক আর্থিক দেউলিয়াত্ব ঘোষনার প্রেক্ষিতে বিনা নোটিশে ঠিকাদার প্রতিষ্ঠান কাজ বন্ধ করে সাইট ত্যাগ করে। ব্যাপক পর্যালোচনার পর ঠিকাদারের সহযোগি পার্টনার Samsung C&T Corp. Korea প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করে। এরফলে একটি সম্পূরক চুক্তি স্বাক্ষরিত হয়। উল্লিখিত কারণে প্রকল্প বাস্তবায়ন ভীষণভাবে ব্যহত ও বিলম্বিত হয়।

(ঙ) **নিরাপত্তা পরিস্থিতিঃ** প্রকল্প বাস্তবায়নের সময় ঢাকার গুলশান ও রংপুরে অনাকাঙ্খিত বিদেশী অতিথি হত্যার প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন মারাত্মক ঝুঁকিতে পরে। এ প্রেক্ষিতে ২ বার সাইটে নির্মাণ কাজ বন্ধ করে দেয়া হয়। পরবর্তীতে র‍্যাব, পুলিশ, স্থানীয় প্রশাসন ও আনসার মোতায়নের পর কাজ শুরু হয়। ১০ জন শিল্প পুলিশ এখনো দায়িত্ব পালন করে যাচ্ছে।

(চ) **সিদ্ধান্ত গ্রহণঃ** মূল প্রকল্পটি গ্রহণ করা হয় ২×১৫০ মেঃ ওঃ এর পিকিং পাওয়ার প্ল্যান্ট নির্মাণের জন্য।ডিপিপি অনুমোদিত হয় ৩১/১২/২০১১ তারিখে। প্ল্যান্ট নির্মণের জন্য দরপত্র আহবান করা হয় ২৬/০১/২০০৯ তারিখে। সর্বনিম্ন দরদাতা নির্বাচন করে বিশ্বব্যাংকের সম্মতি পাওয়ার জন্য মূল্যায়ন প্রতিবেদন ০২/১১/২০০৯ তারিখে বিশ্বব্যাংকে প্রেরণ করা হয়। প্রস্তাবিত দরদাতাকে সম্মতি দিতে বিশ্বব্যাংকের আপত্তি রয়েছে মর্মে ১৬/০৮/২০১০ তারিখে সংস্থাকে জানায়। এরপর ব্যাপক আলোচনা পর্যালোচনার পর ২×১৫০ মেঃ ওঃ গ্যাস টারবাইন পিকিং পাওয়ার প্ল্যান্টের পরিবর্তে ৪৫০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের বিষয়ে বিশ্বব্যাংক ও বিদ্যুৎ বিভাগ সম্মত হয় এবং এ বিষয়ে অতিরিক্ত অর্থায়ন করতেও বিশ্বব্যাংক সম্মতি প্রদান করে।এ প্রেক্ষিতে প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাব ০১/১০/২০১০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। কিন্তু বিশ্বব্যাংক অতিরিক্ত অর্থায়ন প্রাপ্তির বিষয়টি নিশ্চিত না করায় সংশোধন প্রস্তাব প্রক্রিয়াকরণে বিলম্ব হয়। পরবর্তীতে অতিরিক্ত অর্থায়নের বিষয়টি জিওবি হতে সংস্থানের প্রেক্ষিতে এবং প্রকল্পের শিরোনাম পরিবর্তন করে "সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট প্রজেক্ট (সংশোধিত)" শিরোনামে সংশোধিত প্রকল্পটি ১০/০৪/২০১২ তারিখে অনুমোদিত হয়। এতে প্রায় তিন বছর সময় চলে যায়।

(ছ) **Soil Consolidation:**

ইপিসি ঠিকাদার সাইট গ্রহণের পর Topographic & geo-technical Survey শুরু করে ১৪/১০/২০১২ তারিখে। এ সময় ঠিকাদার সার্ভে রির্পোটে Soil এর প্রকৃতিতে ব্যাপক পার্থক্য উল্লেখ করে এবং অতিরিক্ত সময় ও ব্যয় দাবী করে। এই প্রস্তাবটি নিষ্পত্তি করতে প্রায় ১৫ মাস সময় ব্যয় হয়,-যা মূল চুক্তি ও সিডিউলে ছিল না।

(জ) **লিংক সংস্থার ভুমিকাঃ** প্রকল্পে জিটিসিএল কর্তৃক গ্যাস লাইন স্থাপনের মাধ্যমে গ্যাস সরবরাহ করার সংস্থান ছিল। কিন্তু যথাসময়ে জিটিসিএল গ্যাস লাইন স্থাপন করতে পারেনি। ফলে তিতাস গ্যাস কো:লি: এর মাধ্যমে অস্থায়ীভাবে নির্মিত আরএমএস এর মাধ্যমে গ্যাস সরবারাহ করা হয়। তাছাড়া, প্রকল্প এলাকায় পিজিসিবি ও ডিপিডিসি'র সঞ্চালন ও বিতরণ লাইন সরানোর ক্ষেত্রেও বেশ বিলম্ব হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

(ঝ) **ত্রুটি সংশোধনঃ** ইনস্পেকশান ও কমিশনিং এর সময় গ্যাস বুস্টার কমপ্রেসর (জিবিসি) এর গিয়ার বক্সে কিছুটা রাস্ট পরিলক্ষিত হয়। স্থানীয়ভাবে উক্ত রাস্ট রিমুভ করা সম্ভব না হওয়ায় মূল নির্মাণকারী প্রতিষ্ঠানের ইতালির ওয়ার্কশপে গিয়ার বক্স পাঠিয়ে ঠিকাদারের নিজস্ব খরচে মেরামত করা হয়। এতে প্রায় ১১ মাস সময় ব্যয় হয়। তাছাড়া,তিতাস কর্তৃক অস্থায়ীভাবে নির্মিত আরএমএস এর গ্যাস সরবরাহ লাইনে একবার আগুনের সূত্রপাত ঘটে। তবে এর ফলে কোন ক্ষয়ক্ষতি হয়নি।

(ঞ) **প্রকল্প প্রণয়নে দুর্বলতা:** প্রকল্পে ফিজিবিলিটি ষ্টাডির পযায়ে জাতীয় বিদ্যুৎ গ্রীডে পিক পাওয়ার বেশী প্রয়োজন থাকায় ২*১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট স্থাপনের সিদ্ধান্ত হয়। তবে, প্রকল্প বাস্তবায়নের শুরুতে বিলম্ব হওয়ায় এবং চুড়ান্ত পযায়ে বিশ্বব্যাংক কর্তৃক সুপারিশকৃত দরপত্রের বিষয়ে অনাপত্তি প্রদান না করায় প্রকল্প বাস্তবায়নে অনিশ্চিয়তা দেখা দেয়। ইতোমধ্যে

অন্যান্য পিকিং পাওয়ার প্লান্ট জাতীয় বিদ্যুৎ গ্রীডে সংযুক্ত হওয়ায় পিকিং পাওয়ার এর পরিবর্তে জাতীয় বিদ্যুৎ গ্রীডে বেজ পাওয়ার এর বেশী প্রয়োজনীয়তা দেখা দেয়। এমতাবস্থায়, সেপ্টেম্বর ০২, ২০১০ তারিখে বিদ্যুৎ বিভাগ, বিশ্বব্যাংক এবং ইজিসিবি লিঃ এর যৌথ সভার সিদ্ধান্ত মোতবেক ২*১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট এর পরিবর্তে একই জায়গায় ৪৫০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মানের উদ্দেশ্যে নতুন করে কাজ শুরু করা হয়।

(ট) **উন্নয়ন সহযোগি সংস্থার সাথে নেগোসিয়েশনের ভুমিকা:** মূল প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে টার্ণকি ঠিকাদারের দরপত্র মূল্যায়ন প্রতিবেদন এর উপর বিশ্বব্যাংকের অনাপত্তি না পাওয়ার কারণেমূল প্রকল্পটি বাতিল হয়ে যায় । পরবতীতে, সেপ্টেম্বর ০২, ২০১০ তারিখে বিদ্যুৎ বিভাগ, বিশ্বব্যাংক এবং ইজিসিবি লিঃ এর যৌথ সভার সিদ্ধান্ত মোতবেক ২*১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট এর পরিবর্তে একই জায়গায় ৪৫০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মানের সিদ্ধান্ত মোতাবেক বিশ্বব্যাংক যথাসময়ে অতিরিক্ত অর্থায়ন নিশ্চিত না করায় সরকারের নিজস্ব তহবিল হতে অতিরিক্ত অর্থায়ন নিশ্চিত করা হয়। ফলে প্রকল্পের১ম সংশোধিত ডিপিপি অনুমোদনে ১ বছর ৫ মাস বিলম্ব হয়।

(ঠ) **আবাসন সমস্যা:** প্ল্যান্টে কোন ডরমেটরি ও কোয়ার্টার নেই। বিদ্যুৎ কেন্দ্র এলাকায় পযাপ্ত খোলা জায়গা না থাকায় বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষন কাজের জন্য ব্যবহারতব্য মালামাল মজুত করার সমস্যা পরিলক্ষিত হয়। তাছাড়া, জায়গার অভাবে বিদ্যুৎ কেন্দ্রে কর্মরত কর্মকর্তাগনের জন্য কোন ডরমেটরি/কোয়ার্টার নির্মান করা যায়নি। ফলে পরিচালন ও সংরক্ষণ কাজের সাথে জনবলকে বাহিরে বিছিন্নভাবে অবস্থান করতে হয়। উল্লেখ্য, বিদ্যুৎ ক্রেদ্র সংলগ্ন পিডিবি ও পিজিসিবি এর কিছু পরিত্যাক্ত খালি জায়গা /স্থাপন রয়েছে যা ইজিসিবি লিঃ কে দেওয়া হলে মালামাল রাখা এবং জনবলের জন্য ডরমেটরি/কোয়ার্টার নির্মান করা যাবে এবং তা বিদ্যুৎ কেন্দ্রের সুষ্ঠ পরিচালন ও সংরক্ষনে সহায়ক হবে।

২০.০ । সামগ্রিক পর্যবেক্ষণ:

বাস্তবায়ন বিলম্বঃ

ক) প্রকল্পটি অনুমোদিত হয় ০৮/০৯/২০০৯ তারিখে। মেয়াদ ছিল ডিসেম্বর ২০১১ পর্যন্ত। প্ল্যান্ট নির্মাণের জন্য টার্ণকি দরপত্র আহবান করা হয়। ২৬/০১/২০০৯ তারিখে। দরপত্র মূল্যায়ন শেষে চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন বিশ্বব্যাংকের অনুমোদনের জন্য প্রেরণ করা হয় ০২/১১/২০০৯ তারিখে। বিশ্বব্যাংক উক্ত মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনে অনাগ্রহ প্রদান করে ১৬/০৮/২০১০ তারিখে। এখান হতে প্রকল্পের অনিশ্চয়তা শুরু হয়। মূল প্রকল্পটি এখান থেকে আর আগাতে পারেনি। এখানে সময় অতিবাহিত হয়ে প্রায় ১ বছর।

খ) এরপর ব্যাপক আলোচনার পর বিদ্যুৎ বিভাগ ও বিশ্বব্যাংক ০২/০৯/২০১০ তারিখে নতুন কাঠামোতে প্রকল্প বাস্তাবায়নে একমত হয়। অর্থাৎ ২×১৫০ মেঃ ওঃ গ্যাস টারবাইন পিকিং পাওয়ার প্ল্যান্টের পরিবর্তে ৪৫০ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের পরিকল্পনা নেয়া হয়। এজন্য অতিরিক্ত অর্থও বিশ্বব্যাংক প্রদান করবে। এ প্রেক্ষিতে মূল প্রকল্পটি সংশোধন করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে ০১/১০/২০১১ তারিখে প্রেরণ করা হয়। কিন্তু বিশ্বব্যাংক কর্তৃক প্রতিশ্রুত অর্থের নিশ্চয়তা না পাওয়ায় সংশোধিত প্রকল্পটি অনুমোদনে বিলম্ব হয়। পরবর্তীতে সংশোধিত প্রকল্পে অতিরিক্ত অর্থ জিওবি উৎস হতে নির্বাহের সংস্থান করায় ১ম সংশোধিত প্রকল্পটি ১০/০৪/২০১২ তারিখে অনুমোদিত হয়। অর্থাৎ ১ম সংশোধিত ডিপিপি অনুমোদনে সময় লেগেছে প্রায় ১ বছর ৫ মাস। এখানেও বিশ্বব্যাংকের অর্থায়নের প্রতিশ্রুতিই বড় বাঁধা ছিল মর্মে প্রতীয়মান হয়েছে।

গ) ১ম সংশোধিত ডিপিপি অনুমোদনের পর টার্ণকিকাজ শুরু করে। টার্ণকিঠিকাদারকে সাইট হস্তান্তর করা হয় ২৭/০৯/২০১২ তারিখে । টার্ণকীঠিকাদার সয়েল টেস্ট রির্পোট দাখিল করে ০৪/০৩/২০১৬ তারিখে। টার্ণকি ঠিকাদার সয়েল টেস্ট রিপোর্টের ভিত্তিতে টেন্ডার ডকুমেন্টের সাথে তাদের সয়েল রিপোর্টের বিরাট বৈষম্য উল্লেখ করে এবং এরফলে ঠিকাদার অতিরিক্ত অর্থ ও মেয়াদ বৃদ্ধির দাবী করে। ডিসপিউট বোর্ড কর্তৃক বিষয়টি মিমাংসা করা হয় এবং এতে ১৫ মাস সময় অন্তর্ভূক্ত করা হয়। অর্থাৎ সয়েল কনসোলিডেশন অর্জন করা হয় ২৫/১১/২০১৪ তারিখে। প্রকৃতপক্ষে এরপর অর্থাৎ ২৬/৪/২০১৪ তারিখ হতে প্ল্যান্ট নির্মাণের কাজ শুরু হয়। এটা প্রকল্প অনুমোদনের প্রায় ৫ বছর ৪ মাস পর।

ঘ) এর পর টার্ইকি ঠিকাদার পূর্ণ গতিতে কাজ শুরু করে। এরমধ্যে জুলাই ২০১৫ তে গ্যাস বুস্টারে রাস্ট পরিলক্ষিত হয়। স্থানীয়ভাবে উক্ত রাস্ট রিমুভ করা সম্ভব না হওয়ায়মূল নির্মাণকারী প্রতিষ্ঠানের ইতালির ওয়ার্কশপে গিয়ার বক্স পাঠিয়ে ঠিকাদারের নিজস্ব খরচেমেরামত করা হয়।সর্বশেষ জুন ২০১৬ এ গ্যাস বুস্টার ৩ টি মেরামত করে আনা হয়। এতেও ১ বছর সময় ব্যয় হয়।

ঙ) আবার কাজ শুর হলে সেপ্টেম্বর ২০১৭ এ মূল ঠিকাদার স্প্যানিশ কোর্ট কর্তৃক দেউলিয়া ঘোষিত হয়। অত:পর বিস্তারিত আলোচনার পর জেবি ঠিকাদারের সহযোগি পার্টনার Samsung অসমাপ্ত কাজ সম্পাদনে সম্মত হয়। এর ফলে সংস্থা ও Samsungএকটি সংশোধিত চুক্তি স্বাক্ষর করে ১৩/০৯/২১৭ তারিখে। এভাবে প্ল্যান্টের গ্যাস টারবাইন ইউনিট ০১/০৫/২১৮ তারিখে ও স্টিম টারবাইন ইউনিট ১০/০৯/২০১৯ তারিখ বানিজ্যিকভাবে উৎপাদনে মাত্রা শুরু করারপর প্রকল্পটি জুন ২০২০ এ আনুষ্ঠানিকভাবে সমাপ্ত ঘোষনা করা হয়।

চ) এই প্রকল্পের অনেকগুলো ঝুঁকি ও চ্যালেঞ্জ ছিল, যা মোকাবেলা করে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। এতে সংস্থার যথেষ্ট লেছন লালিং এর সুযোগ হয়েছে। এই সংক্রান্ত অর্জিত শিক্ষা ও অভিজ্ঞতা অন্য প্রকল্পে কাজে লাগানো যেতে পারে।

ছ) পরিদর্শনের সময় প্ল্যান্টটি বন্ধ ছিল। গ্যাস টারবাইন ও এইচআরএসজি মাঝের অংশ (ডিফিউজার ডাক্ট) আংশিক ক্ষতিগ্রস্ত হওয়ায় প্ল্যান্টটি গত ২৮/০৯/২০২০তারিখ হতে বন্ধ আছে।এই ত্রুটির জন্য নির্মাণকারী প্রতিষ্ঠান বা ঠিকাদার দায়ী নয় মর্মে আমাকে জানানো হয়। তবে ক্ষতিগ্রস্থ ডিফিউজার ডাক্ট অংশটুকু সংশ্লিষ্ট মূল উৎপদানকারী ও স্থাপনকারী প্রতিষ্ঠানের দ্বারা মেরামত করা হচ্ছে। নতুনভাবে চুক্তির মাধ্যমে নিজস্ব অর্থে ত্রুটি মেরামত করা হচ্ছে। ত্রুটি সংশোধনের জন্য ঠিকাদার ৬-৮ অক্টোবর ২০২০ তারিখে বরোস্কোপিক ইন্সপেকশন করে। এতে গ্যাস কমপ্রেসার ও টারবাইন কোন সমস্যা পাওয়া যায়নি। চিহ্নিত ক্ষতিগ্রস্ত ডিফিউজার ডাক্ট অংশ২১/১০/২০২০ তারিখে পুনরায় পরিদর্শন করে ত্রুটি সংশোধনের কার্যক্রম শুরু করা হয়েছে। ত্রুটি মেরামত করে গত ০৩/০৩/২০২১ তারিখ হতে সিম্পল সাইকেল পূনরায় চালু করা হয়।

জ) <u>উদ্দেশ্য অর্জনঃ</u> প্রকল্পের পরিকল্পিত ৫টি উদ্দেশ্যের মধ্যে নিম্নবর্ণিত ৩টি উদ্দেশ্য হলো- (ক) বিশেষভাবে ঢাকা অঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে মিটানো। (খ) নির্ভরযোগ্য বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং (গ) জাতীয় বিদ্যুৎ গ্রিডেরস্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা। এর জবাবে পিসিআরে উক্ত ৩টি উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য যে, এ প্রকল্পের মাধ্যমে প্রতি ঘন্টায় ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ পাওয়া যায়। তবে সর্বোচ্চ এটির ক্ষমতা ৩৬০ মেঃওঃ পর্যন্ত রয়েছে। তাই সারা দেশে বিদ্যুতের চাহিদা পূরণে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম। তবে ঢাকা শহরের পূর্ণ চাহিদা এ প্রকল্পের মাধ্যমে মিটানো সম্ভব নয়। উদ্দেশ্যটি অতিরঞ্জিত এবং অস্পষ্ট। তবে এই উদ্দেশ্যটি অনেকাংশেই অর্জিত হয়েছে। দেশের অর্থনৈতিক উন্নয়নে এ প্রকল্পটি ভূমিকা রাখছে। তবে কতটুকু তা পরিমাপ করার মত তথ্য উপাত্ত পিসিআরে নেই। তাছাড়া, জাতীয় গ্রিডের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির সাথে এ প্রকল্পের সম্পর্ক কি তা আমার জানা নেই। যে কোন প্ল্যান্টের উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডের মাধ্যমে সারা দেশে পৌছায়। এই প্রকল্পটি জাতীয় গ্রিডেরস্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করছে কিভাবে তা পিসিআরে উল্লেখ নেই।

ঝ) <u>আর্থিক বিশ্লেষণ:</u> পিসিআর এ আর্থিক বিশ্লেষণে NPVএর অর্জন দেখানো হয়নি। তাছাড়া, BCR ও IRR এর প্যারামিটার দেয়া হয়েছে। কিন্তু উক্ত ফলাফল কিভাবে পাওয়া গেছে তার বিপরীতে তথ্যউপাত্তসহ গাণিতিক গণনা দেখানো হয়নি। ফলে আর্থিক বিশ্লেষণের অর্জন যাচাই করা যায়নি।

(ঞ) <u>অনিষ্পন্ন অডিট আপত্তিঃ</u> প্রকল্প মেয়াদের বিভিন্ন সময়ের ১২টি অডিট আপত্তি এখনো অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। এগুলো কি কারণে এখনো নিষ্পত্তি হয়নি তা পর্যালোচনা করে দেখা যায়।

২১। সুপারিশঃ

২০.১ প্রকল্পটির কস্ট ওভার রান হয়েছে ১৬২৮.৪৩ কোটি টাকা, ৭৮% এবং টাইম ওভার রান হয়েছে ৮ বছর ৬ মাস, যা ২৮৩%। এই প্রকল্পের সৃস্ট ঝুঁকি ও চ্যালেঞ্জসমূহ এবং টাইম ওভার রান ও কষ্ট ওভাররান যেভাবে মোকাবেলা করে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে, এর ফলে সংস্থার অর্জিত শিক্ষা ও অভিজ্ঞতা কিভাবে রাষ্ট্রের উন্নয়নে কাজে লাগানো যায় তার একটি বিস্তারিত বিবরণ আইএমইডিতে প্রেরণ করা যেতে পারে;

২০.২ ত্রুটির কারণে প্ল্যান্টটি গত ২৮/০৯/২০২০ তারিখ হতে বন্ধ হয়ে যায়। এ জন্য ঠিকাদার বা নির্মাণকারী প্রতিষ্ঠানের যন্ত্রপাতির ত্রুটি রয়েছে কিনা, ত্রুটি সংশোধনের জন্য ব্যয় ভার চুক্তি অনুযায়ী ঠিকাদার নাকি সংস্থা বহন করেছে এবং এ বিষয়ে বিশেষজ্ঞ কমিটির মতামত রয়েছে কিনা সে বিষয়ে আইএমইডিকে অবহিত করতে হবে;

২০.৩ প্রকল্প বাস্তবায়নের সময় **Soil Consolidation**এর বিষয়ে ঠিকাদারের অতিরিক্ত দাবী কিভাবে নিষ্পত্তি করা হয়েছে এবং এতে ঠিকাদারকে মূল চুক্তির চেয়ে কি পরিমাণ অর্থ অতিরিক্ত প্রদান করা হয়েছে তা আইএমইডিকে অবহিত করা যেতে পারে;

২০.৪ মূল ঠিকাদারের দেউলিয়াত্বের কারণে তার চুক্তি বাতিল করা হয়। এ প্রেক্ষিতে কি পরিমাণ ক্ষতিপূরণ আদায় করা হয় এবং তা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে কি না তা আইএমইডিকে অবহিত করতে হবে;

২০.৫ প্রকল্প মেয়াদের মধ্যে ১২ টি অডিট আপত্তি এখনো নিষ্পত্তি হয়নি। উক্ত আপত্তিগুলোর সাথে আর্থিক সংশ্লেষ রয়েছে। আপত্তিগুলোতে এগুলো কি কারণে এখনো নিষ্পত্তি হয়নি তা পর্যালোচনা করে দেখা যেতে পারে;

২০.৬ ২০১৫ এর জুলাইয়ে গ্যাস বুস্টারের ময়লা অপসারণ করা হয় উৎপাদনকারী দেশ ইত্যালি হতে। এতে কত টাকা ব্যয় হয়েছে। এ বিষয়টি চুক্তি অনুযায়ী কিভাবে নিষ্পত্তি করা হয়েছে সে সম্পর্কিত বিবরণী এ বিভাগকে অবহিত করা যায়;

২০.৭ প্ল্যান্টটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পযার্প্ত জনবল পদায়ন এবং আবাসন ও দাপ্তরিক সমস্যা সমাধান করা যেতে পারে।

সংযোজনী-"খ"

প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি


ক্রমিক নং	অঙ্গের নাম	একক	ডিপিপি (৩য় সংশোধনী) অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	প্রশিক্ষণ (বৈদেশিক/স্থানীয়)	৬৫/৬০ জনমাস	২৬৬৭.৩৯	১০০%	২৬৬৭.৩৯	১০০%	
০২	যন্ত্রপাতি	১ লট	২০২১৬১.৮৪	১০০%	১৯৭৪৩৭.৪৮	১০০%	
০৩	যানবাহন	১৭ টি	৩১৪.৫৩	১০০%	২২২.৬৯	১০০%	
০৪	ডিজাইন অফ পাওয়ার সিস্টেমস	১ লট	১৪৩৩১.৩৩	১০০%	১৩৯৪০.০১	১০০%	
০৫	পূর্ত কাজ (টার্ন কি)	১ লট	১৪৪৮১.৫৩	১০০%	৮৮৮৪.১০	১০০%	
০৬	এডিশনাল কস্ট এন্ড এক্সপেন্সেস এশ রিলেটিভ টু ফুয়েল ফর দ্যা পাওয়ার ইস্যুড এন্ড আদার			১০০%	১৩৫২.৩৭	১০০%	
০৭	ইন্সটলেশন, ইরেকশনিং এন্ড কমিশনিং	১ লট	২৪২২০.৮১	১০০%	২৪২২০.৮১	১০০%	
০৮	গ্যারান্টি ইঞ্জিনিয়ার সার্ভিস	১ লট	১৪৮৮.২৩	১০০%	১৪৮৮.২৩	১০০%	
০৯	ওর্নাস ইঞ্জিনিয়ার	১ লট	৭১৯৩.১৮	১০০%	৫৬৯৪.৪২	১০০%	
১০	ইন্ডিভিজুয়াল কনসালটেন্ট (মেকানিক্যাল ইঞ্জিনিয়ার এসটি) ইন্ডিভিজুয়াল কনসালটেন্ট (মেকানিক্যাল ইঞ্জিনিয়ার এইচআরএসরজ এন্ড বিওবি) ইন্ডিভিজুয়াল কনসালটেন্ট (মেকানিক্যাল ইঞ্জিনিয়ার-আইএন্ডসি)	১ লট	১২৭.৮৮	১০০%	৮৮.৩৮	১০০%	
১১	ওন্ডএম অপারেটর ফর ৩৩৫ মেঃওঃ						
১২	ওন্ডএম অপারেটর ফর ২X১২০ মেঃওঃ	১ লট	৬৯৯৩.৩৭	১০০%	৪৮১৮.২৫	১০০%	
১৩	এমআইএস	১ লট	৭৬১৭.৫০	১০০%	৬৭১১.০৯	১০০%	
১৪	এলটিএসএ সার্ভিস						
১৫	সার্পোট টু ইমপ্লিমেন্টিং এজেন্সি	১ লট	২৭৬৫.০০	১০০%	১৮৭০.৯০	১০০%	
১৬	পূর্তকাজ (অনাবাসিক)	লট	৩২১.২৪	১০০%	১৩৭.৯২	১০০%	
১৭	স্থানীয় পূর্তকাজ (আবাসিক)						
১৮	জালানী	১ লট	১২০০.০০	১০০%	১১৭৭.৮০	১০০%	
১৯	এলসি চার্জ (ব্যাংক চার্জ)	থোক	৬৫০০.০০	১০০%	৫৫৯৫.০০	১০০%	
২০	কাস্টমস ডিউটি এন্ড ট্যাক্সেস	থোক	২৩০০০.০০	১০০%	১৮২৯৬.৭২	১০০%	
২১	ভ্যাট এন্ড এআইটি	থোক	২২৯১৪.৭১	১০০%	১৯৮২০.০৬	১০০%	
২২	নির্মাণকালীন সুদ	থোক	৪৫৪৮২.১৪	১০০%	৫৩৩৩০.৮৭	১০০%	
২৩	কেবল ডাক্ট ব্যাংক	থোক	৩২৪.২৩	১০০%	৩২৪.২৩	১০০%	
২৪	লিগ্যাল ফিস	থোক	২০০.০০	১০০%	৮৩.৪৪	১০০%	
২৫	অফিসার বেতন	১৯ জন	৮৮৩.৩৭	১০০%	৬৮৯.১৭	১০০%	
২৬	ষ্টাফ বেতন	২২ জন	৩০৬.১০	১০০%	২৭০.৫৯	১০০%	
২৭	ভাতাদি	থোক	১৪২১.৫৪	১০০%	১২২৭.৯২	১০০%	
২৮	সাপ্লাই/সার্ভিস	থোক	২৯১.৩৮	১০০%	১৪২.১৩	১০০%	
২৯	রিপেয়ার/ মেইনটেনেন্স	থোক	১০৫.৮১	১০০%	৯১.৬৩	১০০%	
৩০	ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	৪০.৭২	১০০%			
৩১	কস্ট এস্কেলেশন	থোক	৭৫০০.০০	১০০%			
	মোট		৩৯৭১২৯.১৯		৩৭০৫৮৩.৬০		

সংযুক্তি-"ক"

Major Equipment List of Siddhirganj 335 MW CCPP, Siddhirganj, Narayanganj

SL No.	Equipment Name	Vendor	Rating
1.	Gas Turbine	GE USA	Net Capacity : 218 MW (Simple Cycle Capacity)
2.	Steam Turbine	GE USA	Net Capacity : 117 MW (Combined Cycle Capacity – Simple Cycle Capacity) ** Combined Cycle Capacity is 335 MW
3.	Gas Turbine Generator	GE USA	332 MVA
4.	Steam Turbine Generator	GE USA	169 MVA
5.	GTG Main transformer	ABB Poland	183/244/305 MVA 15KV/230 KV;
6.	STG Main transformer	ABB Poland	102/136/170/MVA, 14.5 KV/230KV
7.	Gas Booster Compressor	Cameron, USA	Flow:7.951 Kg/s, Input Pressure: 5.2 Barg, Discharge: 30.65 Barg, 3600KW, 6.6KV
8.	Heat Recovery Steam Generator	CMI, Belgium	N/A
9.	GT Generator Circuit Breaker	ABB, Switzerland	25.3 KV, 13 KA, SF6
10.	ST Generator Circuit Breaker	ABB, Switzerland	23 KV,8.5KA,SF6
11.	DCS Mark VIe	GE USA	N/A
12.	Cooling Tower	ESINDUS (Spain)	N/A
13.	GT Auxiliary Transformer	Schneider Electric, Indonesia	21/26 MVA 15/6.9 KV
14.	ST Auxiliary Transformer	Schneider Electric, Indonesia	21/26 MVA 14.5/6.9 KV

পাওয়ার প্ল্যান্টের ডায়গ্রাম ও নির্মানকালীন কিছু ছবি





Site before development



Site after development




2019.09.28 15:16



পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ চট্টগ্রাম-সিলেট বিভাগীয় কার্যক্রম-২ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

১। প্রকল্পের নাম : পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ চট্টগ্রাম-সিলেট বিভাগীয় কার্যক্রম-২ (২য় সংশোধিত)।

২। প্রকল্প পরিদর্শন কারী কর্মকর্তার নাম : মোঃ আমিনুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১,আইএমইডি

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ১১-১২/০৬/২০২২ খ্রিঃ

৪। প্রকল্পের অবস্থান : প্রকল্পটি চট্টগ্রাম ও সিলেট বিভাগের অন্তর্গত ১৩টি জেলার ১১২টি উপজেলার ১৯টি পবিসের ভৌগলিক এলাকায় বাস্তবায়িত হয়েছে।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

৬। প্রশাসনিক /বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/ বিদ্যুৎ বিভাগ।

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন, ২০২১ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	***(২)***	***(৩)***	***(৪)***	***(৫)***	***(৬)***	***(৭)***	***(৮)***
১৬৮৭৩০.০০	১৫১৭৮২.০০	১৫০৭৫২.২৯	০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৮	০১-০৭-২০১৪ হতে ৩১-১২-২০১৯	০১-০৭-২০১৪ হতে ৩১-১২-২০১৯	-১৭৯৭৭.৭১ (-১০.৬৫ %)	১৮ মাস (৩৭.৫০%)

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অঙ্গেরনাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) আবর্তক ব্যয়					
	সরবরাহ ও সেবা					
১	মূল বেতন (অফিসার)	জন	২৭	৮২.১৪	২৭ (১০০%)	৮২.১৪ (১০০%)
২	মূল বেতন (কর্মচারী)	জন	৪৩	১১৮.৩০	৪৩ (১০০%)	১১৮.৩০ (১০০%)
৩	মহার্ঘ ভাতা	জন	৭০	১.০৪	৫৮ (৮২.৮৬%)	১.০৪ (১০০%)
৪	বাড়ী ভাড়া ভাতা	জন	৭০	১০২.১১	৫৮ (৮২.৮৬%)	১০২.১১ (১০০%)
৫	উৎসব ভাতা	জন	৭০	৩৩.৭৩	৫৮ (৮২.৮৬%)	৩৩.৭৩ (১০০%)
৬	চিকিৎসা ভাতা	জন	৭০	২৪.৭২	৫৮ (৮২.৮৬%)	২৪.৭২ (১০০%)
৭	টিফিন ভাতা	জন	৪৩	২.৩৭	৩১ (৭২.০৯%)	২.৩৭ (১০০%)
৯	পরিবহন ভাতা	জন	৪৩	০.৬২	৩১ (৭২.০৯%)	০.৬২ (১০০%)
১০	অন্যান্য ভাতা	জন	৭০	৬০.৯১	৬০.৯১ (১০০%)	৫৮ (৮২.৮৬%)
১১	যাতায়াত ভাতা	থোক	থোক	৬৯.৯৬	থোক (১০০%)	৬৭.১৪ (৯৫.৯৭%)
১২	অফিস ভবন ভাড়া	থোক	থোক	৬.৪৩	থোক (১০০%)	৬.৪৩ (১০০%)
১৩	টেলিফোন	থোক	থোক	২.৮১	থোক (১০০%)	২.৭০ (৯৬.০৯%)

১৪	বিদ্যুৎ বিল	থোক	থোক	০.৩২	থোক (১০০%)	০.৩২ (১০০%)
১৫	পেট্রল, ওয়েল ও লুব্রিক্যান্ট	থোক	থোক	৩৮.৩১	থোক (১০০%)	৩৬.১০(৯৪.২৩%)
১৬	পিন্টিং ও পাবলিকেশন	থোক	থোক	৪০.৭১	থোক (১০০%)	৪০.৭১ (১০০%)
১৭	ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্প	থোক	থোক	১১.০৩	থোক (১০০%)	১০.৫৩(৯৫.৪৭%)
১৮	আপ্যায়ন ব্যয়	থোক	থোক	২.৩৬	থোক (১০০%)	১.৮৪ (৭৭.৯৭%)
১৯	পরিবহন ব্যয়	থোক	থোক	৯৯৭.৫৫	থোক (১০০%)	৯৯৭.৪৪(৯৭.৯৮%)
২০	কন্সালটেন্সী (ইঞ্জিনিয়ারিং ডিজাইন & সুপারভিশন)	থোক	থোক	২০০০.০০	থোক (১০০%)	১৮১১.৮১ (৯০.৫৯%)
২১	সম্মানী ভাতা	থোক	থোক	২৩.৭৩	থোক (১০০%)	২৩.২২ (৯৭.৮৫%)
২৩	টেস্টিং ফি	থোক	থোক	২.১৪	থোক (১০০%)	২.১৪ (১০০%)
২৪	অন্যান্য মেরামত ও সংরক্ষন	থোক	থোক	৪৬.১৯	থোক (১০০%)	৪৫.৬৪ (৯৮.৮১%)
২৫	যানবাহন	থোক	থোক	২৬.৫০	থোক (১০০%)	২২.৬৪ (৮৫.৪৩%)
২৬	আসবাবপত্র	থোক	থোক	০.১১	থোক (১০০%)	০.০১ (৯.০৯%)
২৭	কম্পিউটার ও অফিস সরাঞ্জাম	থোক	থোক	০.৯৪	থোক (১০০%)	০.৫৪ (৫৭.৪৫%)
২৮	অন্যান্য	থোক	থোক	০.২৮	থোক (১০০%)	০.১৬(৫৭.১৪%)
	মোট (আবর্তক ব্যয়)			**৩৬৯৫.৩১**	**১০০%**	**৩৫৬৬.৪১ (৯৬.৫১%)**
	(খ) মূলধন ব্যয়:					
২৯	পরিবহন যানবাহন	সংখ্যা	জিপ-১, পিক আপ-২	১৬৪.৯৫	জিপ-১, পিক আপ-২ (১০০%)	১৬৪.৯৫ (৫৭.৪৫%)
৩০	কম্পিউটার সরাঞ্জামাদি	সেট	১৪	৪.৯০	১৪ (১০০%)	৪.৯০ (১০০%)
৩১	আসবাবপত্র	থোক	থোক	৩.৭৯	থোক (১০০%)	৩.৭৯ (১০০%)
৩২	বৈদ্যুতিক সরঞ্জাম (যন্ত্রপাতি ও মালামাল)	লট	লট	১১৩৭৫৭.৮২	লট (১০০%)	১১৩৭৫৭.৮২ (১০০%)
৩৩	অন্যান্য (এয়ারকুলার)	থোক	থোক	৩.১৬	থোক (১০০%)	৩.১৬ (১০০%)
৩৪	ভূমি অধিগ্রহণ	একর	৯.৮৫	৮৪৬.৮৪	৯.৮৫ (১০০%)	৮৪৬.৮৪ (১০০%)
৩৫	বৈদ্যুতিক স্থাপনা (লাইন ও উপকেন্দ্র নির্মাণ)	কিঃমিঃ/ সংখ্যা	লাইন-১০৬৬০কিঃমিঃ নতুন উপ-কেন্দ্র-৩১, ক্ষমতা বর্ধন-১৪	৩৩২৯৮.৭৮	লাইন-১০৬৬০কিঃমিঃ নতুন উপ-কেন্দ্র-৩১, ক্ষমতা বর্ধন-১৪ (১০০%)	৩২৩৯৭.৯৭ (৯৭.২৯%)
৩৬	বিবিধ মূলধন ব্যয়	থোক	থোক	৬.৪৫	থোক (১০০%)	৪.৪৫ (১০০%)
	মোট (মূলধন ব্যয়)			**১৪৮০৮৬.৬৯**		**১৪৭১৮৫.৮৮ (৯৯.৩৯%)**
	সর্বমোট ব্যায়			**১৫১৭৮২.০০**	**১০০%**	**১৫০৭৫২.২৯ (৯৯.৩২%)**

সূত্রঃ পিসিআর।

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রযোজ্য নয়

১০। পটভূমি:

বাংলাদেশ সরকার ২০২১ সালের মধ্যে সকলের জন্য বিদ্যুৎ প্রদানের লক্ষ্য ঘোষণা করেছিল। ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটাতে এবং ২০২১ সালের মধ্যে সর্বজনীন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্য পূরণের জন্য বাংলাদেশ সরকার একটি বিস্তৃত পরিকল্পনা গ্রহণ করেছিল যাতে ২০১৫ সালের মধ্যে ১১৫০০ মেগাওয়াটের বেশি বিদ্যুৎ জাতীয়ে গ্রিডে যুক্ত করা যায়। সে অনুযায়ী গ্রামীণ এলাকায় বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে অতিরিক্ত বিদ্যুৎ যথাযথ ব্যবহারের জন্য চট্টগ্রাম-সিলেট বিভাগের ১৭টি (বর্তমানে ১৯টি) পবিসের ভৌগলিক এলাকায় "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ চট্টগ্রাম-সিলেট বিভাগীয় কার্যক্রম-২" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটির আওতায় ১০৬৬০ কি.মি লাইন নির্মাণ/ আপগ্রেডেশন/রেনোভেশন, ৫৫টি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ/ আপগ্রেডেশনের মাধ্যমে ৪.৫০ লক্ষ গ্রাহক সংযোগ প্রদানের সংস্থান ছিল। প্রকল্পের সকল কার্যক্রম বাস্তবায়ন শেষে ৩১-১২-২০১৯ খ্রিঃ. প্রকল্পটি সমাপ্ত হয়।

১১। **উদ্দেশ্য**:

- অর্থনৈতিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা;
- ১০২১০কি.মি. নতুন বৈদ্যুতিক বিতরণ লাইন নির্মাণ (৩৩ কেভি ও নিম্নতর ভোল্টেজ);
- ৪৫০ কি.মি. বৈদ্যুতিক লাইনের আপগ্রেডেশন/রেনোভেশন ;
- ৩১টি নতুন ৩৩/১১ কেভি (৩১০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ ;
- ১৪টি ৩৩/১১ কেভি (১৪০এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন ;
- ৪.৫লক্ষ গ্রাহক সংযোগ প্রদান ।

১২।প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনেরতারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃ সাঃ	বাপবিবো			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৬৮৭৩০.০০	১৬৮৭৩০.০০	-	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮	১৫ জুলাই ২০১৪		
সংশোধিত (১ম)	১৬৮৭৩০.০০	১৬৮৭৩০.০০	-	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮	২০ ডিসেম্বর ২০১৬	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে	-	-	-	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯	১৮ এপ্রিল ২০১৮	-	২৫% বৃদ্ধি
সংশোধিত (২য়)	১৫১৭৮২.০০	১৫১৭৮২.০০	-	-	জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৯	২২ আগস্ট ২০১৯	১০.০৪% হ্রাস	৩৭.৫০% বৃদ্ধি

১৩। **প্রকল্প সংশোধনের প্রধান কারণ:**

"পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ চট্টগ্রাম-সিলেট বিভাগীয় কার্যক্রম-২" শীর্ষক প্রকল্পের ডিপিপি জুলাই ২০১৪ হতে জুন ২০১৮ (৪ বছর) মেয়াদে গত ১৫-০৭-২০১৪ খ্রিঃ একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ১ম সংশোধন প্রস্তাব ২০-১২-২০১৬ খ্রিঃ বিদ্যুৎ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়। অত:পর গত ১৮-০৪-২০১৮ খ্রিঃ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বর্ণিত প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ১ বছর অর্থাৎ ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা পরবর্তীতে নিম্নোক্ত কারণে ২য় সংশোধন করা হয়:

বাস্তবায়নকাল বৃদ্ধি: ইনডোর উপকেন্দ্র নির্মাণে সীমিত সংখ্যক ঠিকাদারি প্রতিষ্ঠান রয়েছে। সরকারের ভীষণ-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রমের জন্য লাইন নির্মাণ ও উপকেন্দ্র নির্মাণ কাজ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এ ব্যাপক উপকেন্দ্র নির্মাণ কাজ বিভিন্ন প্রকল্পের মাধ্যমে একই সময়ে যুগপৎভাবে চলমান রয়েছে। উপকেন্দ্র নির্মাণ কাজে সীমিতসংখ্যক ঠিকাদারি প্রতিষ্ঠানের মধ্যেই উক্ত ব্যাপক কাজ বন্টিত হয়েছে। সীমিতসংখ্যক উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারের মাধ্যমে ব্যাপক উপকেন্দ্র নির্মাণ কাজ সম্পন্ন

করতে স্বাভাবিকের চেয়ে বেশী সময় প্রয়োজন হয়। ফলে প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ শেষ করা সম্ভব না হওয়ায় অনুমোদিত মেয়াদকাল জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ অপেক্ষা ০৬ মাস অর্থাৎ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ পর্যন্ত বর্ধিত করা হয়।

বৈদ্যুতিক লাইন পবিসওয়ারী পুনঃ:বিভাজন: মাঠ পর্যায়ে বাস্তব চাহিদার প্রেক্ষিতে মোট বিতরণ লাইনের পরিমাণ ১ম সংশোধন অপেক্ষা ১৬০ কিঃমিঃ বৃদ্ধি পেয়ে পবিস ওয়ারী নতুন ও আপগ্রেডেশন লাইন নির্মাণ লক্ষ্যমাত্রা পুনঃবিভাজন করত: প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি প্রণয়ন করা হয়েছে ।

১৪। প্রকল্পের অগ্রগতিঃ

ক্রমিক	অঙ্গের বিবরণ	অগ্রগতি
১।	১০২১০কি.মি. নতুন বৈদ্যুতিক বিতরণ লাইন নির্মাণ (৩৩ কেভি ও নিম্নতর ভোল্টেজ)	১০০%
২।	৪৫০ কি.মি. বৈদ্যুতিক লাইনের আপগ্রেডেশন/রেনোভেশন	১০০%
৩।	৩১টি নতুন ৩৩/১১ কেভি (৩১০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ	১০০%
৪।	১৪টি ৩৩/১১ কেভি (১৪০ এমভিএ) বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন	১০০%
৫।	৪.৫লক্ষ গ্রাহক সংযোগ প্রদান	১০০%

১৪.১ ভৌত অগ্রগতিঃ

১৪ .২ আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৪-১৫	৪৩৫২.০০	৪৩৫২.০০	-	৪৩৫২.০০	৪৩০৬.৭০	৪৩০৬.৭০		৪৫.৩০
২০১৫-১৬	৪২৫০০.০০	৪২৫০০.০০		৪২৫০০.০০	৪২৪৯৯.৭৯	৪২৪৯৯.৭৯		০.২১
২০১৬-১৭	৪৮০০০.০০	৪৮০০০.০০	-	৪৮০০০.০০	৪৭৯৯৯.৮৩	৪৭৯৯৯.৮৩		০.১৭
২০১৭-১৮	৩৮০০০.০০	৩৮০০০.০০		৩৮০০০.০০	৩৭৯৯৯.৮৫	৩৭৯৯৯.৮৫		০.১৫
২০১৮-১৯	১৩০০০.০০	১৩০০০.০০	-	১৩০০০.০০	১২৯৯৯.৪৯	১২৯৯৯.৪৯		০.৫১
২০১৯-২০	৪৯৪৮.০০	৪৯৪৮.০০	-	৪৯৪৬.৮৬	৪৯৪৬.৬২	৪৯৪৬.৬২		০.২৪
মোট	**১৫০৮০০.০০**	**১৫০৮০০.০০**	**-**	**১৫০৭৯৮.৮৬**	**১৫০৭৫২.২৯**	**১৫০৭৫২.২৯**		**৪৬.৫৭**

১৪.৩ প্রকল্পের বিভিন্ন অঙ্গের সমিতি ওয়ারী বাস্তবায়ন অগ্রগতির বিবরণঃ

১ ৪.৩.১ **ব্রাহ্মণবাড়িয়া পবিস:** ব্রাহ্মণবাড়িয়া পবিস এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৭২৫ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৭২৫ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ১টি, নির্মাণ সম্পন্ন ১টি ।

১৪.৩.২ **চট্টগ্রাম পবিস-১:** চট্টগ্রাম পবিস-১ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৪৯০ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৪৯০ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ১টি, নির্মাণ সম্পন্ন ১টি ।

১৪.৩.৩ **চট্টগ্রাম পবিস-২:** চট্টগ্রাম পবিস-২ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৫৭০ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৫৭০ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ৩টি, নির্মাণ সম্পন্ন ৩টি ।

১৪.৩.৪ **চট্টগ্রাম পবিস-৩:** চট্টগ্রাম পবিস-৩ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৩৩৫ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৩৩৫ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ১টি, নির্মাণ সম্পন্ন ১টি ।

১৪.৩.৫ **কুমিল্লা পবিস-১:** কুমিল্লা পবিস-১ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৩৫৩ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৩৫৩ কিঃমিঃ; বরাদ্দকৃত ক্ষমতাবর্ধন উপকেন্দ্রের সংখ্যা ১টি, নির্মাণ সম্পন্ন ১টি এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ২টি, নির্মাণ সম্পন্ন ২টি।

১৪.৩.৬ **কুমিল্লা পবিস-২:** কুমিল্লা পবিস-২ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৫২১ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৫২১ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ২টি, নির্মাণ সম্পন্ন ২টি ।

১৪.৩.৭ **কুমিল্লা পবিস-৩:** কুমিল্লা পবিস-৩ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৩৪৬ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৩৪৬ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ৩টি, নির্মাণ সম্পন্ন ৩টি ।

১৪.৩.৮ **কুমিল্লা পবিস-৪:** কুমিল্লা পবিস-৪ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৫৫২ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৫৫২ কিঃমিঃ।

১৪.৩.৯ **চাঁদপুর পবিস-১:** চাঁদপুর পবিস-১ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৩০০ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৩০০ কিঃমিঃ এবং বরাদ্দকৃত ক্ষমতাবর্ধন উপকেন্দ্রের সংখ্যা ২টি, নির্মাণ সম্পন্ন ২টি ।

১৪.৩.১০ **চাঁদপুর পবিস-২:** চাঁদপুর পবিস-২ এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৫৭৫ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৫৭৫ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ২টি, নির্মাণ সম্পন্ন ২টি ।

১৪.৩.১১ **কক্সবাজার পবিস:** কক্সবাজার পবিস এর অনুকূলে বরাদ্দকৃত বৈদ্যুতিক লাইন ৬৪৭ কিঃমিঃ, নির্মাণ সম্পন্ন ৬৪৭ কিঃমিঃ এবং বরাদ্দকৃত নতুন উপকেন্দ্রের সংখ্যা ২টি, নির্মাণ সম্পন্ন ২টি ।

